www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ...পৃঃ ১১

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership: IRS 2017

বর্ষ ৩৯ সংখ্যা ১৩ কলকাতা শুক্রবার, ২ নভেম্বর ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৬ কার্তিক ১৪২৫ দাম ৫.০০ টাকা ২৪ পাতা R. N. 37120/80

## আই বি পি এসের পরীক্ষার মাধ্যমে ৭ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে

# ১৫৯৯ স্পেশ্যালিস্ট অফিসার

দেশের ৭টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১,৫৯৯ জন স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব স্পেশ্যালিস্ট অফিসার্স ইন পারটিসিপেটিং অর্গানাইজেশনস' (সি আর পি এস পি এল-৮)' নেওয়া হবে ডিসেম্বর মাসে। প্রিলিমিনারি পরীক্ষার তারিখ ২৯ ও ৩০ ডিসেম্বর। মেন পরীক্ষা ২৭ জানুয়ারি। অনলাইন এই পরীক্ষাটি পরিচালনা করবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। এটি

### অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা ২৯ ও ৩০ ডিসেম্বর

একটি স্বশাসিত সংস্থা। বর্তমানে দেশের অধিকাংশ ব্যাঙ্কে কর্মী নিয়োগের জন্য গুরুত্বপূর্ণ বিভিন্ন প্রক্রিয়া পরিচালনা করে আই বি পি এস। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

আই বি পি এসের এই পরীক্ষায় সফল হলে স্কোর কার্ড পাবেন। ইস্যুর দিন থেকে ১ বছর এই স্কোর কার্ড বৈধ থাকবে। এরপর ব্যাঙ্কগুলি তাদের প্রয়োজন মতো নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করবে। তখন ব্যাঙ্কের বিজ্ঞাপনের উত্তরে আবেদন করতে হবে যথানিয়মে। এই স্কোর কার্ড নিয়ে সরাসরি সংশ্লিষ্ট ব্যাঙ্কে ইন্টারভিউ দিতে যেতে পারবেন। আগামী আর্থিক বছরে সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলির স্পেশ্যালিস্ট অফিসারের শূন্যপদ পূরণের জন্য এই পরীক্ষার স্কোর গ্রাহ্য হবে।

স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগের যোগ্যতা নির্ণায়ক এই লিখিত পরীক্ষায় সফল হলে যে সাতটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে

এরপর সাতের পাতায়

## প্রশিক্ষণ দিয়ে কানাড়া ব্যাঙ্কে

# ৮০০ প্রবেশনারি অফিসার

প্রশিক্ষণ দিয়ে ৮০০ প্রবেশনারি অফিসার (জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ান) নিয়োগ করবে কানাড়া ব্যাঙ্ক। প্রশিক্ষণ দেওয়া হবে ব্যাঙ্কিং ও ফিনান্সের ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে। পড়াবে বেঙ্গালুরুর মণিপাল গ্লোবাল এডুকেশন সার্ভিসেস অথবা গ্রেটার নয়ডার এন আই টি টি ই এডুকেশন ইন্টারন্যাশনাল। কোর্স সম্পূর্ণ হওয়ার পরে ডিপ্লোমাধারীদের প্রবেশনারি অফিসার পদে নিয়োগ করা হবে। প্রথমে এক বছরের প্রবেশন। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর CB/RP/1/2018.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৪০৪, তফসিলি জাতি ১২০, তফসিলি উপজাতি ৬০, ও বি সি ২১৬। এর মধ্যে ৮টি করে শূন্যপদ অস্থি, দৃষ্টি, শ্রবণ ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায়

এরপর সাতের পাতায়

ভেতরের পাতায়

**গ্রামীণ উন্নয়নের পেশাদার**
রুর‍্যাল ডেভেলপমেন্ট-সংক্রান্ত দু'টি কোর্সে ভর্তি নিচ্ছে হায়দরাবাদের ন্যাশনাল ইনস্টিটিউট অব রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড পঞ্চায়েতি রাজ। আবেদন করতে পারেন এখনই। ...পৃঃ ৯

**ভিডিওগ্রাফি ও ওয়েব ডিজাইনিংয়ের কোর্স**
১ বছরের ডিপ্লোমা কোর্স পড়া যাচ্ছে ভিরোজিও মেমোরিয়াল কলেজে। রয়েছে স্টাইপেন্ড পাওয়ার সুযোগ। ভর্তির জন্য এখনই আবেদন করা যাচ্ছে। ...পৃঃ ১২

**কেন্দ্রীয় সরকারে স্টেনোগ্রাফার পরীক্ষার ধরনধারণ ও সিলেবাস** ...পৃঃ ১০

**ডিজাইনিংয়ের পেশা**
উচ্চমাধ্যমিকের পরই পড়তে পারেন ডিজাইনের ৪ বছরের স্নাতক কোর্স। ভর্তি নিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব ডিজাইন এবং ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি। ভর্তির জন্য আবেদন করতে পারেন এখনই। ...পৃঃ ১৩

**পাট থেকে কাগজ তৈরি শিখে ব্যবসার সুযোগ** ...পৃঃ ৯

আরও অনেক চাকরির খবর

# আর্মি নেভি এয়ারফোর্সে কয়েকশো অফিসার

### কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস পরীক্ষা ৩ ফেব্রুয়ারি

আর্মি, নেভি ও এয়ারফোর্সে অফিসার র‍্যাঙ্কে চাকরির জন্য ট্রেনিং দিয়ে কয়েকশো তরুণ-তরুণী নেওয়া হবে। গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। মহিলারা কেবলমাত্র অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য আবেদন করতে পারবেন। প্রথমে ট্রেনিং। সফল হলে চাকরি। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (১), ২০১৯-এর মাধ্যমে। পরীক্ষা হবে ৩ ফেব্রুয়ারি।

এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট ডিগ্রি। ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে থাকা চাই। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। শুধুমাত্র তরুণরা আবেদন করবেন। ২৫ বছরের কমবয়সি প্রার্থীদের অবশ্যই অবিবাহিত হতে হবে।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি ও অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমির জন্য কেবলমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে শর্ট সার্ভিস কমিশন কোর্সটির জন্য অবিবাহিত তরুণরা

এরপর পাঁচের পাতায়

## রাজ্য পোস্টাল সার্কেলে

# ২৬৬ পোস্টম্যান

পোস্টম্যান/মেলগার্ড পদে ২৬৬ জনকে নিয়োগ করবে কেন্দ্রের ডাক বিভাগ। নিয়োগ করা হবে পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলের অন্তর্গত বিভিন্ন ডিভিশন ও ইউনিটে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Rectt/X-16/DR/2017-18.

মোট শূন্যপদ: ২৬৬টি। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ১৫৮, তফসিলি জাতি ৬৯, তফসিলি উপজাতি ৩৯)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং অস্থিসংক্রান্ত (একটি হাত ক্ষতিগ্রস্ত বা পেশির দুর্বলতা আছে) প্রতিবন্ধী; ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-ফোর ও দৈহিক প্রতিবন্ধী-

এরপর সাতের পাতায়

# ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনে ৫২৩ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৫২৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে সাতটি রাজ্য ও দু'টি কেন্দ্রশাসিত অঞ্চলে এই ট্রেনিং হবে। টেকনিক্যাল ট্রেড অ্যাপ্রেন্টিসেস, নন-টেকনিক্যাল ট্রেড অ্যাপ্রেন্টিসেস-অ্যাকাউন্ট্যান্ট এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসেস শাখায় ট্রেনিং দেওয়া হবে বিভিন্ন ট্রেডে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: IOCL/MKTG/NR/APPR.2018-19/1.

রাজ্য অনুসারে আসন— **চণ্ডিগড়:** ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। **দিল্লি:** ৬৫টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৭)। **হরিয়ানা:** ৭৩টি (সাধারণ ৪৩, তফসিলি জাতি ১৩, ও বি সি ১৭)। **হিমাচল প্রদেশ:** ১৩টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, ও বি সি ২)। **জম্মু-কাশ্মীর:** ১৩টি (সাধারণ ১১, ও বি সি ২)। **পঞ্জাব:** ৭০টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ১৮, ও বি সি ১৩)। **রাজস্থান:** ৭৪টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৯, ও বি সি ১৪)। **উত্তরপ্রদেশ:** ১৯২টি (সাধারণ ১০২, তফসিলি জাতি ৩৯, ও

এরপর পাঁচের পাতায়

# আর্মিতে উচ্চমাধ্যমিক

### বিজ্ঞান শাখায় ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ তরুণরা আবেদন করবেন

ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ৯০ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পার্মানেন্ট কমিশনে। শুধু অবিবাহিত তরুণরা আবেদন করবেন। ৪১তম কোর্সে ট্রেনিং শুরু হবে ২০১৯-এর জুলাই মাসে।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স,

এরপর পাঁচের পাতায়

**Foresight Edutech (P) Ltd.**

মাধ্যমিক থেকে উচ্চ মাধ্যমিক যোগ্যতায় Airlines, Hotel এবং Tourism এ Management করে নিশ্চিত ভবিষ্যৎ গড়ে তুলুন

- Airport Management : 1Year 6Months.
- Diploma in Hotel & Hospitality Management : 1Year.
- Diploma in Travel and Tourism Management : 6Months.
- Ground Staff Management : 1Year, Certificate course in Air-fare & Ticketing.
- Diploma in Fashion Designing & Office Management
- NSDC Approved Course :
- Certificate course - Business Executive (Banking, Tally with GST, Accounting & Office management Skill)
- Certificate course - Medical & Nursing.

প্রশিক্ষণ ও চাকরি স্টার গ্রেডের হোটেল, Airlines



OPPERTUNITIES
- Exclusive tie up with Hotels & Ground Staff.
- Special Scholarship of Students within 10/11/18
- Payment in every Moderate EMI rates.

Condition Apply

**Foresight Edutech (P) Ltd.**
৭৩৮, ডায়মন্ডহারবার রোড, কলকাতা-৮, বেহালা চৌরাস্তা (এডুকেশন ডেভলপমেন্ট করপোরেশন)
৩৬সি, হালদার পাড়া রোড, হাজরা, কলকাতা-২৬ (কালীঘাট মেট্রো স্টেশনের পাশে)
8335069138 / 8335069131 / 8335069161

# সেইলে ২২৭ ট্রেনি টেকনিশিয়ান, ট্রেনি নার্সিং সিস্টার, সিস্টার টিউটর

২২৭ জন কর্মী নেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া (সেইল)। নিয়োগ হবে ওড়িশার রাউরকেল্লা স্টিল প্লান্টে নিয়োগ হবে অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি ও অপারেটর-কাম-টেকনিশিয়ান (বয়লার অপারেটর) পদে এবং ইস্পাত জেনারেল হাসপাতালে সিস্টার টিউটর ও নার্সিং সিস্টার ট্রেনি পদে।

**শূন্যপদের বিবরণ:** অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি: ১৭০টি। শাখা অনুসারে শূন্যপদ: মেকানিক্যাল: ৭০টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৯)। এর মধ্যে ৩টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। মেটালার্জি: ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৬)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিক্যাল: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রনিক্স: ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। ইনস্ট্রুমেন্টেশন: ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। মোট শূন্যপদের মধ্যে ২৫টি প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং

এরপর চব্বিশের পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




# কর্মক্ষেত্র

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ১৩ □ ২ নভেম্বর ২০১৮

**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in


## কর্মখালি

**আর্জেন্টি ভ্যাকেন্সি**
**সমগ্র পঃ বঙ্গে M/F-দের**
**AIRPORT, METRO**
**ও PVT BANK-এ গ্যারান্টি**
**দিয়ে স্পট জয়েনিং**

সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রো ব্যাঙ্ক (DSA) সংস্থায় পার্মানেন্ট জব। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 48,900/-, বয়স: 18-45, PF, OT, ESI-সহ থাকা-খাওয়ার ব্যবস্থা। দিশা কর্পোরেট, Mob: 89021-19303. Website: www.dishacorporate.com

□

NGO পরিচালিত সরকারি সাহায্যপ্রাপ্ত বাচ্চাদের হোমে আবাসিক শিক্ষক চাই। শিক্ষাগত যোগ্যতা: B.A, B.SC, B.COM, ফিল্ড-ওয়ার্কার ও সিকিউরিটি গার্ড অষ্টম শ্রেণী /Madhyamik / H.S আবাসিক পুরুষ প্রার্থী প্রয়োজন। বিজ্ঞাপন প্রকাশের ১৫ দিনের মধ্যে আবেদনপত্র পাঠাতে হবে। সাহারা হেলথ এডুকেশন সোসাইটি, ডিফেন্স পার্ক, ময়নাগড়, কলকাতা-৭০০ ১৪১।

□

ASTO Micro Finance সংস্থায় কর্মস্থলে থাকিয়া H.S Pass Loan Officer চাই। বয়স: 30-এর মধ্যে। বেতন: 7,800/- (P.F + E.S.I), Male/Female কর্মী চাই বেলঘরিয়া। Ph: 75968-48016, 98367-70140. 8, Sebadal Road, Belgharia.

□

বর্ধমানে অফিসে Computer & Online কাজে অভিজ্ঞ ও অফিস স্টাফ চাই। স্নাতক + 6-9,000/-, NSI, G.S.Rd, বর্ধমান: 90025-84868.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৫ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৬ নভেম্বর কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১২ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

**কর্মক্ষেত্র**

কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

**BSNL/VODA/JIO**

**কাস্টমার কেয়ারে (10-6 PM)** রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), বেতন শুরু: 12,700/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

**Require trainer for Tourism and** Hospitality, Computer, HR, Telecaller, Receptionist with good communication skill, Hostel Warden (M/F). DataPro, Barasat-700 147. datapro.govtproject@gmail.com 70473-72288.

□

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**

**বেতন: 10,600/- – 28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**JOB VACANCY**

**Govt. Reg-L/No-1860A,** সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিং মল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে (৮ম-উচ্চশিক্ষিত) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: (11,200-29,500) কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। DJS, ডালহৌসি, কল-১। (M): 97343-13638 / 86954-99063.

□

**আর্জেন্টি ভ্যাকান্সি**

**উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলায়** বেকার ছেলেমেয়েদের বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে Airport, Metro ও ব্যাঙ্ক (DSA)-তে স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। বেতন: 16,000/- – 35,000. D.J.S.C, সোদপুর, কলি-110. DJSC: 74679-29410.

□

**SBI / VODA / JIO 4G**
**কাস্টমার কেয়ারে**

**ইনকামিং কল রিসিভ করে সঠিক তথ্য** প্রদানের জন্য বাংলাভাষী ছেলেমেয়েদের স্পট সিলেকশন চলছে। যোগ্যতা: MP-Graduate (18-35), বেতন: যোগ্যতানুসারে INC + OT+ BONUS-সহ 11,200/- ও অন্যান্য সুবিধা। প্রয়োজনে কাজ শিখে জয়েনিং। IIFA, Kol-28. দমদম (H.O.): 84206-66060, গড়িয়া: 90020-33880, দমদম (উঃ): 99032-23211, শিলিগুড়ি: 98307-71003, বর্ধমান: 98301-88881.

□

**BANK KYC-তে 27 জন**

**স্থায়ীপদে Database maintain করতে** ন্যূনতম H.S পাশ (18-30) কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8,345-11,670, Innovative Technology, Dunlop, Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

## কর্মখালি

**SBI / HDFC / UCO-ব্যাঙ্ক KYC / DOC** ভেরিফিকেশন কাজের জন্য স্মার্ট বাংলাভাষী 454 জন M/F অফিসিয়াল পদে সরাসরি নিয়োগ। যোগ্যতা: MP-MA (18-36), বেতন: 10,846/- – 32,550/- (PF + ESI + INC + OT + TA) W2C, Kol-56. দমদম / বেলঘরিয়া: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 90629-77779, ব্যারাকপুর / কল্যাণী: 91632-90343.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

**ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে** অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 85838-65904 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 70443-81672 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 সোনারপুর ও গড়িয়া: 86976-16100 বজবজ ও বালিগঞ্জ: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 80174-18654 বসিরহাট ও এয়ারপোর্ট: 84208-88113 Need Counseling, ডানলপ-108.

□

**শীঘ্রই যোগাযোগ করুন**

**www.gcagroup.co.in** ৮র্থ-বি.এ যোগ্যতায় WB-এর প্রতিটি জেলায় (BANK) DSA, শপিং মল, ATM, কনস্ট্রাকশন, 4G টাওয়ার, MNC-তে (11,700/- – 28,500/-) বেতনে অফিসিয়াল বিভিন্ন পদে ESI ও PF-সহ স্থায়ী কাজে M/F চাই। N. D, সেন্ট্রাল অ্যাভেনিউ, কলি-৭। (M): 77978-39612 / 87687-70461.

## স্কুল-কলেজ শিক্ষা

**C.I.M.S.T.**

**G.N.M., B.Sc. নার্সিং-এ 2018-তে** ভর্তির শেষ সুযোগ- D.M.L.T, X-Ray, ফিজিওথেরাপি, O.T, Scan, M.R.I, (Regular / Part). D.H.M.S, I.C.U, E.C.G, D.A.M.S., D.Opt. Dialysis কোর্সে ভর্তি। (M): 93310-62421. Campus: 126B, Raja Rammohan Sarani, Kol-9. শিয়ালদা পূরবী সিনেমার কাছে। www.cimst.org.in

□

**কম্বাইন্ড কোর্স (WBCS, PSC, SSC,** ব্যাঙ্ক, রেল, স্পোকেন ইংলিশ ইত্যাদি) প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট সুপ্রতিষ্ঠিত। কেবলমাত্র ছাত্রীরাই যোগাযোগ করবে। পি. মুখার্জি, হাওড়া শিবপুর। 90075-34791, 90731-76083.

□

**টিচার্স ট্রেনিং**

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

**350 টাকা মাসে PSC, RAIL FOOD,** SI, SSC, MATH, GI, GK পড়ানো হয়। শিয়ালদহ, ঢাকুরিয়া, Kol-31, P.A. 98046-61270.

□

**WB নার্সিং মেরিট লিস্টে নাম ওঠেনি? চিন্তা নেই।**

**B.Sc ও GNM-এ সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ করুন। Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-১৪৪। 98303-88027 / 85849-23750.

□

**NSOU, SVSU**

**BA, B.Com, B. Sc, M.A, M. Com,** M.Sc, B.LIS, M.LIS, BBA, MBA, BCA, MCA, B.Ed, B.P.Ed, LL.B, LL.M, Distance Regular কোর্সে ভর্তি চলছে। সোপান, নৈহাটি, 90073-91650.


**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কলকাতা পুলিশে
# ১২৫ সিভিক ভলান্টিয়ার

১২৫ জন সিভিক ভলান্টিয়ার নেবে কলকাতা পুলিশ। নিয়োগ করা হবে কলকাতা পুলিশের ডিজাস্টার ম্যানেজমেন্ট গ্রুপ, রিভার ট্রাফিক পুলিশ এবং পুলিশ সার্ভিস ডিপোয়। প্রথমে ২ সপ্তাহের ট্রেনিং। মহিলারাও আবেদন করতে পারেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: FRC/Recruit/10/2018.

**শূন্যপদের বিবরণ:** ডিজাস্টার ম্যানেজমেন্ট গ্রুপ: ১০০টি, রিভার ট্রাফিক পুলিশ: ১০টি, পুলিশ সার্ভিস ডিপো: ১৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট, সঙ্গে সাঁতার, উদ্ধারকাজ, ক্লাইম্বিং, ইলেক্ট্রিক, প্লাম্বিং, মোটর মেকানিজ্ম, ওয়েল্ডিং, কাটিং, কার্পেন্ট্রি, পেইন্টিংয়ের কাজ জানা থাকতে হবে। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। খেলাধুলায় পারদর্শী হলে এবং এন সি সি ক্যাডেট বা বয় স্কাউট বা এন এস এস গাইড বা সিভিল ডিফেন্স ভলান্টিয়ার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। কলকাতা পুলিশের আওতাধীন এলাকার স্থায়ী বাসিন্দারা অগ্রাধিকার পাবেন। **বয়স:** ১-১-২০১৮ তারিখে ২০ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে, কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, নির্বাচিত প্রার্থীরা কলকাতা পুলিশ বা রাজ্য সরকারের অন্য কোনও দপ্তরে এই নিয়োগকে স্থায়ী চাকরি বলে দাবি করতে পারবেন না।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.kolkatapolice.gov.in দরখাস্তের বয়ান এ-ফোর মাপের কাগজে প্রিন্ট করিয়ে নেবেন। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓যথাযথ কর্তৃপক্ষের থেকে পাওয়া স্পোর্টস সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন: APPLICATION FOR THE POST OF CIVIC VOLUNTEER. দরখাস্ত নির্দিষ্ট ঠিকানায় রাখা ড্রপ বক্সে ৫ নভেম্বরের (বিকেল ৫টার) মধ্যে সরাসরি গিয়ে জমা দিতে হবে। দরখাস্ত জমা দেওয়ার ঠিকানা: Deputy Commissioner of Police, Combat Battalion, Kolkata, 247, A.J.C. Bose Road, Kolkata-700 027.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in



## স্বর্ণাক্ষরের বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

www.banglajobguide.tk    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# অটোম্যাটিক পাউচ প্যাকিং মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



নিজস্ব প্রতিনিধি: এই মেশিনের সাহায্যে দুধ, ঘি, তেল, মধু, মিনারেল ওয়াটার প্রভৃতি তরল পদার্থ পাউচ প্যাকিং করে বাজারে বিক্রি করতে পারেন বা অর্ডার অনুযায়ী সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** এই মেশিনে একটি ট্যাঙ্ক থাকে। প্রথমে দুধ, ঘি, তেল, জল যে জিনিসেরই পাউচ প্যাকিং করতে চান, ট্যাঙ্কে পছন্দমতো সেই জিনিস ঢেলে ভর্তি করে দিতে হবে। এবার মেশিন চালু করে দিন। মেশিনের মধ্যে একটি পাম্প আছে। আপনি ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ২০০ গ্রাম বা যে ওজনের তরল প্যাকিং করতে চান, সেই অনুযায়ী মেশিনকে চিহ্নিত করে দিলে পাম্পের লক্টা সেই ওজন অবধি গিয়ে বন্ধ হয়ে যাবে। এবার সম্পূর্ণ স্বয়ংক্রিয়ভাবে মেশিনের নির্দেশ অনুযায়ী নির্দিষ্ট পদ্ধতিতে পছন্দমতো ওজনের তরল পাউচ প্যাকিং হয়ে চেনের আকারে বেরিয়ে আসতে থাকবে। এই মেশিনটির জন্য ½ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটর-সমেত ৩০০ গ্রাম অবধি ক্ষমতাসম্পন্ন অটোম্যাটিক এই মেশিনটির দাম পড়বে ১ লাখ ৩০ হাজার টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

☐ *আমি কুশের কাজ-সহ পাটের ব্যাগ তৈরি শিখতে চাই। কোথায় শেখানো হয় এবং শেখার জন্য কত খরচ লাগবে জানাবেন। —সুচিত্রা মাইতি, আরামবাগ, হুগলি।*

☐☐ কেন্দ্রীয় সরকারের সংস্থা ন্যাশনাল ইনস্টিটিউট অব রিসার্চ অন জুট অ্যান্ড অ্যালায়েড ফাইবার টেকনোলজি কুশের কাজ সহ পাটের ব্যাগ তৈরির প্রশিক্ষণ দেয়। পরবর্তী ব্যাচের প্রশিক্ষণ আয়োজিত হবে ২৬ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত। ব্যাগ-সহ অন্যান্য নানা হস্তশিল্পসামগ্রী তৈরির প্রশিক্ষণও দেওয়া হবে একইসঙ্গে। সকাল ১০টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ক্লাস। ফি ১,২০০ টাকা। প্রশিক্ষণ হবে কলকাতার রিজেন্ট পার্কে সংস্থার ক্যাম্পাসে। দৈনিক ৫০ অথবা ১০০ টাকার বিনিময়ে প্রতিষ্ঠানের হস্টেলে থেকেও প্রশিক্ষণ নেওয়ার সুযোগ আছে। প্রশিক্ষণ শেষে কেন্দ্রীয় সরকারের সার্টিফিকেট পাওয়া যাবে। ভর্তির জন্য এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ১২, রিজেন্ট পার্ক (রানীকুঠি বাসস্টপের কাছে), কলকাতা-৪০। ফোন: ৯০৬২১-৩২৫২০।

☐ *নার্সারির ব্যবসা করতে চাই। কোথাও নার্সারি তৈরির প্রশিক্ষণ দেওয়া হয় কি? —শ্রীকান্ত নাগ, সোদপুর, উত্তর ২৪ পরগনা।*

☐☐ কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বয়স্ক শিক্ষাকেন্দ্রে নার্সারি তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। যোগাযোগের ঠিকানা: বয়স্ক শিক্ষাকেন্দ্র, কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী, নদিয়া। ফোন: ২৫৮০-৮৩৭১, ৯৪৩৩৩ ৪২২৮৬।

☐ *আমি কৃষ্ণনগরের বাসিন্দা। কৃষ্ণনগর থেকে নবদ্বীপ, মায়াপুর সহ আরও অনেকগুলো বেড়ানোর জায়গা আছে। আমার দ্বিতল বাড়ি। দ্বিতীয়তলে হোম স্টে তৈরি করতে চাই। এক্ষেত্রে সরকারি নিয়মকানুন সম্পর্কে জানতে চাই। কীভাবে জানা যাবে? —নাম প্রকাশে অনিচ্ছুক, কৃষ্ণনগর, নদিয়া।*

☐☐ আপনার হোম স্টে ব্যবস্থাটি কেন্দ্রীয় সরকারের পর্যটন বিভাগের তালিকাভুক্ত হতে হবে। এজন্য দরখাস্ত করতে হবে পর্যটন বিভাগের কলকাতা অফিসে। গুগলে 'Incredible India Bed & Breakfast Guidelines' লিখে সার্চ করলে সরকার স্বীকৃত হোম স্টে-র মর্যাদা পাওয়ার শর্তাবলি পাবেন। একইসঙ্গে পাবেন আবেদনের ফর্ম। এটির প্রিন্ট আউট নিয়ে পূরণ করবেন। জমা দেবেন এই ঠিকানায়: ইন্ডিয়া ট্যুরিজম, ৪, এমবাসি বিল্ডিং, শেক্সপিয়ার সরণী (মিডলটন রো), কলকাতা-৭১। ফোন: ২২৮২-৫৮১৩।

☐ *কোথা থেকে পাইকারি দরে বিভিন্ন প্রজাতির রঙিন মাছ কিনতে পাওয়া যাবে? আমি রঙিন মাছের ব্যবসায় আগ্রহী। —সজল কর্মকার, বেনাচিতি, বর্ধমান।*

☐☐ কলকাতার গালিফ স্ট্রিটে প্রতি রবিবার রঙিন মাছের হাট বসে। এখান থেকে দেশের বিভিন্ন জায়গায় রঙিন মাছের বিপণন হয়। কিনতে পাওয়া যাবে পাইকারি দরে।

**বেলডাঙ্গা পৌরসভা**
নিয়োগ সংক্রান্ত মূল বিজ্ঞপ্তি
মেমো নং - 2634/E-02/BM/I-7/2018/En
তাং - 12.09.2018 এর
তৃতীয় সংশোধনী
আবেদনপত্র জমা করিবার শেষ দিন ৩০/১১/২০১৮ তারিখ বিকেল ৫:০০ টা পর্যন্ত বর্ধিত হইল।
স্বাক্ষর /-
ভরত কুমার ঝাওর
পৌরপ্রধান, বেলডাঙ্গা পৌরসভা

GNM, B.Sc নার্সিং এ ভর্তি (ব্যাঙ্গালোর)
**VISWA BHARATI TRUST**
SRI SHARADA NURSING COLLEGE (B.Sc)
VISWA BHARATI SCHOOL OF NURSING (G.N.M)
যোগ্যতা: H.S (35%-45%) যে কোন শাখার
100% LOAN & PLACEMENT HELPING
কেন VISWA BHARATI TRUST
1. কলেজে নিজস্ব হসপিটাল
2. কলেজে 60%-80% রেজাল্ট
3. Special Spoken English Class
4. বাঙালী খাবার 1day Fish, 2days Egg, 1day Chicken
B.Ed, D.El.Ed (W.B)
ঘোষ এডুকেশন সেন্টার
H.O. : দমদম : 7797314385 / 9609440908
কামারপুকুর (আরামবাগ) : 7047093097
জলপাইগুড়ি : 9681176207

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট
ESTD.-1920
ট্রেনিং পার্টনার অফ
ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)
Skill India
N.S.D.C National Skill Development Corporation — Transforming the skill landscape

TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280
DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682
AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP : 9903967142 • RAJARHAT : 9903967146
** COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY (RECOGNISED BY UGC-DEB)

• ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
• কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং
• নেটওয়ার্ক এক্সপার্ট *
• রাউটিং সুইচিং এক্সপার্ট *
• ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং *
• মোবাইল অ্যান্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
• স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান *
• অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
• এসি অ্যান্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং
• ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
• সিভিল কনস্ট্রাকশন টেকনোলজি
• সিভিল ড্রাফটসম্যানশিপ (ক্যাড সহ)
• সিসিটিভি টেকনিশিয়ান *

যোগ্যতা ক্লাস X/XII বোর্ড পরীক্ষা

• চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং *
• ডিজিটাল মিডিয়া অ্যান্ড মার্কেটিং *
• অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যান্ড ব্যাক) *
• প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী
• সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট * (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)
• কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড প্রোগ্রামিং
• কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড অফিস ম্যানেজমেন্ট *
• স্টেনোগ্রাফি *
• অ্যাডভান্সড এক্সেল *
• ডট নেট টেকনোলজি *
• ডিপ্লোমা কোর্স ইন রিটেল ম্যানেজমেন্ট
• সার্টিফিকেট কোর্স ইন রিটেল ম্যানেজমেন্ট
• অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি *
• অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি *

• অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ *
• ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
• ডিপ্লোমা ইন রিনাল ডায়েলেসিস টেকনিশিয়ান
• ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান
} স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি, পঃ বঃ সরকার দ্বারা অনুমোদিত
• ইন্টিরিয়র ডিজাইন, ডেকোরেশন অ্যান্ড সাইট সুপারভাইজার (Godrej Interio)
• ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
• অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
} পার্ক স্ট্রিট কেন্দ্র
• আই এফ বি ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং (IFB দ্বারা পরিচালিত)
• টিভিএস অটোমোবাইল টেকনিশিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
• গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়াশিং মেশিনস
• ক্যারিয়র মাইডিয়া এয়ার কন্ডিশনারস এন্ড অ্যাপ্লায়েন্সেস কোর্স (Carrier Midea, India দ্বারা পরিচালিত)
• অটোমোবাইল ইলেকট্রনিক্স অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
• ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)

অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ www.georgetelegraph.org
6/12/24 EMI, Zero Processing Fee (Only Sealdah Centre) BAJAJ FINSERV
Dhaka(Bangladesh) : 01709380048

প্রধান ট্রেনিং সেন্টার শিয়ালদা ✆ 8336939682/83/84/85, 22272605, 24851214
অ্যাডমিশন হেল্পলাইন : 9836428285 • WhatsApp 8336939684

CENTRES
আগরতলা 09436139307
■ আলিপুরদুয়ার 9836408027
■ আন্দুল 8334975533
■ আসানসোল (0341)2302897
বেলঘড়িয়া (টেক্সম্যাকো) 9830780280
■ বাগনান 9051110638
■ বালুরঘাট 9674165418
■ বোলপুর 9073333262
■ বারাসাত (চাঁপাডালি রোড) 9674165589
■ বারাসাত (যশোর রোড) 8336911041
■ বেহালা 9836616668
■ বহরমপুর 9674165587
■ বনগাঁ 9836717783
বাঁকুড়া 9932870010
ব্যারাকপুর (ফিউচার হোপ) 9830596844
বর্ধমান (0342)2560398
■ কাঁথি 9674165582
■ কুচবিহার 9674165586
কটক (0671)2312666
■ দুর্গাপুর 9051111246
ডাকঘর 8017522288
ডায়মন্ড হারবার 8017522287
গুয়াহাটি 9127066277
গার্ডেনরিচ 9230613574
■ হরিপাল 9874136799
হাবড়া 9093037766
হলদিয়া 9732727609
■ জয়নগর 9836666773
জলপাইগুড়ি 9434154082
■ কল্যাণী 9674165588
■ কৃষ্ণনগর 9674162462
কোন্নগর 9007129736
খোসবাগ 9635735382
কাকদ্বীপ 9830077802
■ খড়্গপুর 9073610876
■ লিলুয়া (হাওড়া) 9830136688
■ মালবাজার 9674165584
■ মালদা 9674165585
■ মেদিনীপুর 8335062606
মেমারি 8777687853
পাণ্ডুয়া 9831840004
■ পুরুলিয়া 9051110498
■ রায়গঞ্জ 9830680900
রাজারহাট 6290271014
■ শিলিগুড়ি 8335051715
■ সোনারপুর 9830720005
সিউড়ি 9475074332
তমলুক 9735521383
ঠাকুরপুকুর 8017522286
Interior Design
পার্ক স্ট্রিট 9073610877
Beauty
■ ভবানীপুর 9073952154
গার্ডেনরিচ 6290939559
জলপাইগুড়ি 8158806115
নাকতলা 9831166575
Paramedical
বারাসাত 9073952156
■ বেহালা 8336911653
কামারকুন্ডু 9434021033
সোনারপুর 9073727474
■ লিলুয়া 9830136688
Smart Centre
দমদম 9748999933
গড়িয়া (বড়াল) 9903660200
■ শ্রীরামপুর 9073610884
■ বর্ধমান 8335053588
নাকতলা 9831166575

e-mail : queries@georgetelegraph.org
Website : www.georgetelegraph.org

Franchise enquiry : 9051921190 • e-mail: atcoperations@georgetelegraph.org

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৯ অক্টোবর-২১ অক্টোবর

**৯ অক্টোবর** রাষ্ট্রপুঞ্জে মার্কিন দূত নিকি হ্যালি ইস্তফা দিলেন। যদিও মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের ঘনিষ্ঠ বলে পরিচিত হ্যালির সরে যাওয়া নিয়ে জল্পনা শুরু হয়েছে। এ দিন হ্যালির ইস্তফার কথা ঘোষণা করে ট্রাম্প বলেন, 'অনেক দিন ধরেই উনি আমাকে বলছিলেন, এ বছরের শেষে দায়িত্ব থেকে অব্যাহতি পেলে ভালো হয়। তাঁর সেই ইচ্ছেকে মর্যাদা দিতেই এই সিদ্ধান্ত। নিকির মতো কর্মনিষ্ঠ মানুষ আমার টিমে সম্পদ। আশা করি, অদূর ভবিষ্যতেই তিনি আবার হোয়াইট হাউসে ফিরে আসবেন।'

## অর্থনীতিতে নোবেল পেলেন নদর্ডাস ও রোমার



*পল এম রোমার এবং উইলিয়াম ডি নদর্ডাস*

**৮ অক্টোবর:** অর্থনীতিতে এ বছর নোবেল পেলেন ইয়েল বিশ্ববিদ্যালয়ের ৭৭ বছর বয়সি অধ্যাপক উইলিয়াম ডি নদর্ডাস এবং নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ের ৬২ বছরের পল এম রোমার। অর্থনীতির বৃদ্ধি জলবায়ুর উপর কী ভাবে প্রভাব ফেলে, আর জলবায়ুর পরিবর্তন কী ভাবে প্রভাবিত করে বৃদ্ধির হারকে, এই প্রশ্নগুলির উত্তর খুঁজতে গিয়েই এই দুই গবেষক অর্থনীতিবিদ পেলেন অর্থনীতির নোবেল।

**১০ অক্টোবর** উত্তরপ্রদেশের রায়বরেলীর কাছে হরচন্দ্রপুর স্টেশনে ঢোকার মুখে লাইন থেকে ছিটকে গেল নয়াদিল্লিগামী ১৪০০৩ নিউ ফারাক্কা এক্সপ্রেসের ইঞ্জিন-সহ পাঁচটি কামরা। সরকারিভাবে ৬ জনের মৃত্যু হয়েছে ও ২০ জন আহত হয়েছেন বলে জানানো হয়েছে। কামরাগুলি একে অন্যের উপর উঠে যাওয়ায় সেগুলির নীচে আরও মৃতদেহ থাকতে পারে বলে আশঙ্কা করা হয়েছে। মৃতরা অধিকাংশই বিহারের বাসিন্দা বলে জানিয়েছে রেলমন্ত্রক।

**প্যারা এশিয়ান গেমসের পঞ্চম দিনে** রিকার্ভ তিরন্দাজিতে হরবিন্দর সিং দেশের জন্য সোনা আনলেন। একই দিনে, যুব অলিম্পিক্সের এয়ার পিস্তল বিভাগে সোনা জিতল ভারতের সৌরভ চৌধুরি।

**১১ অক্টোবর** ওড়িশার দক্ষিণ উপকূলে আছড়ে পড়ে আট জনের প্রাণহানি ঘটাল ঘূর্ণিঝড় তিতলি। মৃতদের মধ্যে ছ'জন মৎস্যজীবী। গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে তাঁদের মৃত্যু হয়েছে। প্রবল বাতাস ও বৃষ্টিতে ওড়িশা ও অন্ধ্রপ্রদেশের জনজীবন বিপর্যস্ত হয়েছে।

**গঙ্গা নদী রক্ষার জন্য আইন প্রণয়নের** দাবিতে চার মাস ধরে অনশন করে প্রয়াত হলেন প্রবীণ পরিবেশ কর্মী জি ডি আগরওয়াল (৮৭)। গত ২২ জুন থেকে অনির্দিষ্টকালের জন্য অনশনে বসেছিলেন অশীতিপর এই আন্দোলনকারী। চিকিৎসকদের দাবি, এ দিন হৃষীকেশের এইমস হাসপাতালে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয় তাঁর। কানপুর আইআইটি-র এই প্রাক্তন অধ্যাপক এক সময় 'সেন্ট্রাল পলিউশন কন্ট্রোল বোর্ড'-এর সচিবও ছিলেন। অতীতে নদীর সুরক্ষার দাবিতে একাধিক অনশন আন্দোলন করেছেন তিনি। ২০০৯ সালে তাঁর অনশনের জন্য ভাগীরথী নদীতে একটি বাঁধ নির্মাণ স্থগিত হয়ে যায়।

**১২ অক্টোবর** পরের তিন বছরের জন্য রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার পরিষদের সদস্য হিসেবে নির্বাচিত হল ভারত। রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভার ১৯৩টি সদস্য দেশ এই নির্বাচনে অংশ নেয়। মানবাধিকার পরিষদের সদস্য হিসেবে নির্বাচিত হতে গেলে কমপক্ষে ৯৭টি দেশের ভোট প্রয়োজন। গোপন ব্যালটে ১৮টি দেশ নতুন সদস্য হিসেবে নির্বাচিত হয়েছে।

## দূতাবাসেই খুন খাসোগিকে, স্বীকার সৌদির




**২০ অক্টোবর:** ক্রমাগত অস্বীকার করার পর সৌদি আরব স্বীকার করে নিল, ইস্তানবুলে তাদের দূতাবাসের ভেতরেই মৃত্যু হয়েছে সাংবাদিক জামাল খাসোগির। বিবৃতিতে সৌদি কর্তৃপক্ষ দাবি করেছে দূতাবাসের কর্মীদের সঙ্গে হাতাহাতির সময় মৃত্যু হয় তাঁর। তুরস্ক শুরু থেকেই দাবি করে এসেছিল নিখোঁজ নয়, সৌদি সাংবাদিককে খুন করা হয়েছে। যে দাবি এতদিন বার বার অস্বীকার করেছে সৌদি প্রশাসন। সেটাই এ দিন স্বীকার করে নেওয়ার সঙ্গে সঙ্গেই আরও অনেক প্রশ্ন উঠে এসেছে এই প্রসঙ্গে। যদিও সৌদি কর্তৃপক্ষ জানিয়েছে, তারা ইতিমধ্যেই তদন্ত চালিয়ে দুই শীর্ষস্থানীয় প্রশাসনিক কর্তাকে বরখাস্ত করেছে। আরও ১৮ জনকে বন্দি করা হয়েছে। তুরস্ক জামাল খাসোগির মৃত্যুর বিচার তাদের আদালতে করার দাবি জানিয়েছে।



"আমাদের হাতে আরও গুরুত্বপূর্ণ কাজ আছে। জানুয়ারিতে লিস্টিং করা হোক। তখন মামলা শুনব। শুনানি কী ভাবে ও কোন বেঞ্চে হবে, তা-ও ধার্য করা হবে।"

**বিচারপতি রঞ্জন গগৈ,** *সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি*

রামমন্দির মামলার শুনানি পিছিয়ে দিয়ে

**১৩ অক্টোবর** ভারতীয় ধ্রুপদী সঙ্গীতের প্রখ্যাত শিল্পী অন্নপূর্ণা দেবী (৯১) প্রয়াত হলেন। বার্ধক্যজনিত রোগভোগে মুম্বইয়ে প্রয়াত হন তিনি। কিংবদন্তি সেতার শিল্পী উস্তাদ আলাউদ্দিন খানের কন্যা অন্নপূর্ণা দেবীর জন্ম মধ্যপ্রদেশের মাইহারে। ১৯৪২ সালে তাঁর বিয়ে হয় আরেক কিংবদন্তি শিল্পী রবিশঙ্করের সঙ্গে। পরে অবশ্য বিচ্ছেদও হয় তাঁদের। পদ্মভূষণে সম্মানিত অন্নপূর্ণা দেবীর প্রয়াণে রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রমুখ গভীর শোক প্রকাশ করেছেন।

**১৪ অক্টোবর** বিশ শতকের প্রয়াত দুই বিতর্কিত ক্যাথলিক ধর্মগুরু আর্চবিশপ অস্কার রোমেরো এবং পোপ ষষ্ঠ পল-কে 'সন্ত' ঘোষণা করলেন পোপ ফ্রান্সিস। সন্তায়নের জন্য মনোনীত পাঁচজনের মধ্যে থেকে বেছে নেওয়া হয় ওই দু'জনকে। ১৯৮০ সালে একটি জমায়েতে কট্টরপন্থীদের গুলিতে খুন হয়েছিলেন রোমেরো। ভ্যাটিকানের আধুনিকীকরণের জন্য তিনি এবং পোপ ষষ্ঠ পল দু'জনেই সমান খ্যাত ছিলেন।

## প্রয়াত এন ডি তিওয়ারি



**১৮ অক্টোবর:** বর্ষীয়ান কংগ্রেস নেতা এন ডি তিওয়ারি (৯৩) প্রয়াত হলেন। উত্তর প্রদেশ ও উত্তরাখণ্ড দুই রাজ্যেরই মুখ্যমন্ত্রী হয়েছিলেন তিনি। ভারতীয় রাজনীতিকদের মধ্যে একমাত্র তাঁরই দুই রাজ্যের মুখ্যমন্ত্রী হওয়ার নজির রয়েছে। ১৯৭৬ সালে প্রথমবার উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী হন তিনি। আশির দশকে আরও দু'দফায় এবং ২০০২ সালে নবগঠিত উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী হন তিনি। তাঁর মৃত্যুতে তিনদিনের শোক ঘোষণা করা হয়েছে উত্তরাখণ্ডে। সুশাসক হিসেবে তাঁর খ্যাতি থাকলেও শেষ জীবনে জড়িয়ে পড়েন নানা বিতর্কে। ২০০৭ সালে অন্ধ্রপ্রদেশের রাজ্যপাল থাকাকালীন প্রাক্তন অধ্যাপিকা উজ্জ্বলা শর্মার ছেলে রোহিত শেখর দাবি করেন তিওয়ারিই তাঁর বাবা। বিষয়টি আদালতে পৌঁছয়। ২০১২ সালে তিওয়ারির পিতৃত্ব পরীক্ষায় জানা যায় রোহিতের দাবি সত্যি। এরপর রোহিতকে দত্তক নেন তিনি। ২০১৪ সালে বিয়েও করেন উজ্জ্বলাকে। ছবি: পি টি আই

**ভূমিকম্প ও সুনামি বিধ্বস্ত** ইন্দোনেশিয়াকে ১০০ কোটি ডলার সাহায্য দেওয়া হবে বলে জানাল বিশ্বব্যাঙ্ক। বালি দ্বীপে বিশ্বব্যাঙ্ক ও আন্তর্জাতিক অর্থভাণ্ডারের (আইএমএফ) বার্ষিক সম্মেলনে এ কথা জানান বিশ্বব্যাঙ্কের সিইও ক্রিস্টালিনা জর্জিভা।

**তিন দিনে টেস্ট শেষ করে ওয়েস্ট** ইন্ডিজকে ১০ উইকেটে হারিয়ে দিল ভারত। সহজেই ২-০ সিরিজ জিতে নিল তারা। হায়দরাবাদে আয়োজিত দ্বিতীয় টেস্টে ওয়েস্ট ইন্ডিজের প্রথম ইনিংসে ৩১১ রানের জবাবে ভারত ৩৬৭ রান তোলে। ওয়েস্ট ইন্ডিজের দ্বিতীয় ইনিংসে মাত্র ১২৭ রানে শেষ হয়ে যায়। কোনও উইকেট না হারিয়েই ৭৫ রানের লক্ষ্যে পৌঁছে যায় ভারত।

**১৫ অক্টোবর** দেশে রাস্তা তৈরির নিয়মাবলির অন্যতম প্রবক্তা অধ্যাপক ব্রজভূষণ পাণ্ডে (৭৮) প্রয়াত হলেন। ২০০১ এবং ২০১২ সালের রোড কংগ্রেসে কংক্রিট ও বিটুমিনের রাস্তার প্রায় সব বিধিই তাঁর হাতে তৈরি হয়। আইআইটি খড়গপুরে সিভিল ও হাইওয়ে ইঞ্জিনিয়ারিংয়ের এই অধ্যাপক অবসর গ্রহণের পর ২০০২ থেকে ২০১১ সাল পর্যন্তও সেখানে শিক্ষকতা করে গিয়েছেন। শেষ দিন পর্যন্ত ছিলেন আইআইটির পরামর্শদাতা।

**মিটু-র অভিযোগের জবাব দিতে মামলার** রাস্তাই ধরলেন কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী এম জে আকবর। এ দিন তিনি মানহানির মামলা দায়ের করেন সাংবাদিক প্রিয়া রামানির বিরুদ্ধে। প্রিয়া-ই প্রথম মুখ খুলেছিলেন তাঁর বিরুদ্ধে। সবমিলিয়ে ১৫ জন মহিলা যৌন হেনস্থার অভিযোগ করেছেন প্রাক্তন সাংবাদিক আকবরের বিরুদ্ধে। মামলার আবেদনে আকবর লিখেছেন, প্রিয়ার করা যাবতীয় অভিযোগ মিথ্যা, অন্যায্য এবং কুরুচিকর। গোটাটাই প্রিয়া কোনও বিশেষ উদ্দেশ্যে করেছেন বলে দাবি।

**১৬ অক্টোবর** লাদাখের লে-তে থাকা ইন্ডিয়ান অয়েলের এলপিজি বটলিং প্ল্যান্টের সঞ্চয় ক্ষমতা দ্বিগুণেরও বেশি বাড়াল রাষ্ট্রায়ত্ত এই তেল সংস্থা। বিশ্বের সবচেয়ে বেশি উচ্চতায় থাকা এই বটলিং প্ল্যান্টে ১৫০০ মেট্রিক টনের ধারণ ক্ষমতা ছিল। যার ফলে বছরের ছ'মাস অর্থাৎ শীতের সময় যখন যোগাযোগ ব্যবস্থা ঠিকমতো চালু থাকে না, তখন এলপিজি-র যোগানে সংকট দেখা দেয়। সেই কারণেই বটলিং প্ল্যান্টের ক্ষমতা ৩৩০০ মেট্রিক টন করা হল। এছাড়া এ বছরের গোড়াতেই লে বটলিং প্ল্যান্টে চালু করেছে ১০০ কিলোওয়াটের সোলার পাওয়ার প্ল্যান্ট। দেশের মধ্যে এটিই সৌরশক্তি চালিত প্রথম এলপিজি বটলিং প্ল্যান্ট।

**১৭ অক্টোবর** কস্ট ম্যানেজমেন্টে ১৫তম ন্যাশনাল অ্যাওয়ার্ড ফর এক্সেলেন্স সম্মান লাভ করল রাষ্ট্রায়ত্ত সংস্থা স্টিল অথরিটি অব ইন্ডিয়া লিমিটেড (সেইল)। দ্য ইনস্টিটিউট অব কস্ট অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া এই পুরস্কার প্রদান করে। রেলমন্ত্রী পীযূষ গয়াল সেইলের চেয়ারম্যান অনিল কুমার চৌধুরির হাতে নয়াদিল্লিতে আয়োজিত পুরস্কার প্রদান মঞ্চে এই পুরস্কার তুলে দেন।

**২০ অক্টোবর** মিটু বিতর্ক নিয়ে মুখ খুললেন দক্ষিণী সুপারস্টার রজনীকান্ত। তিনি বললেন, 'মিটু আন্দোলন খুবই ভালো, কিন্তু তার যথাযথ ব্যবহার প্রয়োজন। মহিলাদের কাছে অনুরোধ, তাঁরা যেন এর ভুল ব্যবহার না করেন।' বলিউড এবং তামিল সিনেমা জগতের অনেকের বিরুদ্ধেই ইতিমধ্যেই যৌন হেনস্থার অভিযোগ উঠেছে। অভিযুক্তের তালিকায় আছেন নানা পাটেকর, অলু মালিকের মতো ব্যক্তিত্বরা। বিষয়টি নিয়ে এ দিন সরব হলেও তামিল কলাকুশলীদের বিরুদ্ধে ওঠা অভিযোগ নিয়ে অবশ্য সরাসরি কোনও মন্তব্য করতে চাননি রজনী।

## আইএনএ-র ৭৫ তম বার্ষিকীতে লালকেল্লায় মোদী



**২১ অক্টোবর:** আজাদ হিন্দ সরকারের ৭৫ তম বার্ষিকী উদ্‌যাপন করতে দিল্লির লাল কেল্লায় পতাকা তুললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। স্বাধীনতা আন্দোলনে নেতাজির ভূমিকার কথা বলতে গিয়ে মোদী বলেন, 'শুধু একটা পরিবারকেই বড় করে দেখানো ঠিক নয়। সুভাষচন্দ্র বসু, বল্লভভাই পটেল, এবং আম্বেদকরের মতো সুসন্তানের অবদানকে ওই পরিবার কোনও মর্যাদা দেয়নি।' প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন, নেতাজির নামে পুরস্কার চালু করবে সরকার। ত্রাণে দক্ষতা দেখানোর জন্য প্রতি বছর এক পুলিশকর্মী পুরস্কার পাবেন। ৩০ ডিসেম্বর পোর্ট ব্লেয়ারেও যাওয়ার কথা মোদীর। ১৯৪৩ সালের ওই দিনই ভারতীয় ভূখণ্ডে প্রথম স্বাধীনতার পতাকা উড়িয়েছিলেন সুভাষচন্দ্র বসু। ছবি: পি টি আই

## দশেরায় অমৃতসরে ট্রেনে কাটা পড়ে মৃত ৬১



**১৯ অক্টোবর:** দশেরার রাবণ পোড়ানো দেখতে গিয়ে সংলগ্ন রেললাইনের উপর ৬১ জন ছিন্নভিন্ন হয়ে গেলেন জলন্ধর থেকে অমৃতসরগামী ট্রেনের ধাক্কায়। অন্তত ৭০ জন আহতকে নিয়ে যাওয়া হয় হাসপাতালে। অমৃতসরের জোড়া ফটকে রেললাইনের পাশের মাঠেই চলছিল রাবণ দহন। উৎসাহী জনতা তা দেখতেই ভিড় জমিয়েছিলেন। ভিড় বাড়ায় রেললাইনের উপরও উঠে পড়েন অসংখ্য মানুষ। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন বাজির শব্দে ট্রেনের হর্ন শোনা যায়নি। পরে রেল প্রতিমন্ত্রী মনোজ সিনহা এবং রেলবোর্ডের চেয়ারম্যান অশ্বিনী লোহানি ঘটনাস্থল ঘুরে এসে জানান, এই দুর্ঘটনায় রেলের কোনও দোষ নেই। পুরো দায় আয়োজকদের। অনুষ্ঠানের কথা আগে থেকে রেলকে জানানোও হয়নি বলে দাবি করেন তাঁরা।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

## ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটে একাধিক পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স



পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং, স্মার্ট গ্রিড টেকনোলজিস, পাওয়ার সিস্টেম অপারেশন, এনার্জি মার্কেট ম্যানেজমেন্ট এবং রিনিউয়েবল এনার্জি অ্যান্ড গ্রিড ইন্টারফেস টেকনোলজিসের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউট। কোর্সগুলি করানো হবে প্রতিষ্ঠানের দুর্গাপুর, ফরিদাবাদ, বদরপুর, নাঙ্গল, নেভেলি, গুয়াহাটি, নাগপুর এবং বেঙ্গালুরুর ক্যাম্পাসে। প্রতিটি কোর্সের মেয়াদ ১ বছর।

**কোর্স অনুসারে আসনসংখ্যা: পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং:** ৪৮০টি। **স্মার্ট গ্রিড টেকনোলজিস:** ২৪০টি। **পাওয়ার সিস্টেম অপারেশন:** ২৪০টি। **এনার্জি মার্কেট ম্যানেজমেন্ট:** ২৪০টি। **রিনিউয়েবল এনার্জি অ্যান্ড গ্রিড ইন্টারফেস:** ২৪০টি।

পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং কোর্সটি পড়ানো হবে সবক'টি ক্যাম্পাসেই। বাকি চারটি কোর্স পড়ানো হবে প্রতিষ্ঠানের দুর্গাপুর, ফরিদাবাদ, নাগপুর এবং বেঙ্গালুরু ক্যাম্পাসে।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। মোট আসনসংখ্যার মধ্যে ২৫ শতাংশ আসন স্পনসর্ড প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক।

স্মার্ট গ্রিড টেকনোলজিসের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি বা ইনফর্মেশন টেকনোলজি বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক।

পাওয়ার সিস্টেম অপারেশনের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক।

রিনিউয়েবল এনার্জি অ্যান্ড গ্রিড ইন্টারফেস টেকনোলজিসের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা মেকানিক্যাল বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক।

এনার্জি মার্কেট ম্যানেজমেন্টের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজি বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক।

সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

**কোর্স ফি:** ২,৩০,০০০ টাকা। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ফি ৩,৬০,০০০ টাকা। অতিরিক্ত ১৮ শতাংশ জি এস টি দিতে হবে।

প্রবেশিকা পরীক্ষার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের কাউন্সেলিংয়ের মাধ্যমে নির্বাচিত করা হবে। পরীক্ষা ১ ডিসেম্বর। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র দুর্গাপুর। পরীক্ষা নেওয়া হবে দুটি পার্টে। পার্ট-ওয়ানে প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড বিষয়ে এবং পার্ট টুতে প্রশ্ন হবে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে। উভয় ক্ষেত্রেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা সকাল সাড়ে ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ২৬ নভেম্বর থেকে।

কাউন্সেলিংয়ের জন্য নির্বাচিত প্রার্থীতালিকা প্রকাশিত হবে ১৪ ডিসেম্বর। কাউন্সেলিং হবে ২১ ডিসেম্বর। প্রতিষ্ঠানের দুর্গাপুর, নাগপুর, ফরিদাবাদ এবং ব্যাঙ্গালোর ক্যাম্পাসে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npti.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৬ নভেম্বর। অনলাইন আবেদনের পর অ্যাপ্লিকেশন আই ডি পাওয়া যাবে। এটি সযত্নে টুকে রাখবেন। পরে কাজে লাগবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ২,০০০ টাকা (জি এস টি-সহ)।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## আলিপুরদুয়ারে স্বাস্থ্যকর্মী

স্টাফ নার্স, ল্যাব টেকনিশিয়ান, মাল্টি রিহ্যাবিলিটেশন ওয়ার্কার, ব্লক অ্যাকাউন্টস ম্যানেজার পদে ৭ জনকে নিয়োগ করবে আলিপুরদুয়ার জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 18-19/1011.

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত (প্রযোজ্য ক্ষেত্রে প্রত্যয়িত) নকল, ডিমান্ড ড্রাফট-সহ পূরণ করা দরখাস্ত রেজিস্টার্ড ডাক বা স্পিড পোস্ট বা ক্যুরিয়ারের মাধ্যমে ১৬ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbhealth.gov.in



## স্কলারশিপের খোঁজখবর

### লাল বাহাদুর শাস্ত্রী স্কলারশিপ ২০১৮

সরকারি অনুমোদন প্রাপ্ত স্কুলে ষষ্ঠ থেকে দশম শ্রেণিতে পাঠরত এবং আর্থিকভাবে দুঃস্থ মোট ১১০ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের শিক্ষা বিভাগ।

**শিক্ষাগত যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে উত্তীর্ণ হয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে সাড়ে তিন লাখের নিচে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি তিন থেকে চার হাজার টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/LBS6 আবেদনের শেষ তারিখ ১০ নভেম্বর।

### প্রাক্তন সমরকর্মী ও প্রাক্তন কোস্ট গার্ড পার্সোনেলদের সন্তান বা বিধবাদের উচ্চশিক্ষার জন্য প্রধানমন্ত্রী স্কলারশিপ স্কিম

প্রাক্তন সমরকর্মী এবং প্রাক্তন কোস্ট গার্ড পার্সোনেলদের সন্তান বা বিধবাদের উচ্চশিক্ষার জন্য স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সৈনিক বোর্ড সেক্রেটারিয়েট। এটি প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ এক্স-সার্ভিসমেন ওয়েলফেয়ার বিভাগের অন্তর্গত। কোনও পেশাদার বা কারিগরির বিষয়ের কোর্স পড়তে ইচ্ছুকদের এই স্কলারশিপ দেওয়া হবে। স্কলারশিপ দেওয়া হবে সর্বাধিক পাঁচ বছরের জন্য

**আবেদনের যোগ্যতা:** যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** স্কলারশিপ বাবদ প্রতি বছরে দেওয়া হবে পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ২,০০০ টাকা এবং মহিলাদের ক্ষেত্রে ২,২৫০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/PMS49 আবেদনের শেষ তারিখ ১৫ নভেম্বর। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### অল ইন্ডিয়া ইউথ স্কলারশিপ এন্ট্রান্স এক্সামিনেশন ২০১৯

২০১৪ থেকে ২০১৮ সালে উচ্চমাধ্যমিক পাশ বা ২০১৯-এ উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী এবং ইঞ্জিনিয়ারিং বা মেডিক্যাল সায়েন্স নিয়ে পড়াশোনা করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের অর্থ মন্ত্রক। সংশ্লিষ্ট কোর্সের মেয়াদ অনুযায়ী স্কলারশিপ দেওয়া হবে।

**আবেদনের যোগ্যতা:** আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া মেধাবী ছাত্রছাত্রীদের এই স্কলারশিপ দেওয়া হবে একটি প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে। প্রবেশিকা পরীক্ষায় অন্তত ৫৫ শতাংশ নম্বর পেতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/AIY8 ফি বাবদ দিতে হবে ১,১০০ টাকা। আবেদনের শেষ তারিখ ২১ নভেম্বর।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## আর্মিতে উচ্চমাধ্যমিক

*প্রথম পাতার পর*

কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭.৫ সেমি। গোর্খা প্রার্থীরা ৫ সেমি ছাড় পাবেন। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে।

**বয়স:** ১-৭-২০১৯ তারিখে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯-এর মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-১-২০০০ থেকে ১-১-২০০৩-এর মধ্যে।

দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথালা বা এলাহাবাদে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউতে ডাকা হবে ফেব্রুয়ারি-মার্চ মাসে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্টও হবে। গোটা প্রক্রিয়া চলবে ৫ দিন ধরে। প্রথম ধাপে ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। সফল প্রার্থীদের দ্বিতীয় ধাপে ডাকা হবে মেডিক্যাল এক্সামিনেশনের (৩-৫ দিন) জন্য। প্রথমবার এই এন্ট্রিতে ইন্টারভিউ দিতে গেলে যাতায়াতের রেল ভাড়া পাওয়া যাবে।

১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৪১তম কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিংয়ের মেয়াদ ৫ বছর। প্রথমে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে এক বছরের ট্রেনিং, তারপর পুনে বা সেকেন্দ্রাবাদে ৩ বছরের প্রি কমিশন ট্রেনিং এবং পুনেতে আরও এক বছরের পোস্ট কমিশন ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতন নির্দিষ্ট মাসিক ২৫,০০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২৭ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পরে রোল নম্বর পাওয়া যাবে। এর পর পূরণ করা দরখাস্তের রোল নম্বর-সহ দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। একটি প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় জমা দিতে হবে। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন।

### ইন্টারভিউয়ে দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে নেবেন

✓২০ কপি স্বপ্রত্যয়িত পাসপোর্ট মাপের ফটো।
✓বয়সের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা মার্কশিটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল।
✓উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল।
✓সচিত্র পরিচয়পত্রের দু'কপি স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত সার্টিফিকেটের মূল কপিও সঙ্গে নেবেন।
খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্টেট কাউন্সিল অব ইউনানি মেডিসিনে গ্রুপ সি ও ডি

গ্রুপ সি এবং গ্রুপ ডি ক্যাটেগরিতে ৭ জনকে নিয়োগ করবে স্টেট কাউন্সিল অব ইউনানি মেডিসিন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 34/569/2018. অনলাইনে বা অফলাইনে দরখাস্ত করতে হবে। দরখাস্তের শেষ তারিখ ১২ নভেম্বর। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbscum.org

## আর্মি নেভি এয়ারফোর্সে কয়েকশো

*প্রথম পাতার পর*

আবেদন করতে পারবেন। শর্ট সার্ভিস কমিশন উইমেন (নন-টেকনিক্যাল) কোর্সটির জন্য অবিবাহিত মেয়েরা, বিধবা ও বিবাহবিচ্ছিন্নারা সন্তানহীনা হলে এবং আবার বিবাহ না করে থাকলে আবেদন করতে পারবেন।

**ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা:** ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। শুধুমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন।

**দৈহিক মাপজোক:** ছেলেদের ক্ষেত্রে: আর্মির জন্য উচ্চতা অন্তত ১৫৭.৫ সেমি, নেভির ক্ষেত্রে ১৫৭ সেমি ও এয়ারফোর্সের ক্ষেত্রে ১৬২.৫ সেমি। মহিলাদের ক্ষেত্রে: অন্তত ১৫২ সেমি। উভয় ক্ষেত্রেই গোর্খা ও পার্বত্য এলাকার প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। উচ্চতা ও বয়সের অনুপাতে ওজন থাকতে হবে। এছাড়া সুগঠিত ও অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা-সহ বুকের ছাতি থাকতে হবে (মহিলাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)। এয়ারফোর্সের ক্ষেত্রে পায়ের মাপ দরকার লম্বায় ৯৯-১২০ সেমি, থাই লম্বায় সর্বোচ্চ ৬৪ সেমি ও বসে থাকা অবস্থায় উচ্চতা ৮১.৫-৯৬ সেমি। আর্মি ও নেভির ক্ষেত্রে কোনও কড়াকড়ি নেই।

**দৃষ্টিশক্তি:** আর্মির ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬, চশমা থাকলে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮। মায়োপিয়া মাইনাস ৩.৫ ডি-র বেশি হলে চলবে না। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে। এয়ারফোর্সের ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। শুধুমাত্র হাইপারমেট্রোপিয়ার ক্ষেত্রে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। চশমা থাকলে আবেদন করা যাবে না। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে। নেভির ক্ষেত্রে চশমা ছাড়া দৃষ্টিশক্তি হতে হবে উভয় চোখে ৬/১২, চশমা-সহ ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। মায়োপিয়া মাইনাস ১.৫-এর বেশি হলে চলবে না। মেয়েদের ক্ষেত্রে দৃষ্টিশক্তি: ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬, চশমা থাকলে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮। মায়োপিয়া মাইনাস ৫.৫ ডি-র বেশি হলে চলবে না। সব ক্ষেত্রেই লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। কোনওরকম দৈহিক ত্রুটি এই কাজের প্রতিকূল।

**পরীক্ষাকেন্দ্র, পরীক্ষার সিলেবাস:** প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা নেবে ইউ পি এস সি। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে লিখিত পরীক্ষা হবে এই তিন বিষয়ে: ইংলিশ, জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির পরীক্ষা হবে শুধু ইংলিশ ও জেনারেল নলেজ বিষয়ে। সব ক্ষেত্রেই প্রতি পেপারে ১০০ নম্বর। সময় ২ ঘন্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকবে। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে থাকবে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের উপর মাধ্যমিক মানের প্রশ্ন। লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে ২০০) নম্বরের ইন্টেলিজেন্স অ্যান্ড পার্সোন্যালিটি টেস্ট। এটি দু'পর্যায়ে হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট ও পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজিক্যাল টেস্ট ও কনফারেন্স। গোটা প্রক্রিয়া মোট ৪ দিন ধরে চলবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ২৬ নভেম্বর পর্যন্ত। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনে ৫২৩ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

বি সি ৫১)। **উত্তরাখণ্ড:** ১৮টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ২, ও বি সি ১)।

মোট আসনের মধ্যে ২১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** টেকনিক্যাল ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মাধ্যমিক, সেই সঙ্গে ফিটার বা ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রনিক মেকানিক বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা মেশিনিস্ট ট্রেডে ২ বছরের আই টি আই পাশ।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ নিম্নলিখিত ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা। শাখাগুলি হল: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং।

নন-টেকনিক্যাল ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্ট্যান্টের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক।

**বয়স:** ৩১-১০-২০১৮ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৭ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো, কালো কালির সই, জন্মতারিখের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্র ও কাস্ট সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## এস এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? শর্টহ্যান্ড ও স্টেনোগ্রাফির দক্ষতা যাচাইয়ের পরীক্ষা নেওয়া হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —পারমিতা মুখার্জি, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') পদে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০টি এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ৮০টি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকতে হবে। স্টেনোগ্রাফির দক্ষতা যাচাইয়ের জন্য স্কিল টেস্ট হবে। এক্ষেত্রে ১০ মিনিটের ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের মিনিটে ১০০টি শব্দ এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখতে হবে ইংরেজি অথবা হিন্দিতে। শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৪০ মিনিটে (হিন্দিতে ৫৫ মিনিটে) এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৫০ মিনিটে (হিন্দিতে ৬৫ মিনিটে) কম্পিউটারে টাইপ করতে হবে। ১৯ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in

## ইউ পি এস সি

□ *ইউ পি এস সি আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্টস) এক্সামিনেশন'-এর ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষায় কী কী থাকবে? —সৌমেন দত্তরায়, নদিয়া।*

□□ ইউ পি এস সি আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্টস) এক্সামিনেশন'-এর দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৩ মিনিট ৪৫ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, ৩.৫ মিটার লং জাম্প, ৭.২৬ কেজি ওজনের শটপাট ছুড়তে হবে ৪.৫ মিটার দূরত্বে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের মেডিক্যাল টেস্টের জন্য ডাকা হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## পি এস সি

□ *ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন হয়? —অরুণ বণিক, আরামবাগ, হুগলি।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস এক্সামিনেশন'-এ দু'টি পত্রে পরীক্ষা হয়ে থাকে। উভয় ক্ষেত্রেই মাল্টিপল চয়েস অবজেক্টিভ ধরনের প্রশ্ন হয়। প্রথম পত্রে থাকবে ইংলিশ কম্পোজিশন (৫০ নম্বর), জেনারল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, ভারতের ইতিহাস, ভারতের স্বাধীনতা আন্দোলন, ভূগোল, রিজনিং (৪০ নম্বর), ভারতের সংবিধান, ফিনান্স কমিশন, ফিনান্স অ্যাকাউন্টস অ্যান্ড অডিট (৩৫ নম্বর), বিজনেস ম্যাথমেটিক্স ও স্ট্যাটিস্টিক্স (৩৫ নম্বর), অ্যাকাউন্ট্যান্সি (৪০ নম্বর)। দ্বিতীয় পত্রে থাকবে বিজনেস ল (৩৫ নম্বর), কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্সি (৩৫ নম্বর), প্রিন্সিপলস অ্যান্ড প্রাক্টিস ম্যানেজমেন্ট (৩৫ নম্বর), ট্যাক্সেশন (২৫ নম্বর), অডিটিং (৩৫ নম্বর), বিজনেস ইকনমিক্স অ্যান্ড ইন্ডিয়ান ইকনমিক্স (৩৫ নম্বর)। দু'টি পত্র ২০০ নম্বর করে। সবশেষে ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। ওয়েবসাইট: www.pscwb.org.in

## নার্সিং

□ *হাওড়া জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে স্টাফ নার্স পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —তনিমা সাহা, বহরমপুর, মুর্শিদাবাদ।*

□□ হাওড়া জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা অথবা পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল থেকে রেসিপ্রোকাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.healthyhowrah.org

## কোর্স, ট্রেনিং

□ *ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারে রেডিওলজিক্যাল ফিজিক্সের ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হয়ে থাকে কোন পদ্ধতিতে? —চন্দ্রকান্ত চ্যাটার্জি, পুরুলিয়া।*

□□ ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারে রেডিওলজিক্যাল ফিজিক্সের ডিপ্লোমা কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে এম এসসি। স্নাতক স্তরেও ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষা (কমন এন্ট্রান্স টেস্ট) এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১১ নভেম্বর, সকাল ১১টা থেকে। পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: recruit.barc.gov.in

## অন্যান্য চাকরি

□ *ইন্ডিয়ান কোস্ট গার্ডে ডোমেস্টিক ব্রাঞ্চে নাবিক পদে আবেদন করেছি। এ ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —মলয় সরকার, কাটোয়া, পূর্ব বর্ধমান।*

□□ ইন্ডিয়ান কোস্ট গার্ডে ডোমেস্টিক ব্রাঞ্চে নাবিক পদের ক্ষেত্রে প্রাথমিকভাবে মেধার ভিত্তিতে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের তার পর লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও প্রিলিমিনারি মেডিক্যাল এক্সামিনেশন। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে এই সব বিষয়ে: কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ম্যাথমেটিক্স, জেনারেল সায়েন্সেস, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স ও জেনারেল নলেজ) এবং রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২-৩ দিন ধরে। ওয়েবসাইট: www.joinindiancoastguard.gov.in

□ *ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে কনস্টেবল (অ্যানিম্যাল ট্রান্সপোর্ট) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —চিন্ময় মাজি, দিনহাটা, কোচবিহার।*

□□ ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে কনস্টেবল (অ্যানিম্যাল ট্রান্সপোর্ট) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। পাশাপাশি, উচ্চতা হতে হবে: ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। বুকের ছাতি হতে হবে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। সবক্ষেত্রেই বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-সিক্স, খারাপ চোখে এন-নাইন। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। রং চেনার উচ্চক্ষমতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে তিনটি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা ও দৈহিক মাপজোক যাচাই। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ৭ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, তিনটি সুযোগে ১১ ফুট লং জাম্প, তিনটি সুযোগে সাড়ে ৩ ফুট হাই জাম্প। দ্বিতীয় পর্যায়ে থাকবে লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে: জেনারেল অ্যাওয়্যারনেস/জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স, অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড অ্যান্ড এবিলিটি টু অবজার্ভ অ্যান্ড ডিস্টিংগুইশ প্যাটার্নস, হিন্দি/ইংলিশ। প্রতিটি বিভাগ ২৫ নম্বরের। মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময়সীমা ২ ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে পাশ নম্বর ৩৫, তফসিলি, ও বি সি-দের ক্ষেত্রে ৩৩। তৃতীয় পর্যায়ে থাকবে নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশন। ১৩ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.itbpolice.nic.in

□ *ভারতীয় সেনাবাহিনীতে পণ্ডিত পদে ধর্মীয় শিক্ষক হিসেবে দরখাস্ত করতে চাই। বিস্তারিত জানাবেন। —তাপস লাহিড়ি, আজবনগর, পশ্চিম মেদিনীপুর।*

□□ ভারতীয় সেনাবাহিনীতে ধর্মীয় শিক্ষক হিসেবে পণ্ডিত পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সংস্কৃতে আচার্য অথবা সংস্কৃতে শাস্ত্রী উপাধি এবং সেইসঙ্গে 'করম কাণ্ড'-এ ডিপ্লোমা। প্রার্থীকে অবশ্যই হিন্দু হতে হবে। ১-১০-২০১৯ তারিখে বয়স হতে হবে ২৫ থেকে ৩৪ বছরের মধ্যে। উচ্চতা থাকতে হবে ১৫৭ সেমি, বুকের ছাতি ৭৭ সেমি এবং অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন অন্তত ৪৮ কেজি। প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। দু'টি পত্রে লিখিত পরীক্ষা হবে। পরীক্ষা ২৪ ফেব্রুয়ারি। প্রথম পত্রে জেনারেল অ্যাওয়্যারনেস-সংক্রান্ত অবজেক্টিভ টাইপ ও দ্বিতীয় পত্রে সংশ্লিষ্ট ধর্মবিষয়ক প্রশ্ন হবে। প্রতি পত্রের মান ১০০। উভয় পত্রেই ৫০টি করে প্রশ্ন হবে। প্রতি প্রশ্নের মান ২। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১,৬০০ মিটার (১.৬ কিমি) দৌড়। ৩০ বছরের মধ্যে বয়স হলে ৫ মিনিট ৪৫ সেকেন্ড এবং ৩০ বছরের বেশি বয়সের প্রার্থীদের সাড়ে ৬ মিনিটে দৌড় সম্পূর্ণ করতে হবে। ৩ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in

□ *আমি একজন বাস্কেটবল খেলোয়াড়। ইন্ডিয়ান এয়ারফোর্সে ওয়াই গ্রুপের নন-টেকনিক্যাল বিভাগে এয়ারম্যান পদে দরখাস্ত করেছি। এ ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —শীতাংশু মণ্ডল, হুগলি।*

□□ ভারতীয় বিমানবাহিনীতে 'ওয়াই' গ্রুপের নন-টেকনিক্যাল বিভাগে এয়ারম্যান পদে খেলোয়াড় নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দুই পর্বের দৈহিক সক্ষমতার পরীক্ষা, খেলাধুলার দক্ষতা যাচাই ও মেডিক্যেল টেস্টের মাধ্যমে। দৈহিক সক্ষমতা যাচাইয়ের প্রথম পর্বে থাকবে সাড়ে ৬ মিনিটে ১.৬ কিমি দৌড়। দ্বিতীয় পর্বে থাকবে ১ মিনিটে ১০টি পুশ আপ, ১ মিনিটে ১০টি সিট আপ, ১ মিনিটে ২০টি স্কোয়াট।

□ *ইন্টেলিজেন্স ব্যুরোয় সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মানস পাল, সাঁকরাইল, হাওড়া।*

□□ ইন্টেলিজেন্স ব্যুরোয় সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে যে রিজিয়নের শূন্যপদে দরখাস্ত করবেন, সেই অঞ্চলের স্থানীয় ভাষা অবশ্যই জানতে হবে। বাংলা ভাষার জন্য দরখাস্ত করতে পারেন কলকাতা, শিলিগুড়ি ও আগরতলা রিজিয়নের শূন্যপদে। সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, লজিক্যাল/অ্যানালিটিক্যাল এবিলিটি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ। মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পর্যায়ে থাকবে ৪০ নম্বরের অনুবাদ। স্থানীয় ভাষা থেকে ইংরেজিতে এবং ইংরেজি থেকে স্থানীয় ভাষায়। সময়সীমা ১ ঘণ্টা। সঙ্গে প্রার্থীর স্পোকেন এবিলিটি (১০ নম্বর) যাচাই করা হবে। তৃতীয় পর্যায়ে থাকবে ৫০ নম্বরের ইন্টারভিউ। ১০ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে পারেন যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.mha.gov.in, www.ncs.gov.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## সাধারণ ও তফসিলিদের ফি-এ এত বৈষম্য কেন? মেধাই হোক অগ্রাধিকারের ভিত্তি

সাধারণ জাতিভুক্ত ছেলেমেয়েদের প্রতি কেন এত অবিচার— কেন তারা না পাচ্ছে বয়সের ছাড়, না পাচ্ছে ফি-এ ছাড়, না পাচ্ছে ফ্রি ট্র্যাভেল, না পাচ্ছে নম্বরের ছাড়, না পাচ্ছে কোনও স্কলারশিপের টাকা! রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় স্পেশ্যালিস্ট অফিসার পদে আবেদনের ক্ষেত্রে একজন সাধারণ জাতিভুক্ত প্রার্থীকে ৮৫০ টাকা ফি দিতে হয়, তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ফি দিতে হয় মাত্র ১০০ টাকা। আবার অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে জেনারেলদের ফি ৪৫০ টাকা, তফসিলিদের ৫০ টাকা। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় প্রবেশনারি অফিসার পদে জেনারেল প্রার্থীদের ক্ষেত্রে ফি ৬০০ টাকা এবং তফসিলিদের ক্ষেত্রে ফি ১০০ টাকা। সিন্ডিকেট ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদে জেনারেলদের ক্ষেত্রে ফি দিতে হয় ৬০০ টাকা এবং তফসিলিদের ক্ষেত্রে মাত্র ১০০ টাকা। সম্প্রতি এই ফারাক আরও দৃষ্টিকটুভাবে নজরে এল হৃষীকেশ এইমসে স্টাফ নার্স-সহ বিভিন্ন প্যারামেডিকেল কর্মী নিয়োগের ক্ষেত্রে। সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের ফি ৩,০০০ টাকা! অথচ তফসিলি জাতি ও তফসিলি উপজাতি ক্যাটেগরির প্রার্থীদের কোনও ফি-ই দিতে হবে না। এ তো তুঘলকি বৈষম্য!

**অনেক সাধারণ জাতিভুক্ত প্রার্থী রয়েছে যারা স্নাতক, স্নাতকোত্তর পাশ করে বসে আছে, কিন্তু পরীক্ষার ফি জোগাড় করতে হিমশিম খাচ্ছে। কোনও ক্রমে ফি জোগাড় করতে পারলেও পশ্চিমবঙ্গের বাইরে পরীক্ষা দিতে যেতে হলে যাতায়াতের খরচ জোগাতে পারছে না। মানছি, সংরক্ষিত জাতিদের সুযোগ-সুবিধা দেওয়া উচিত, কিন্তু তাই বলে একটা সামঞ্জস্য থাকবে না?**

সরকার কি মনে করে, সাধারণ জাতিভুক্ত প্রার্থীরা সকলেই খুব ধনী? সাধারণ জাতিভুক্ত গরিব ছেলেমেয়েদের পক্ষে এত টাকা খরচ করে আবেদন করা কি সম্ভব? সরকারি বহু চাকরির ক্ষেত্রেই সাধারণ জাতিভুক্ত প্রার্থী এবং তফসিলি জাতিভুক্ত প্রার্থীর মধ্যে ফি-এর ক্ষেত্রে বিস্তর ব্যবধান দেখা যায়। অনেক সাধারণ জাতিভুক্ত প্রার্থী রয়েছে যারা স্নাতক, স্নাতকোত্তর পাশ করে বসে আছে, কিন্তু পরীক্ষার ফি জোগাড় করতে হিমশিম খাচ্ছে। কোনও ক্রমে ফি জোগাড় করতে পারলেও পশ্চিমবঙ্গের বাইরে পরীক্ষা দিতে যেতে হলে যাতায়াতের খরচ জোগাতে পারছে না। মানছি, সংরক্ষিত জাতিদের সুযোগ-সুবিধা দেওয়া উচিত, কিন্তু তাই বলে একটা সামঞ্জস্য থাকবে না? হয় পড়াশোনার জন্য শুধুমাত্র স্কলারশিপের টাকাই দেওয়া হোক, না হয় নম্বর বা বয়সের ছাড় দেওয়া হোক। পরীক্ষার ফি প্রত্যেকের জন্য সমানভাবে প্রযোজ্য হোক এবং চাকরিপ্রার্থীদের সকলকে একই স্কোরের ভিত্তিতে বিবেচনা করা হোক। মেধাই অগ্রাধিকারের ভিত্তি হওয়া উচিত। সত্যি কথা বলতে, প্রকৃত গরিব ছেলেমেয়েরা ক'জন সংরক্ষণ ব্যবস্থার সুবিধা পায়? জন্মসূত্রে সংরক্ষিত শ্রেণিভুক্ত অর্থনৈতিকভাবে বলবানরাই লাভবান হয়। সবাইকে সমান সুযোগ দেওয়া রাষ্ট্রের কর্তব্য। অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া সকল শ্রেণির প্রার্থীদেরই আর্থিকভাবে সাহায্য করতে হবে। সবাইকেই, উচ্চশিক্ষা বা চাকরি— সর্বক্ষেত্রে সমানভাবে অংশগ্রহণের সুযোগ দিতে হবে।

দেবতনু ঘোষ, সাগরদিঘি, মুর্শিদাবাদ।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ২৬৬ পোস্টম্যান

*প্রথম পাতার পর*

ফাইভ ক্যাটেগরি এবং ২৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন বা ইউনিট অনুসারে শূন্যপদ:** দক্ষিণ কলকাতা: ৪০টি, উত্তর কলকাতা: ২৪টি, সাউথ প্রেসিডেন্সি: ২১টি, নদিয়া উত্তর: ১৯টি, নর্থ প্রেসিডেন্সি: ১৪টি, কলকাতা জি পি ও: ৪টি, মধ্য কলকাতা: ৯টি, পূর্ব কলকাতা: ১২টি, বীরভূম: ৭টি, নদিয়া দক্ষিণ: ১১টি, মুর্শিদাবাদ: ৮টি, সিকিম: ২টি, দার্জিলিং: ১০টি, জলপাইগুড়ি: ৩টি, মালদা: ৫টি, কোচবিহার: ৪টি, দিনাজপুর: ৩টি, আসানসোল: ১২টি, বাঁকুড়া: ১০টি, বর্ধমান: ৭টি, কাঁথি: ৪টি, হাওড়া: ১০টি, মেদিনীপুর: ৫টি, উত্তর হুগলি: ৩টি, দক্ষিণ হুগলি: ৬টি, পুরুলিয়া: ৩টি, তমলুক: ৬টি, কলকাতা রেলওয়ে মেল সার্ভিস: ১টি, রেলওয়ে মেল সার্ভিস এইচ: ১টি, রেলওয়ে মেল সার্ভিস শিলিগুড়ি: ১টি, আন্দামান ও নিকোবর আইল্যান্ড: ১টি।

প্রার্থী যে-কোনও একটি ডিভিশন বা ইউনিটের শূন্যপদের জন্যই আবেদন করতে পারবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে স্থানীয় ভাষা জানতে হবে। স্থানীয় ভাষাটি অবশ্যই দশম শ্রেণি পর্যন্ত পড়ে থাকতে হবে। কম্পিউটার ব্যবহারের জ্ঞান থাকতে হবে। এর পাশাপাশি বৈধ টু হুইলার বা লাইট মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স:** ২৪-১১-২০১৮ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি ১০০ নম্বরের কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, ইংলিশ এবং সংশ্লিষ্ট স্থানীয় ভাষা। মোট সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষাকেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে সিটি কোড): কলকাতা (০০১), শিলিগুড়ি (০০২), গ্যাংটক (০০৩), পোর্ট ব্লেয়ার (০০৪), মালদা (০০৫), দুর্গাপুর (০০৬), বর্ধমান (০০৭)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://cpmgwbrecruit.in/drpmmgoct18 প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ২৪ নভেম্বর। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় পাওয়া ইউনিক রেজিস্ট্রেশন নম্বর এবং পাসওয়ার্ড লিখে রাখবেন। এগুলি পরে কাজে লাগবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অ্যাপ্লিকেশন ফি বাবদ দিতে হবে ১২০ টাকা এবং পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের পরীক্ষার ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ই-পেমেন্ট সুবিধাযুক্ত যে-কোনও পোস্ট অফিসে, চালানের মাধ্যমে। পোস্ট অফিসের তালিকা পাবেন উপরোক্ত লিঙ্কে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৮ নভেম্বর। তবে, চালান ডাউনলোড করে নিতে হবে ২৪ নভেম্বরের মধ্যে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.westbengalpost.gov.in

# প্রশিক্ষণ দিয়ে কানাড়া ব্যাঙ্কে ৮০০ প্রবেশনারি অফিসার

*প্রথম পাতার পর*

গ্র্যাজুয়েট। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ নম্বর থাকতে হবে। কম্পিউটার অপারেশনে সাবলীল হতে হবে। হিন্দিতে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে।

**বয়স:** ১-১০-২০১৮ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**কোর্স ফি:** মনিপাল গ্লোবাল এডুকেশন সার্ভিসেসের ক্ষেত্রে ৪,১৩,০০০ টাকা এবং এন আই টি টি ই এডুকেশন ইন্টারন্যাশনালের ক্ষেত্রে ৩,৫৪,০০০ টাকা (উভয় ক্ষেত্রেই জি এস টি-সহ)।

কোর্স চলাকালীন শেষ তিন মাস, ইন্টার্নশিপের সময়ে মাসে ১০,০০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। কোর্স শেষে নিয়োগের পর বেতনক্রম: ২৩,৭০০-৪২,০২০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রার্থী বাছাই করবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। পরীক্ষার তারিখ ২৩ ডিসেম্বর। পরীক্ষায় থাকবে রিজনিং, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ক অবজেক্টিভ টাইপ প্রশ্ন। প্রতিটি বিভাগে ৫০ নম্বরের প্রশ্ন হবে। মোট নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.canarabank.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ১৩ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কে বি সাইজের মধ্যে) এবং কালো কালির বলপেনে করা সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কে বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন ফর্ম যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে জি এস টি-সহ ৭০৮ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১১৮ টাকা)। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

# আই বি পি এসের পরীক্ষার মাধ্যমে ৭ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১৫৯৯ স্পেশ্যালিস্ট অফিসার

*প্রথম পাতার পর*

নিয়োগের প্রাথমিক যোগ্যতা অর্জন করবেন সেগুলি হল: এলাহাবাদ ব্যাঙ্ক, ব্যাঙ্ক অব বরোদা, ব্যাঙ্ক অব ইন্ডিয়া, কানাড়া ব্যাঙ্ক, ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স, ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া, বিজয়া ব্যাঙ্ক।

স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগের যোগ্যতা নির্ণায়ক আই বি পি এসের লিখিত পরীক্ষাটি নেওয়া হবে এইসব পদের জন্য: আই টি অফিসার, এগ্রিকালচারাল ফিল্ড অফিসার, রাজভাষা অধিকারী, ল অফিসার, এইচ আর/পার্সোনেল অফিসার, মার্কেটিং অফিসার।

**আই টি অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ২১৯টি (সাধারণ ১১৭, তফসিলি জাতি ৩৭, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৫৪)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ২টি অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ১টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ১২৭টি (সাধারণ ৬৭, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৩১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ, দৃষ্টি ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ২২টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** শূন্যপদ ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৩০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে স্নাতক বা স্নাতকোত্তর ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। বিষয়গুলি হল: কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশনস, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন এবং ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন। অথবা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট এবং সঙ্গে ডোয়েকের 'বি' লেভেল পাশ।

**এগ্রিকালচারাল ফিল্ড অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৮৫৩টি (সাধারণ ৪৪৩, তফসিলি জাতি ১৪৬, তফসিলি উপজাতি ৪৪, ও বি সি ২২০)। এর মধ্যে ৭টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ৬টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৫টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ৫০টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ৫০০টি (সাধারণ ২৬৩, তফসিলি জাতি ৯৫, তফসিলি উপজাতি ২০, ও বি সি ১২২)। এর মধ্যে ৫টি করে শূন্যপদ অস্থি, দৃষ্টি, শ্রবণ ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ২৬টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ২০০টি (সাধারণ ১০১, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৪)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৪৭টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৬)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে ৪ বছরের স্নাতক ডিগ্রি। বিষয়গুলি হল: এগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, ফিশারি সায়েন্স, পিসিকালচার, এগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং, অ্যাগ্রো-ফরেস্ট্রি, ফরেস্ট্রি, এগ্রিকালচারাল বায়োটেকনোলজি, ফুড সায়েন্স, এগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, সেরিকালচার।

**রাজভাষা অধিকারী (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৬৯টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৮)। এর মধ্যে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** হিন্দিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। স্নাতকে একটি বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা সংস্কৃতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। স্নাতকে বিষয় হিসেবে ইংরেজি ও হিন্দি পড়ে থাকতে হবে।

**ল অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৭৫টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১টি (সাধারণ)। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৩৫টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** শূন্যপদ ২৫টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** আইনের ব্যাচেলর ডিগ্রি (এল এল বি)। বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

**এইচ আর/পার্সোনেল অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৮১টি (সাধারণ ৪৩, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৯)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টি, শ্রবণ ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য এবং ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ৬৭টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৬)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, দৃষ্টি, শ্রবণ ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ২টি (সাধারণ)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** গ্র্যাজুয়েট। সঙ্গে পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস, এইচ আর, এইচ আর ডি, সোশ্যাল ওয়ার্ক এবং লেবার ল-এর মধ্যে যে-কোনও একটিতে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা।

**মার্কেটিং অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৩০২টি (সাধারণ ১৫৫, তফসিলি জাতি ৩৯, তফসিলি উপজাতি ২০, ও বি সি ৮৮)। এর মধ্যে ২টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৩৩টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১৫০টি (সাধারণ ৭৭, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪০)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১১৯টি (সাধারণ ৫৯, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৪০)। এর মধ্যে ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ১টি করে শূন্যপদ অস্থি, দৃষ্টি ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সঙ্গে মার্কেটিংয়ে এম বি এ বা এম এম এস। অথবা মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট অথবা পোস্ট-গ্র্যাজুয়েট প্রোগ্রাম ইন ম্যানেজমেন্ট বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট।

আই টি অফিসার ছাড়া অন্যান্য পদের ক্ষেত্রে কম্পিউটার অপারেশনস বা ল্যাঙ্গুয়েজে সার্টিফিকেট বা ডিপ্লোমা বা ডিগ্রি থাকতে হবে অথবা হাই স্কুল বা কলেজ বা কোনও প্রতিষ্ঠানে একটি বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে।

**বয়স:** ২৬-১১-২০১৮ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা ১২৫ নম্বরের। সময় ২ ঘণ্টা। থাকবে রিজনিং (৫০ নম্বর) ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর)। এছাড়া ল অফিসার ও রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে থাকবে ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি বিষয়ে গুরুত্ব-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর) বিষয়ে প্রশ্ন এবং বাকি পদগুলির ক্ষেত্রে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের (৫০ নম্বর) প্রশ্ন। সবক্ষেত্রেই অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তবে কোনও উত্তরের ঘর ফাঁকা রাখলে তার জন্য নেগেটিভ মার্কিং হবে না। মেন পরীক্ষায় থাকবে ৬০ নম্বরের পেশাদারি বিষয়ে প্রশ্ন। রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ, দু'ধরনেরই প্রশ্ন হবে। সময় ১ ঘণ্টা। বাকি পদগুলির ক্ষেত্রে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। সময় ৪৫ মিনিট।

প্রিলিমিনারি পরীক্ষায় পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি। পশ্চিমবঙ্গের স্টেট কোড ৪৬।

দরখাস্ত করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in নিজের চালু ই-মেল আই ডি থাকা চাই। অনলাইন দরখাস্ত করা যাবে ৬ থেকে ২৬ নভেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) ও হাতে লেখা ডিক্লারেশন (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ জমা দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো), ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং দরখাস্ত 'সাবমিট' করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সেন্ট্রাল ইনল্যান্ড ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউটে চাকরি

ইয়াং প্রফেশনাল-ওয়ান এবং ইয়াং প্রফেশনাল-টু পদে ৪ জনকে নিয়োগ করবে ব্যারাকপুরের সেন্ট্রাল ইনল্যান্ড ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউট। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৩ ও ১৪ নভেম্বর। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SSNNL(1)/Adm.II/2018.

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.cifri.res.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*যদি তুমি কোনও ঝুঁকি না নাও, তোমার কখনও পরাজয় ঘটবে না, ঝুঁকি না নিলে তুমি জয়ীও হবে না।*
*— রিচার্ড নিক্সন (প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট)*

*✓ গণিত অনার্স পড়ছি দ্বিতীয় বর্ষে। উচ্চমাধ্যমিক পাশ করেছি পিওর সায়েন্স শাখায়। উচ্চমাধ্যমিকে ৭৬ শতাংশ নম্বর আছে। একটা চাকরির খুব প্রয়োজন হয়ে পড়েছে। আমার যোগ্যতা অনুসারে কয়েকটি চাকরির কথা জানালে উপকৃত হব।*

*জয়দীপ সামন্ত, বেলেঘাটা, কলকাতা।*

☐ স্নাতক স্তরের পড়াশোনা সম্পূর্ণ হওয়ার আগে পর্যন্ত আপনার শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক বলেই গণ্য হবে। উচ্চমাধ্যমিক যোগ্যতার কিছু চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** বিজ্ঞান শাখার কিছু উচ্চমাধ্যমিক নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন। নিয়োগ হবে স্টাইপেন্ডিয়ারি ট্রেনিং অপারেটর পদে, সংস্থার নারোরা অ্যাটমিক পাওয়ার স্টেশনে। উচ্চমাধ্যমিকে বিজ্ঞানের প্রতিটি বিষয়ে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকলে তবেই আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ১৬ অক্টোবর সংখ্যায় 'নিউক্লিয়ার পাওয়ারে ৮৮ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার, আই টি আই, উচ্চমাধ্যমিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১২ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in বিষয় অনুসারে নম্বরের শর্ত পালন করতে পারলে আপনি এখনই এই চাকরির জন্য আবেদন করতে পারেন।

> বিজ্ঞান শাখার কিছু উচ্চমাধ্যমিক নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন। নিয়োগ হবে স্টাইপেন্ডিয়ারি ট্রেনিং অপারেটর পদে, সংস্থার নারোরা অ্যাটমিক পাওয়ার স্টেশনে। উচ্চমাধ্যমিকে বিজ্ঞানের প্রতিটি বিষয়ে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকলে তবেই আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ১৬ অক্টোবর সংখ্যায় 'নিউক্লিয়ার পাওয়ারে ৮৮ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার, আই টি আই, উচ্চমাধ্যমিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** উচ্চমাধ্যমিকে প্রথম বিভাগ থাকায় রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগে কৃষি প্রযুক্তি সহায়ক এবং খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। রেলে টিকিট এক্সামিনার ও ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। এ রাজ্যের পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতির মতো প্রশাসনিক সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন।

*✓ ইতিহাস অনার্স পাশ করেছি ২০১৬-য়। স্টেনোগ্রাফি জানি। মিনিটে ৮০ থেকে ৯০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লিখতে পারব। মিনিটে ৩০-৩২টি ইংরেজি শব্দ টাইপ করতে পারব। ৬ মাসের কম্পিউটার কোর্স করেছি। স্টেনোগ্রাফারের চাকরিতে আগ্রহী। চাকরির সন্ধান দেবেন।*

*বিনীতা ভৌমিক, কাশীপুর, কলকাতা।*

☐ চাকরির বাজারে দক্ষ স্টেনোগ্রাফারের কদর আছে। সরকারি চাকরির ক্ষেত্রে প্রথমে লিখিত পরীক্ষায় সফল হতে হবে। তারপরে হবে স্টেনোগ্রাফি টেস্ট। ফলে লিখিত পরীক্ষার জন্যও প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার নিয়োগ করা হবে স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। 'সি' ও 'ডি' গ্রুপে নিয়োগ হবে। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। স্টেনোগ্রাফির দক্ষতা থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ২৬ অক্টোবর সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি 'ডি' গ্রুপে আবেদন করতে পারবেন। অনলাইন আবেদন করতে হবে ১৯ নভেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www://ssc.nic.in

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে কিছু জুনিয়র পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। স্নাতকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করা যাবে। শর্টহ্যান্ড ও টাইপিং জানা এই পদের আবশ্যিক শর্ত। কম্পিউটার অ্যাপ্লিকেশনের অন্তত ৩ মাসের কোর্স করে থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ৫ অক্টোবর সংখ্যায় 'পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে ৩০৬' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ১৬ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpdcl.co.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। সরকারি বিভিন্ন সংস্থাতেই স্টেনোগ্রাফার নিয়োগ করা হয়। পশ্চিমবঙ্গ বিধানসভায় রিপোর্টার পদেও আপনি আবেদন করতে পারবেন।

*✓ মাধ্যমিক পাশ করার পরে গত দু'বছর ধরে সিভিক ভলান্টিয়ারের অস্থায়ী চাকরি করছি। বর্তমান বয়স ২১ বছর। নিয়মিত সরকারি চাকরির সুযোগ থাকলে জানাবেন।*

*নাম প্রকাশে অনিচ্ছুক, মধ্যমগ্রাম, কলকাতা।*

☐ মাধ্যমিক যোগ্যতার কিছু সরকারি চাকরির জন্য আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষার জন্য ভালো প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ১০৫৪ জন সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট নেবে ইন্টেলিজেন্স ব্যুরো। মাধ্যমিক যোগ্যতাতেই আবেদন করা যাচ্ছে। 'কর্মক্ষেত্র'-র ২৬ অক্টোবর সংখ্যায় 'ইন্টেলিজেন্স ব্যুরোয় ১০৫৪ সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১০ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www.mha.gov.in, www.ncs.gov.in আপনি আবেদন করতে পারেন। সিভিক ভলান্টিয়ারের কাজের অভিজ্ঞতা চাকরি পাওয়ার ক্ষেত্রে সহায়ক হবে।

> ১০৫৪ জন সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট নেবে ইন্টেলিজেন্স ব্যুরো। মাধ্যমিক যোগ্যতাতেই আবেদন করা যাচ্ছে। 'কর্মক্ষেত্র'-র ২৬ অক্টোবর সংখ্যায় 'ইন্টেলিজেন্স ব্যুরোয় ১০৫৪ সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১০ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www.mha.gov.in, www.ncs.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে গ্রুপ 'ডি'-র কয়েকটি ক্যাটেগরির পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের বিভিন্ন আঞ্চলিক প্রশাসন, স্কুল, কলেজ, আদালতে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন।

## নানা পথের খোঁজ নিয়ে নিজের পথ বাছুন, শুরু হোক আপনার যাত্রা



**অনির্বাণ দেবনাথ**
ফাউন্ডার সি ই ও, গ্রেইনোভাসিস টেকনোলজিস (সফটওয়্যার সংস্থা)

ছাত্রাবস্থায় নিয়মিত 'কর্মক্ষেত্র' পড়তাম। বাবা রাখতেন পত্রিকাটি। আর প্রতি সপ্তাহে নতুন পত্রিকা এগিয়ে দিতেন আমার দিকে। বলতেন, দেখো, কী করতে চাও, দেখেশুনে ঠিক করে নাও। বাবা ছিলেন ডব্লু বি সি এস অফিসার। কিন্তু কেরিয়ার প্রসঙ্গে নিজের কোনও মত আমার ওপর চাপিয়ে দেননি। বলতেন, বিভিন্ন পথের মধ্যে থেকে নিজের পথটা বেছে নাও।

বাবার এমন পথ-নির্দেশ এবং স্কুলস্তর থেকে নিয়মিত 'কর্মক্ষেত্র' পাঠ পরবর্তীকালে আমাকে কেরিয়ারের প্রশ্নে দারুণভাবে সাহায্য করেছে। আমি বুঝে গিয়েছিলাম, আমার পথটা আমাকেই তৈরি করে নিতে হবে। ঠিক কী করতে চাই জীবনে, সেটা যদি আগেই স্থির করে ফেলা যায়, তাহলে চলার পথটা অনেকটাই সহজ হয়ে যায় এবং লক্ষ্য অর্জনের জন্য বেশি সময়ও পাওয়া যায়। তবে লক্ষ্য স্থির করে ফেলাটা যে খুব সহজ কাজ, এমনটা বলছি না। বিভিন্ন পথের সন্ধান না পেলে, নিজের পথটা চিনে নেওয়া যায় কী করে। এখানেই আমার সাবালক হয়ে ওঠার পর্বে 'কর্মক্ষেত্র'-র গুরুত্ব। নানা পথের হদিশ পেয়েছি নিয়মিত পত্রিকাটি পড়ার মধ্য দিয়ে।

বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করার পরে কম্পিউটার সায়েন্সে ইঞ্জিনিয়ারিং পড়ি। তারপর চাকরিসূত্রে পাড়ি দিই আমেরিকায়। চাকরির জন্য আমেরিকার টেক্সাসে যাওয়াটা আমার জীবনে একটা গুরুত্বপূর্ণ পর্ব। ওখানে কাজ করতে করতেই ইনফর্মেশন সিকিউরিটি অডিটরের লাইসেন্স পাই। লক্ষ করতাম ওদেশের পেশাদারি কাজকর্মের বৈশিষ্ট্যগুলো। সেইসঙ্গে সংস্থার পরিচালন পদ্ধতি, সামাজিক উন্নতির ধারাগুলো। আর ক্রমশ নিজের মধ্যে গড়ে উঠতে থাকল আরেকটা স্বপ্ন। এই দীর্ঘদিনের শিক্ষা, অভিজ্ঞতা, এগুলো কাজে লাগিয়ে আমি নিজেই কি কিছু করতে পারি না? প্রশ্নটা বড় হয়ে দেখা দিল। দেশে ফিরেছিলাম একটা প্রজেক্টের কাজ হাতে নিয়ে। তখনই সিদ্ধান্ত নিলাম, কিছু করতে হলে সেটা নিজের দেশেই করব। এতদিনে আমার ইচ্ছা ও লক্ষ্য একটা সুসংহত আকার নিল।

তৈরি হল নিজের সংস্থা। এই সংস্থা একটা সফটওয়্যার তৈরি করে। স্কুলের ক্লাসে শিক্ষক-শিক্ষিকাদের লেকচার থেকে শুরু করে পড়াশোনার গোটা বিষয়টাকেই এই সফটওয়্যারের মাধ্যমে ডিজিটালইজড করে ফেলা যায়। ভারত ছাড়াও নেপাল, ভুটান, বাংলাদেশ, শ্রীলঙ্কা, সৌদি আরব, চিন, কানাডা, ইংল্যান্ডেও কাজ করছে আমাদের সংস্থা। কর্মীসংখ্যা বেড়েছে দিনে দিনে। সব মিলিয়ে জীবনের নতুন এক চ্যালেঞ্জ।

লক্ষ্যটা স্থির করার পরে থাকে সেই লক্ষ্যের বাস্তবায়নের প্রক্রিয়া। পথ কোনওক্ষেত্রেই কুসুমাস্তীর্ণ হয় না। ফাঁকির কোনও জায়গা নেই। পরিশ্রমেরও বিকল্প নেই। লড়াইটা যদি উপভোগ করা যায় তবে লড়াইটা ভীতিপ্রদ হয়ে ওঠে না। এটা শিখেছি এতদিনে।

একজন সহমর্মী হিসেবে আপনাদের যা বলতে পারি তা হল, আপনারা প্রত্যেকে অগাধ শক্তির অধিকারী। এটা আমি মনেপ্রাণে বিশ্বাস করি। কাজের মধ্যে দিয়েই সেই শক্তির স্ফুরণ ঘটে। ফলে পছন্দসই কাজটা শুরু করে দিতে হবে। শুরু করার জন্য যে প্রস্তুতিটুকু নেওয়া দরকার, তা তো নিতেই হবে। তারপর এগিয়ে চলুন উৎসাহের সঙ্গে। দেখবেন, কখন আপনি সাফল্যের কিনারে এসে পৌঁছেছেন।

> বিভিন্ন পথের সন্ধান না পেলে, নিজের পথটা চিনে নেওয়া যায় কী করে। এখানেই আমার সাবালক হয়ে ওঠার পর্বে 'কর্মক্ষেত্র'-র গুরুত্ব। নানা পথের হদিশ পেয়েছি নিয়মিত পত্রিকাটি পড়ার মধ্য দিয়ে।

*✓ উচ্চমাধ্যমিক পাশ করেছি বিজ্ঞান শাখায়। তারপর একটি ডায়াগনস্টিক সেন্টারে চাকরিতে ঢুকে পড়ি। মেশিনপত্র নিয়ে কাজ করার ইচ্ছা ছোটবেলা থেকেই। টাকার অভাবে বিশেষ কোনও প্রশিক্ষণ নিতে পারিনি। অল্প খরচে মেশিনপত্র ব্যবহার করে চাকরির উপযোগী কোনও প্রশিক্ষণের হদিশ দিলে খুব উপকৃত হব। আমি তফসিলি জাতিভুক্ত তরুণ।*

*বিপ্লব মণ্ডল, দাসনগর, হাওড়া।*

☐ তফসিলি জাতিভুক্ত তরুণ-তরুণীদের প্লাস্টিক শিল্পের আধুনিক নানা মেশিনপত্র চালনার প্রশিক্ষণ দেয় হলদিয়ার সেন্ট্রাল ইনস্টিটিউট অব প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (সিপেট)। পশ্চিমবঙ্গ তফসিলি জাতি, উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগমের আর্থিক সহায়তায় এই প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও ফি লাগে না। ৬ মাসের প্রশিক্ষণ। প্রার্থী বাছাই হয় একটি ইন্টারভিউয়ের মাধ্যমে। সময়ে সময়ে এই প্রশিক্ষণ আয়োজিত হয়। আপনি প্রশিক্ষণ নেওয়ার জন্য ইন্টারভিউয়ে অংশগ্রহণ করতে পারবেন। প্রশিক্ষণ সম্পূর্ণ হওয়ার পরে প্লাস্টিক শিল্পে চাকরির সুযোগ রয়েছে। কাজ করতে করতে অভিজ্ঞতা সঞ্চয়ের পরে উঁচু পদে যাওয়ার সুযোগও পাবেন। পরবর্তী প্রশিক্ষণ কোন সময় নাগাদ আয়োজিত হবে তা জানার জন্য নীচের ওয়েবসাইটটিতে নিয়মিত নজর রাখবেন। তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরে: ৯৪৩৪০-৩৯৪৬৬, ০৩২২৪-২৫৫৫৩৪। নিখরচায় বিভিন্ন প্রশিক্ষণের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.wbscstcorp.gov.in

---

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কেন্দ্রীয় সরকারে স্টেনোগ্রাফার পরীক্ষার ধরনধারণ ও সিলেবাস ...পৃঃ ১০

কর্মক্ষেত্র

# জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার প্রতি মাসেই ৫০০০ টাকা পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

## গ্রামীণ উন্নয়নের পেশাদার

ভারতের মোট জনসংখ্যার প্রায় দুই-তৃতীয়াংশ বাস করে গ্রামে। কিন্তু সরকারি সুবিধা ও সামাজিক পরিকাঠামোর দিক থেকে সবচেয়ে বেশি বঞ্চিত তাঁরাই। শহর ও গ্রামের মধ্যে বাড়তে থাকা এই আর্থ-সামাজিক অসাম্যকে কমিয়ে আনতে উদ্যোগী সরকার। এই কাজেই প্রয়োজন রয়েছে গ্রামীণ উন্নয়নের পেশাদারদের। রুর‍্যাল ডেভেলপমেন্ট-সংক্রান্ত দু'টি কোর্সে ভর্তি নিচ্ছে হায়দরাবাদের ন্যাশনাল ইনস্টিটিউট অব রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড পঞ্চায়েতি রাজ। আবেদন করতে পারেন এখনই।



**নিজস্ব প্রতিনিধি:** ভারতের জনসংখ্যার একটা বড় অংশ বাস করেন গ্রামে। তা সত্ত্বেও এখনও শিক্ষা-স্বাস্থ্য-পরিকাঠামো, সব দিক থেকেই পিছিয়ে গ্রামে বসবাসকারী মানুষেরা। ন্যূনতম সরকারি সুযোগ-সুবিধা পাওয়ার ক্ষেত্রেও তাঁরা প্রায়শই বঞ্চিত হন। শহর ও গ্রামের জীবনযাত্রার মানে এই ফারাক কমাতে উদ্যোগী হয়েছে কেন্দ্রীয় ও রাজ্য সরকার। শুরু হয়েছে নতুন বেশ কিছু জনকল্যাণমূলক প্রকল্প। নজরদারি বাড়ানো হয়েছে সেগুলির যথাযথ বাস্তবায়নের উপরও। এ কাজেই প্রয়োজন পড়ছে গ্রামীণ উন্নয়ন বিষয়ে দক্ষ পেশাদারদের।

গ্রামীণ উন্নয়নের পেশাদাররা ঠিক কী কাজ করেন?

বিভিন্ন সরকারি প্রকল্পের সুযোগসুবিধা সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা গড়ে তোলা, ক্ষুদ্র সঞ্চয়ে এবং স্বনির্ভর হতে আগ্রহ বৃদ্ধি করা, দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ আয়োজন করা, বিভিন্ন ঋণপ্রকল্প সম্পর্কে প্রচার ইত্যাদি বিষয়ের দায়িত্বে থাকেন এঁরাই। তবে সরকারি প্রকল্পেই শুধু নয়, স্বেচ্ছাসেবী সংস্থা এবং কর্পোরেট সংস্থার সোশ্যাল রেসপন্সিবিলিটি বিভাগেও চাহিদা রয়েছে এই ধরনের পেশাদারদের।

গ্রামীণ উন্নয়ন-সংক্রান্ত দু'টি স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে হায়দরাবাদের ন্যাশনাল ইনস্টিটিউট অব রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড পঞ্চায়েতি রাজ। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

> যে-কোনও শাখার স্নাতক হলেই আবেদন করা যাবে। স্নাতকস্তরে ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। সঙ্গে ক্যাট বা ম্যাট বা সি-ম্যাট বা জেভিয়ার অ্যাপ্টিটিউড টেস্টে স্কোর করে থাকতে হবে। পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন রুর‍্যাল ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট-এ ভর্তির জন্য অবশ্য উপরোক্ত পরীক্ষাগুলি না দিয়ে থাকলেও আবেদন করা যাবে।

### কোথায় পড়বেন

রুর‍্যাল ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট এবং রুর‍্যাল ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পড়াচ্ছে হায়দরাবাদের ন্যাশনাল ইনস্টিটিউট অব রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড পঞ্চায়েতি রাজ (এন আই আর ডি পি আর)। এটি কেন্দ্রের গ্রামোন্নয়ন মন্ত্রকের স্বীকৃতি প্রাপ্ত একটি প্রতিষ্ঠান।

উপরোক্ত দু'টি কোর্সই অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশনের অনুমোদন প্রাপ্ত। এগুলি আবাসিক কোর্স।

### কী-কী কোর্স

- পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন রুর‍্যাল ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট কোর্সের মেয়াদ ১ বছর। আসনসংখ্যা ৫০টি। কোর্স ফি ১,৮০,০০০ টাকা। কোর্স শুরু হবে জুনে।
- পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট-রুর‍্যাল ম্যানেজমেন্ট কোর্সের মেয়াদ ২ বছর। আসনসংখ্যা ২০টি। কোর্স ফি বছর প্রতি ১,৮০,০০০ টাকা। এই কোর্সটিও শুরু হবে জুনে।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

### কারা পড়বেন

যে-কোনও শাখার স্নাতক হলেই

এরপর চোদ্দোর পাতায়

স্বনির্ভরতার নানা পথ

## পাট থেকে কাগজ তৈরি শিখে ব্যবসার সুযোগ



কাঁচামালের অভাবে সাধারণ কাগজের দাম ঊর্ধ্বমুখী। বিকল্প পথের সন্ধানে রয়েছে সারা পৃথিবী। এই পরিস্থিতিতে বাংলার সুলভ স্বর্ণতন্তু পাট থেকে কাগজ তৈরির প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় সরকারের সংস্থা ন্যাশনাল ইনস্টিটিউট অব রিসার্চ অন জুট অ্যান্ড অ্যালায়েড ফাইবার্স। আগ্রহীরা এখনই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন।

**নিজস্ব প্রতিনিধি:** খবরের কাগজ, বই, শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির ফর্ম, অফিসের ফাইলপত্র, দেয়ালে টাঙানো ক্যালেন্ডার, নিদেনপক্ষে কোনও গুরুত্বপূর্ণ কথা লিখে নেওয়ার জন্য সাদা পাতার এক টুকরো— কাগজ ছাড়া জীবন কাটানোর কথা ভাবাই যায় না। সাধারণত কাগজ তৈরি হয় বার্চ, পপলার জাতীয় গাছের কাঠের মণ্ড থেকে। কিন্তু পরিবেশগত কারণে গাছ কাটায় এখন নানা নিষেধাজ্ঞা জারি হয়েছে। স্বাভাবিকভাবেই টান পড়ছে কাগজ তৈরির কাঁচামালে। আন্তর্জাতিক বাজারে কাগজের দাম লাফিয়ে বাড়ছে। গোটা বিশ্বই এ পরিস্থিতির একটা সমাধানের জন্য উন্মুখ। খোঁজ চলছে কাগজ তৈরির বিকল্প উপাদানেরও।

### বিকল্প হতে পারে পাট

পাটের তন্তু থেকে ভালো মানের কাগজ তৈরি হতে পারে। কেন্দ্রীয় সরকারের সংস্থা ন্যাশনাল ইনস্টিটিউট অব রিসার্চ অন জুট অ্যান্ড অ্যালায়েড ফাইবার টেকনোলজি (নিরজাফট) পাট থেকে কাগজ তৈরির প্রযুক্তি নিয়ে দীর্ঘদিন ধরে কাজ করছে।

এবার এই সংস্থা বেকার তরুণ-তরুণীদের পাটতন্তু থেকে কাগজ তৈরির কলাকৌশল শিখিয়ে দেওয়ার উদ্যোগ নিয়েছে। মিক্সার, গ্রাইন্ডার, প্রেসিং মেশিনের মতো কিছু সাধারণ যন্ত্রপাতি ব্যবহারের পাশাপাশি হাতেও অনেকটা কাজ করে নেওয়া যাবে।

### পাটের কাগজ থেকে কী তৈরি হবে

কী-কী তৈরি হতে পারে পাট থেকে তৈরি কাগজ থেকে? নিরজাফট-এর টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট তরুণ কুণ্ডু জানান, অল্প সরঞ্জাম ব্যবহার করে পাটতন্তু থেকে তৈরি এই কাগজ হবে পুরু। এ দিয়ে তৈরি হতে পারে ব্যাগ, ফাইল কভার, রাইটিং প্যাড, পেপার ফোল্ডার, ভিজিটিং কার্ড, ক্যালেন্ডার ইত্যাদি।

এরপর চোদ্দোর পাতায়

অনলাইনেও গ্রাহক হওয়া যায়
www.swarnakshar.in



কলেজে পড়তে পড়তেই নিয়মিত পড়ুন
পেশাপ্রবেশ
আর স্নাতক হয়েই যে কোনও চাকরির পরীক্ষা দিন নিশ্চিন্তে

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয় সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- গাঁচবেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ঘরে বসে নিয়মিত 'পেশাপ্রবেশ' পেতে ২৩০ (ক্যুরিয়ারে ৪৯০) টাকার চেক/ড্রাফট নীচের ঠিকানায় পাঠিয়ে বার্ষিক গ্রাহক হোন:

Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-19
Ph: 2283-2320 □ E-mail: info@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কেন্দ্রীয় সরকারে স্টেনোগ্রাফার পরীক্ষার ধরনধারণ ও সিলেবাস



**কয়েকশো স্টেনোগ্রাফার নিচ্ছে কেন্দ্রীয় সরকার। এখন দরখাস্ত করা যাচ্ছে। দুই পর্বের পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। প্রথম পর্বের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় সফল হলে দ্বিতীয় পর্বের স্টেনোগ্রাফি টেস্টে বসা যাবে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ফেব্রুয়ারির গোড়ায়। হাতে রয়েছে তিন মাস। এখানে পরীক্ষার ধরনধারণ ও সিলেবাস সম্পর্কে বিশদে জানানো হল।**

**নিজস্ব প্রতিনিধি:** যাঁরা ভালো স্টেনোগ্রাফি জানেন তাঁদের কাছে কেন্দ্রীয় সরকারের 'সি' ও 'ডি' গ্রুপে স্টেনোগ্রাফির চাকরি একটি বড় সুযোগ। উভয় গ্রুপের ক্ষেত্রেই প্রয়োজনীয় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। শর্টহ্যান্ড ও টাইপ রাইটিংয়ে দক্ষ হতে হবে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন 'স্টেনোগ্রাফার গ্রেড 'সি' অ্যান্ড 'ডি' এক্সামিনেশন-২০১৮'-র মাধ্যমে। 'কর্মক্ষেত্র'র ২৬ অক্টোবর সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। পরীক্ষায় বসার জন্য আবেদন করা যাচ্ছে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in

## পরীক্ষার ধরনধারণ

পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা। এই পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের স্কিল টেস্ট তথা স্টেনোগ্রাফির পরীক্ষায় বসার ডাক পাওয়া যাবে।

কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা আয়োজিত হবে ১-৬ ফেব্রুয়ারি। কোন প্রার্থীর পরীক্ষা কত তারিখে তা জানানো হবে অ্যাডমিট কার্ডে। প্রথম ধাপের পরীক্ষার প্রস্তুতির জন্য হাতে সময় রয়েছে ৩ মাস।

ফলে অনলাইন দরখাস্তের প্রক্রিয়াটি সম্পূর্ণ হয়ে যাওয়ার পরেই কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার প্রস্তুতির জন্য কোমর বাঁধতে হবে। এটি একটি সর্বভারতীয় পরীক্ষা। প্রতিযোগিতাও তীব্র। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় যত বেশি স্কোর করা যাবে, প্রতিযোগিতায় ততটাই এগিয়ে থাকা যাবে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার জন্য স্টাফ সিলেকশন কমিশনের নির্দিষ্ট সিলেবাস রয়েছে। পড়াশোনা করতে হবে সেই সিলেবাস অনুসারে। নীচে পরীক্ষার ধরন ও বিষয় অনুসারে সিলেবাসটি জানানো হল।

**পরীক্ষার বিষয় ও নম্বর:** একটি পত্রেই পরীক্ষা হবে। প্রশ্নপত্রের তিনটি অংশ। প্রথমাংশে থাকবে জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং (৫০টি প্রশ্ন), দ্বিতীয়াংশে জেনারেল অ্যাওয়ারনেস (৫০টি প্রশ্ন) এবং তৃতীয়াংশে ইংলিশ ল্যাঙ্গুয়েজ ও কম্প্রিহেনশন (১০০টি প্রশ্ন)। প্রতি প্রশ্নের নম্বর ১। অর্থাৎ মোট ২০০ নম্বরের পরীক্ষা।

অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের জন্য চারটি করে উত্তর দেওয়া থাকবে। ওই চারটি উত্তরের মধ্যে থেকে সঠিক উত্তরটি খুঁজে নিতে হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য অতিরিক্ত ০.২৫ নম্বর কাটা যাবে। পরীক্ষার সময় ২ ঘণ্টা। যাঁরা দৃষ্টি-প্রতিবন্ধকতার জন্য স্ক্রাইব ব্যবহার করবেন, তাঁরা অতিরিক্ত ৪০ মিনিট পাবেন।

## বিষয় অনুসারে সিলেবাস

**জেনারেল ইন্টেলিজেন্স:** এ বিষয়ে প্রশ্ন হবে এইসব ক্ষেত্র থেকে: অ্যানালজি, সাদৃশ্য-বৈসাদৃশ্য, স্পেস ভিশুয়ালাইজেশন, প্রবলেম সলভিং, বিশ্লেষণ, বিচার, সিদ্ধান্ত গ্রহণ, পর্যবেক্ষণ ও পার্থক্য নির্ণয়, সম্পর্ক নির্ণয়, পাটিগণিতের ভিত্তিতে কারণ নির্ণয় (এরিথমেটিক্যাল রিজনিং), ভার্বাল অ্যান্ড ফিগার ক্লাসিফিকেশন, এরিথমেটিক্যাল নাম্বার সিরিজ, নন-ভার্বাল সিরিজ। থাকবে বিভিন্ন প্রতীক এবং সেগুলির মধ্যে সম্পর্ক নির্ণয় ও পাটিগণিত নির্ভর হিসেব (এরিথমেটিক্যাল কম্পিউটেশন)। এই অংশে মূলত প্রার্থীর বিশ্লেষণী ক্ষমতা যাচাই করা হবে। দৃষ্টি-সংক্রান্ত প্রতিবন্ধীদের ক্ষেত্রে গ্রাফ, ডায়াগ্রাম, পরিসংখ্যান বিশ্লেষণ-সংক্রান্ত প্রশ্ন হবে না।

**জেনারেল অ্যাওয়ারনেস:** এই অংশে প্রার্থী সাম্প্রতিক জাতীয় ও আন্তর্জাতিক বিষয় সম্পর্কে কতটা ওয়াকিবহাল তা জরিপ করা হবে।

**ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন:** স্টেনোগ্রাফারের চাকরিপ্রার্থীদের ক্ষেত্রে ইংরেজি বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই ইংরেজি নিয়ে ধারাবাহিকভাবে চর্চা করতেই হবে। যাঁরা হিন্দি ভাষায় স্কিল টেস্ট দেবেন তাঁদের ক্ষেত্রেও এই অংশের উত্তর করা বাধ্যতামূলক। অন্য দু'টি অংশের তুলনায় ইংরেজির প্রশ্ন-সংখ্যা ও নম্বর দ্বিগুণ।

ইংরেজি অংশে থাকবে ভোকাবুলারি, বাক্যগঠন, সমার্থক ও বিপরীতার্থক শব্দ ও সেইসব শব্দের সঠিক ব্যবহার। থাকবে কম্প্রিহেনশন। প্যারাগ্রাফ পড়ে প্রশ্নের সঠিক উত্তর বেছে নিতে হবে। জোর দিতে হবে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক স্তরের গ্রামারে।

## স্টেনোগ্রাফি টেস্ট

যাঁরা মিনিটে অন্তত ১০০টি ইংরেজি বা হিন্দি শব্দ শর্টহ্যান্ডে লিখতে পারেন, তাঁরা গ্রুপ 'সি' ক্যাটেগরিতে আবেদন করতে পারেন। মিনিটে অন্তত ৮০টি ইংরেজি বা হিন্দি শব্দ শর্টহ্যান্ডে লিখতে পারলে গ্রুপ 'ডি' ক্যাটেগরির পদে আবেদন করা যাবে। কোন ভাষা-মাধ্যমে স্টেনোগ্রাফি টেস্ট দেবেন তা দরখাস্তের নির্দিষ্ট কলমে জানিয়ে দিতে হবে।

লিখিত পরীক্ষায় সফল হলে স্টেনোগ্রাফি টেস্ট নেওয়া হবে।

স্টেনোগ্রাফি টেস্টে গ্রুপ 'সি' প্রার্থীদের মিনিটে ১০০ শব্দের

এরপর চোদ্দোর পাতায়




জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আগ্রহ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।

১৮/১২/২০০০

কর্মক্ষেত্র

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

ইন্টারনেটে কর্মক্ষেত্র: www.ekarmakshetra.com

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

অক্টোবর মাসের প্রতিযোগিতায় বিজয়ী পবিত্র সিনহা

পেলেন ৫০০০ টাকা পুরস্কার



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের ডেপুটি সেক্রেটারি **এম এন মাইতি**



## বল পেন তৈরি

**পবিত্র সিনহা**, এন্টালি, কলকাতা

**বিচারক:** নিজে কলম তৈরির ব্যবসা করেন। অভিজ্ঞতা আছে। প্রকল্পটি গুছিয়ে লিখেছেন। কাঁচামালের খরচের হিসাব আলাদা করে দিলে ভালো হত। যাঁরা ঘরোয়া ভাবে কলম তৈরির ব্যবসা করবেন, তাঁরা পবিত্রবাবুর এই লেখাটি থেকে ব্যবসার একটা দিশা পেতে পারেন।

### ভূমিকা

কলকাতার উপকণ্ঠে এন্টালি থানার অন্তর্গত আনন্দ পালিত রোডের বাসিন্দা। আমার বাবা একজন ঘড়ি বিক্রেতা। দ্বাদশ শ্রেণি পর্যন্ত পড়াশোনা করেছি। বর্তমানে আমি ঘরে বসে বিভিন্ন ধরনের কলম তৈরি করি। এই ব্যবসা শুরু করার আগে আমি তিন বছর একটি পেন তৈরির কারখানায় কাজ করতাম। অভিজ্ঞতা থেকে বলতে পারি এই ব্যবসাটি বেকার যুবকদের স্বনির্ভরতার সন্ধান দিতে পারে।

### এই ব্যবসাটি বেছে নেওয়ার কারণ

পেন বা কলম শিক্ষার্থী ও সাধারণ মানুষের নিত্য প্রয়োজনীয় সামগ্রী। সারা বছর পেনের চাহিদা থাকে। ব্যবসাটি শুরু করা যায় খুবই কম পুঁজিতে, মাত্র ২০-২৫ হাজার টাকা বিনিয়োগ করে। কলম তৈরির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, কাঁচামাল ও আনুষঙ্গিক সামগ্রী বাজারে সহজলভ্য। মহিলারাও ঘরে বসে এই কাজ করতে পারবেন। ব্যবসা শুরু করার জন্য পুঁজির অভাব দেখা দিলে ব্যাঙ্ক থেকে সরল সুদে ঋণ নেওয়া যেতে পারে।

### কীভাবে এগোবেন

এই ব্যবসাটি করতে হলে প্রথমেই লাগবে মেশিনারি। পেন তৈরির মেশিনপত্র কিনতে পারবেন গণেশ চন্দ্র অ্যাভেনিউ অঞ্চলের দোকানগুলিতে। ইন্ডিয়ামার্ট ওয়েবসাইট-এ গিয়েও দেখতে পারেন। বল পেন তৈরির চারটি মেশিন একসঙ্গে একটি প্যাকেজ হিসেবে পাওয়া যায়। দাম আনুমানিক পনেরো হাজার টাকা। যাদের থেকে মেশিন কিনবেন তারাই উপযুক্ত ট্রেনিং ও কাঁচামালের ব্যবস্থা করবেন।

### পদ্ধতি

প্রথমে অ্যাডাপ্টার ফিটিং মেশিনের মাধ্যমে পেনের ব্যারেলে

উৎপাদিত পেন বিক্রির জন্য অঞ্চলের প্রতিটি স্টেশনারি দোকানের সঙ্গে যোগাযোগ করতে হবে। তাছাড়া স্কুল, কলেজগুলিতে গিয়ে প্রোডাক্ট সম্পর্কে ছাত্রছাত্রীদের অবগত করতে হবে। অফিসপাড়ার আশপাশে ফুটপাথে অসংখ্য দোকান বসে, সেখানে কিছুটা মার্কেটিং করতে হবে। স্টেশন চত্বরে কিংবা অফিসটাইমে ট্রেনের হকাররা যাতে প্রোডাক্ট ফেরি করেন তারও ব্যবস্থা করা যায়।

অ্যাডাপ্টার ফিট করতে হবে। দিনে যতগুলি পেন উৎপাদন করতে চান ততগুলি পেনে অ্যাডাপ্টার ফিট করে নেবেন। এর ফলে আপনার হাত সেট হয়ে যাবে ও কাজটি গতিসম্পন্ন হবে। এরপর ইঙ্ক ফাইলিং মেশিনের মাধ্যমে পেনে কালি ভরে নেবেন। মেশিনটিতে মাপ দেওয়া থাকে, সেই মাপমতো কালি ভরবেন।

তৃতীয় পর্যায়ে টিপ ফিটিং মেশিনের মাধ্যমে টিপ বা নজলটি পেনে ফিট করতে হবে। এরপর সেন্ট্রিফিউজ মেশিনের মাধ্যমে পেনটি গোলভাবে এক মিনিট ঘোরাতে হবে। লক্ষ রাখতে হবে, পেনের টিপটি যেন মেশিনের ভেতরে থাকে।

নিজের কোম্পানির নাম পেনের উপর ছাপতে হলে নেম প্রিন্টিং মেশিন কিনতে হবে।

**স্থায়ী মূলধন:**

১২ ফুট × ১০ ফুট ঘর — নিজস্ব

- অ্যাডাপ্টার ফিটিং মেশিন (ম্যানুয়াল)
- ইঙ্ক ফিটিং মেশিন (ম্যানুয়াল)
- টিপ ফিটিং মেশিন (ম্যানুয়াল)
- সেন্টিফিউজ মেশিন

মোট খরচ (আনুমানিক) — ১৫,০০০ টাকা

**প্রযোজ্য ক্ষেত্রে:**

নেম প্রিন্টিং মেশিন — ৬,০০০ "

মোট — ২১,০০০ টাকা

**কার্যকরী মূলধন**

**কাঁচামাল:**

- পেনের ব্যারেল বা বডি
- কালি
- অ্যাডাপ্টার
- নিব
- পেন ক্যাপ

মোট (আনুমানিক) — ৪,০০০ টাকা

মোট ব্যয় = (১৫,০০০+৬,০০০+৪,০০০)
= ২৫,০০০ টাকা।

**আয়**

প্রতিটি পেন তৈরি করতে খরচ = ১.৩০ টাকা

পাইকারি বিক্রয়মূল্য (প্রতিটি) = ১.৭০ "

খুচরা বিক্রয়মূল্য (প্রতিটি) = ৩.০০ "

দৈনিক ৮ ঘন্টা কাজ করলে মোট ২,০০০টি পেন উৎপাদন করা সম্ভব।

আমার মনে হয়, পাইকারি বিক্রয়কে বেশি গুরুত্ব দেওয়া উচিত। তাই, পাইকারি হারে দৈনিক লাভ = (০.৪০ টাকা × ২,০০০) পিস = ৮০০ টাকা।

সুতরাং মাসিক আয় = ৮০০ × ২৬ দিন = ২০,৮০০ টাকা।

### মার্কেটিং

উৎপাদিত পেন বিক্রির জন্য অঞ্চলের প্রতিটি স্টেশনারি দোকানের সঙ্গে যোগাযোগ করতে হবে। তাছাড়া স্কুল, কলেজগুলিতে গিয়ে প্রোডাক্ট সম্পর্কে ছাত্রছাত্রীদের অবগত করতে হবে। অফিসপাড়ার আশপাশে ফুটপাথে অসংখ্য দোকান বসে, সেখানে কিছুটা মার্কেটিং করতে হবে। স্টেশন চত্বরে কিংবা অফিসটাইমে ট্রেনের হকাররা যাতে প্রোডাক্ট ফেরি করেন তারও ব্যবস্থা করা যায়।

### ভবিষ্যৎ পরিকল্পনা

চাহিদার কথা মাথায় রেখে ব্যবসাটি বাড়ানো যেতে পারে। সেক্ষেত্রে মেশিনারির সংখ্যা বাড়াতে হবে। ব্যবসা বাড়লে অটোমেটিক মেশিন কিনতে হতে পারে। সেইসঙ্গে ব্যবসার পরিধি বাড়ানোর দিকে নজর দিতে হবে।

---

স্বনির্ভরতার নানা পথ

# ভালো করে ব্যবসা করতে হলে শেখাটা পোক্ত হওয়া চাই

**শহরের ফ্ল্যাটের বারান্দা, বাড়ি-লাগোয়া জমি বা ছাদে বাগান করার চল বাড়ছে। গাছপ্রেমীরা আগ্রহ থাকলে গাছ কিনে বা তৈরি করে বিক্রি করতে পারেন। গাছ নিয়ে আশৈশব আগ্রহ থেকেই গাছের ব্যবসা করছেন শ্রীমন্ত মণ্ডল। 'কর্মক্ষেত্র'-কে জানালেন ব্যবসার খুঁটিনাটি।**





ছোট থেকেই বাগান, গাছ নিয়ে থাকতে ভালোলাগত। এদিক-ওদিক থেকে গাছের চারা নিয়ে এসে নিজেদের বাড়ি-লাগোয়া জমিতে পুঁতে দিতাম। তাদের বড় করা, সাজানোর শখ ছিল। দাদার সঙ্গে একদিন কলকাতায় এসে চোখে পড়ল নার্সারিতে নানা ধরনের গাছ বিক্রি হচ্ছে। বাড়ি ফিরে ঠিক করলাম গাছ নিয়েই কাজ করব। খোঁজখবর নিতে শুরু করলাম। পরিচিত একজনের সঙ্গে যোগাযোগের সূত্রে শহরের একটি নার্সারিতে কাজ শিখতে শুরু করি। কীভাবে গাছ লাগানো হয়, কোন গাছে কী সার দিতে হয়, ক্যাকটাসে কীরকম মাটি লাগে, বনসাই তৈরি করতে কীরকম মাটি লাগে ইত্যাদি খুঁটিনাটি শিখতে থাকলাম। কিছুদিন শেখার পর একটু একটু করে কাজ পেতে শুরু করি সরকারি বিভিন্ন প্রকল্পে। বড় বড় বাগান তৈরির কাজ। রেলের সিগন্যাল তৈরির গভর্নমেন্ট আন্ডারটেকিং সংস্থার বিরাট জমিতেও কাজের দায়িত্ব পাই। তাদের থেকে সার্টিফিকেটও পেয়েছিলাম।

কয়েকবছর কাজ করার পর যখন দেখলাম মোটামুটি আয়ত্তে এসে গিয়েছে ব্যাপারটা, সেইসঙ্গে বেশ কিছু যোগাযোগও তৈরি হয়েছে, তখন নিজের ব্যবসা শুরু করি।

ব্যবসা শুরু করেছিলাম মাত্র ১,৭০০ টাকা হাতে নিয়ে। এক মাসে হয়ত পঞ্চাশটা গাছ কিনলাম। তিরিশটা গাছ বিক্রি হল, বাকিগুলো হল না। ওই বিক্রির টাকাতেই সংসার চালিয়ে কিছু হাতে রেখে দিতাম। তাই দিয়ে আবার তিরিশটি গাছ কিনতাম। এইভাবে আস্তে আস্তে গাছের সংখ্যা বাড়ল। তবে এই ব্যবসায় লাভের মুখ দেখতে হলে গাছ সম্পর্কে জানতেই হবে। জানতে হবে কম্পোস্ট সার, গোবর সার, নিমখোল, সরষে খোল, সুপার ফসফেট, পটাস ইত্যাদি নানারকম সার কোনটা কতটা মিলিয়ে কোথায় দিতে হবে, কতদিন বাদে জল দিতে হবে, কতটা মাটি খুঁড়তে হবে। গাছ সম্পর্কে এই জ্ঞান কাজে লাগিয়ে একটা গাছ থেকে তিরিশ-চল্লিশটা গাছ বানিয়ে নেওয়া যায়। একটার পুঁজিতে দশটা গাছ তৈরি হয়ে যাবে।

বেশ কয়েকবছর হয়ে গেল কলকাতায় নিজস্ব দোকান খুলেছি। নিয়মিত ক্রেতা কিছু আছেন যাঁরা নিজেদের বাগানের জন্য গাছ কেনেন। এছাড়া বিভিন্ন জায়গায় কর্পোরেশনের কাজ করি। শহরে প্রচুর পার্ক রয়েছে, নতুন তৈরিও হচ্ছে। সেখানে গাছ লাগানোর অর্ডার পাই।

ঠিকভাবে ব্যবসা করতে পারলে মাসে পনেরো থেকে কুড়ি হাজার টাকা রোজগার করাই যায়। সেই সঙ্গে বড় অর্ডার যদি পাওয়া যায় তাহলে মাসে লাখ টাকাও রোজগার করা অসম্ভব নয়। ভিন রাজ্যে এবং বিদেশে গাছ রপ্তানির সুযোগ আছে। আমার পরিচিত অনেকেই নিজস্ব জমি কাজে লাগিয়ে বিদেশে রপ্তানির ব্যবসা করছে। এখন অনলাইনেও গাছ কেনাবেচা হয়। আগে বাড়িতে বড় বাগান থাকত, ছাদে বাগান হত। আধুনিক ফ্ল্যাট-কালচারে সেই ছবি বদলে গিয়েছে। অসংখ্য ফ্ল্যাট উঠছে শহর এবং শহরতলি জুড়ে। সেখানে অল্প জায়গায় শৌখিন বাগানের চাহিদা তৈরি হয়েছে।

লাভের সুযোগ রয়েছে দেখে অনেকেই গাছের ব্যবসা শুরু করছেন। কিন্তু হঠাৎ কয়েকটা গাছ কিনে দোকান খুলে ফেললাম, সেভাবে কিন্তু গাছের ব্যবসা হয় না। এতে ঝুঁকিও থাকে। গাছ মরে যেতে পারে, ভেঙে যেতে পারে। ভালো করে ব্যবসা করতে হলে শেখাটা পোক্ত হওয়া চাই।

বিক্রির জায়গায় গাছের সঙ্গে আনুসঙ্গিক জিনিসপত্র রাখতে পারলে ভালো। টব, সার, মাটি, কোকোপিট, জল দেওয়ার ঝারি, ছোট ছোট কোদাল, খুরপি জাতীয় যন্ত্রপাতি বিক্রির জন্য রাখলে, 'একছাদের তলায় সব পাওয়া যায়' এরকম একটা ধারণা তৈরি হয়। সেটা ব্যবসার পক্ষে ভালো।

---

স্বনির্ভরতার লক্ষ্যে

## পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**ডিসেম্বর-এর প্রতিযোগিতার জন্য নভেম্বর মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ ডিসেম্বর-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কেন্দ্রীয় সরকারের কমিউনিটি কলেজ প্রকল্পে

# ভিডিওগ্রাফি ও ওয়েব ডিজাইনিংয়ের কোর্স



**কেন্দ্রীয় সরকারের কমিউনিটি কলেজ প্রকল্পের আওতায় ফটোগ্রাফি ও ভিডিও প্রোডাকশন এবং ওয়েব ডিজাইনিং ও ডেভেলপমেন্টের ১ বছরের ডিপ্লোমা কোর্স পড়া যাচ্ছে ডিরোজিও মেমোরিয়াল কলেজে। রয়েছে স্টাইপেন্ড পাওয়ার সুযোগ। ভর্তির জন্য এখনই আবেদন করা যাচ্ছে।**

**নিজস্ব প্রতিনিধি:** যুগোপযোগী শিক্ষার উপর বিশেষ জোর দিয়েছে কেন্দ্রীয় সরকার। তরুণ-তরুণীদের মধ্যে কাজের বিভিন্ন ক্ষেত্রে উপযোগী কারিগরি দক্ষতা গড়ে তুলতে শুরু হয়েছে সম্পূর্ণতই কর্মমুখী তথা বৃত্তিমূলক শিক্ষা-প্রকল্প। এরকমই একটি উদ্যোগ কমিউনিটি কলেজ। এই প্রকল্পের আওতাধীন শিক্ষাব্যবস্থায় হাতেকলমে শিক্ষা ও দক্ষতা অর্জনের উপর গুরুত্ব দেওয়া হয়।

আমেরিকা, কানাডা, অস্ট্রেলিয়া এবং ইউরোপের বিভিন্ন দেশে কমিউনিটি কলেজ প্রকল্প দীর্ঘদিন ধরেই প্রচলিত। অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া তরুণ-তরুণীরা কমিউনিটি কলেজ প্রকল্পে আধুনিক বিভিন্ন কাজে দক্ষ হয়ে ওঠার সুযোগ পান। সামান্য খরচে, অনেক সময় কার্যত নিখরচায় বিভিন্ন কোর্স করানো হয়।

এ-দেশে ২০১৫-য় কমিউনিটি কলেজ প্রকল্প চালু হয়েছে। দেশজুড়ে নির্দিষ্ট কিছু কলেজে বিভিন্ন বিষয়ে ডিপ্লোমা কোর্স করা যায়।

এ-রাজ্যের ডিরোজিও মেমোরিয়াল কলেজে কমিউনিটি কলেজ প্রকল্পের আওতায় দু'টি ১ বছরের ডিপ্লোমা কোর্স পড়ানো হয়— (১) ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি, (২) ওয়েব ডিজাইন ও ডেভেলপমেন্ট।

**ডিরোজিও মেমোরিয়াল কলেজের কমিউনিটি কলেজ স্কিমের নোডাল অফিসার অনির্বাণ বসু রায়চৌধুরী জানান, নিকন, ক্যাননের মতো আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ক্যামেরা প্রস্তুতকারক সংস্থা এবং ক্যালকাটা জার্নালিস্টস ক্লাবের সহায়তায় ফটোগ্রাফি-ভিডিওগ্রাফির পাঠ্যক্রম তৈরি করা হয়েছে। কলেজেই রয়েছে বিভিন্ন ধরনের লাইট সেট আপ, স্টুডিও ফ্লোর, ফটো শুটের ব্যাকগ্রাউন্ড, ক্রোমা স্টুডিও, বিভিন্ন ধরনের ডি এস এল আর ক্যামেরা, ভিডিও ক্যামেরা, স্টুডিও ক্যামেরা, ফিশ আই লেন্স ক্যামেরা, ড্রোন ক্যামেরা। রয়েছে ডাবিং স্টুডিও, সাউন্ড এডিটিং সফটওয়্যার। ফলে ছাত্রছাত্রীরা সরাসরি হাতেকলমে কাজ শিখবেন।**



### ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি

এই কোর্সে একইসঙ্গে স্থিরচিত্র ও ভিডিওগ্রাফির আধুনিক প্রকরণ-পদ্ধতি শেখানো হয়। ডিরোজিও মেমোরিয়াল কলেজের কমিউনিটি কলেজ স্কিমের নোডাল অফিসার অনির্বাণ বসু রায়চৌধুরী জানান, নিকন, ক্যাননের মতো আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ক্যামেরা প্রস্তুতকারক সংস্থা এবং ক্যালকাটা জার্নালিস্টস ক্লাবের সহায়তায় ফটোগ্রাফি-ভিডিওগ্রাফির পাঠ্যক্রম তৈরি করা হয়েছে। কলেজেই রয়েছে বিভিন্ন ধরনের লাইট সেট আপ, স্টুডিও ফ্লোর, ফটো শুটের ব্যাকগ্রাউন্ড, ক্রোমা স্টুডিও, বিভিন্ন ধরনের ডি এস এল আর ক্যামেরা, ভিডিও ক্যামেরা, স্টুডিও ক্যামেরা, ফিশ আই লেন্স ক্যামেরা, ড্রোন ক্যামেরা। রয়েছে ডাবিং স্টুডিও, সাউন্ড এডিটিং সফটওয়্যার। ফলে ছাত্রছাত্রীরা সরাসরি হাতেকলমে কাজ শিখবেন।

অনির্বাণবাবু জানান, এই কোর্সের ছাত্রছাত্রীদের ফিল্ম অ্যাপ্রিশিয়েশন-এর পাঠও দেওয়া হবে। এক্ষেত্রে সহায়তা করবেন সত্যজিৎ রায় ফিল্ম ও টেলিভিশন ইনস্টিটিউট এবং রূপকলা কেন্দ্রের বিশিষ্ট শিক্ষকরা। কোর্স শেষে থাকবে ইন্টার্নশিপ এবং ক্যাম্পাসিংয়ের ব্যবস্থা। থাকবে ক্যানন ও নিকনের বিভিন্ন ফটোগ্রাফি ওয়ার্কশপে নিখরচায় অংশগ্রহণের সুযোগও।

### ওয়েব ডিজাইনিং ও ডেভেলপমেন্ট

এই কোর্সটিতে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে ওয়েব ডিজাইনিংয়ের পুঙ্খানুপুঙ্খ কাজ শেখানো হয়। ওয়েব

এরপর চোদ্দোর পাতায়

# পাবলিক রিলেশনসের ভোকেশনাল ডিগ্রি কোর্স



**সরকারি প্রতিষ্ঠানে পাবলিক রিলেশনসের ভোকেশনাল ডিগ্রি কোর্স পড়া যাচ্ছে। উচ্চমাধ্যমিক পাশ হলে আবেদন করা যাবে। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই। এখনই ভর্তির জন্য আবেদন করতে পারেন।**

**নিজস্ব প্রতিনিধি:** পাবলিক রিলেশনস আধুনিক কর্পোরেট দুনিয়ার অপরিহার্য একটি অংশ। অন্যান্য সংস্থার সঙ্গে যোগাযোগ, বিজ্ঞাপনী প্রচারের জন্য টিভি, রেডিও, খবরের কাগজের সঙ্গে যোগাযোগের দায়িত্ব— সবটাই সামলাতে হয় পি আর ম্যানেজারকে। পোশাকি ভাষায় একেই বলে কর্পোরেট কানেকশন অ্যান্ড মিডিয়া ম্যানেজমেন্ট।

এখন ডিজিটাল মাধ্যমও বিজ্ঞাপন এবং প্রচারের ক্ষেত্রে বড় সুযোগ এনে দিয়েছে। এমন অসংখ্য সংস্থা ইতিমধ্যেই রয়েছে যারা শুধুমাত্র বিভিন্ন সংস্থার ডিজিটাল মিডিয়া সামলানোর কাজ করে।

পাবলিক রিলেশনসেরই একটি বিভাগ ইভেন্ট ম্যানেজমেন্ট। কর্পোরেট ইভেন্ট, জাতীয় বা আন্তর্জাতিক স্তরের কনফারেন্স, সেমিনার, প্রোডাক্ট লঞ্চের মতো বিভিন্ন অনুষ্ঠানের উপর সংস্থার পরিচিতি এবং সুনাম নির্ভর করে।

আজকাল বিয়ে, জন্মদিনের মতো সামাজিক অনুষ্ঠান থেকে রিয়েলিটি শো— যে-কোনও অনুষ্ঠানই পেশাদার মোড়কে উপস্থাপনের রেওয়াজ হয়েছে। যারা অনুষ্ঠানের উদ্যোক্তা তাঁরা এইসব অনুষ্ঠান আয়োজনের ভার পেশাদার ইভেন্ট ম্যানেজারদের হাতে ছেড়ে নিশ্চিন্ত থাকেন।

কাজেই পাবলিক রিলেশনসের পেশাদারদের চাকরি ছাড়াও স্বাধীন ভাবে জীবিকা অর্জনের সুযোগ যথেষ্ট।

### কোথায় পড়বেন

এই বছর থেকে পাবলিক রিলেশনসের বি ভোক ডিগ্রি কোর্স পড়ানো শুরু হচ্ছে ডিরোজিও মেমোরিয়াল কলেজে। এই বিষয় নিয়ে কোনও সরকারি প্রতিষ্ঠানে ডিগ্রি কোর্স এই প্রথম। কোর্সের মেয়াদ ৩ বছর।

### কী পড়বেন

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের স্কিল ডেভেলপমেন্ট ব্যুরোর তদারকিতে তৈরি হয়েছে এই কোর্সের পাঠ্যক্রম। ৩ বছরের পূর্ণ সময়ের এই কোর্সে পড়তে হবে: ইভেন্ট ম্যানেজমেন্ট, মিডিয়া রিলেশনস, কর্পোরেট কমিউনিকেশনস, মিডিয়া রিসার্চ, ভিডিওগ্রাফি অ্যান্ড এডিটিং, অ্যাডভার্টাইজমেন্ট ক্রিয়েশন, কর্পোরেট সোশ্যাল অ্যাক্টিভিটি, অ্যাকাউন্টিং অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্ট প্রভৃতি বিষয়।

### কারা পড়বেন

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও বিষয়ে উচ্চমাধ্যমিক। বয়সের কোনও নির্দিষ্ট উর্ধ্বসীমা নেই।

ফি: ভর্তির সময় দিতে হবে ৪,০০০ টাকা। এছাড়া প্রতি মাসে সেশন ফি বাবদ ৬০০ টাকা করে দিতে হবে। শর্তসাপেক্ষে স্কলারশিপের ব্যবস্থা আছে।

### কীভাবে ভর্তি

ডিরোজিও মেমোরিয়াল কলেজে পাবলিক রিলেশনসের বি ভোক ডিগ্রি কোর্স পড়ার জন্য এখন ভর্তি নেওয়া চলেছে। আগে-এলে-আগে পদ্ধতিতে ভর্তি নেওয়া হবে। ভর্তির জন্য অনলাইন আবেদন করতে হবে এই

এরপর চোদ্দোর পাতায়

**ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের স্কিল ডেভেলপমেন্ট ব্যুরোর তদারকিতে তৈরি হয়েছে এই কোর্সের পাঠ্যক্রম। ৩ বছরের পূর্ণ সময়ের এই কোর্সে ভর্তি চলছে।**

### পাবলিক রিলেশনসের ভালো বাজার পশ্চিমবঙ্গে



**অহনা কাঞ্জিলাল দত্ত**
*পাবলিক রিলেশনস হেড*
*শ্রী ভেঙ্কটেশ ফিল্মস এন্টারটেনমেন্ট প্রাইভেট লিমিটেড*

যে-কোনও সংস্থা বা পণ্যের একটা ভাবমূর্তি তৈরি করতে হয় জনমানসে। সেই অনুযায়ী তার বাজার তৈরি হয়। আমরা এই ইমেজ তৈরির কাজটা করি। পণ্যটির বাজারে কী ধরনের চাহিদা আছে, কত লোক কিনতে পারবে, কীভাবে সেই ক্রেতাদের কাছে পৌঁছানো যায় এইসব বিষয়ে পরিকল্পনা এবং সেই অনুযায়ী কাজ এই বিভাগের আওতায় পড়ে।

আমি যেহেতু চলচ্চিত্রের জগতে আছি, তাই আমার ক্ষেত্রের উদাহরণ দিয়েই বলি, ছবির ধরন এবং বক্তব্য অনুযায়ী কোন ধরনের দর্শকের কাছে সেটির কদর হবে, সেই নিয়ে রীতিমতো গবেষণা করা হয় এবং পরবর্তীকালে সেই অনুযায়ী ক্যাম্পেন হয়। সিনেমা সম্পর্কে কোন বক্তব্যটা দর্শকের কাছে পৌঁছে দেওয়া হবে, প্রোমোশনের কনটেন্ট কী হবে যাতে বেশি লোক জানবে ও দেখতে আসবে, এই সামগ্রিক ব্যাপারটা পাবলিক রিলেশনস বিভাগই দেখে। এর উপর নির্ভর করে ফিল্মের ট্রেলার বানানো হয়, রিয়েলিটি শো-এ প্রোমোশন হয়। ফিল্মের প্রোমোশনের জন্য সাক্ষাৎকার দিতে গিয়ে ছবির শিল্পী বা পণ্যের জন্য ব্র্যান্ড অ্যাম্বাসাডার কী কথা বলবেন, সবটাই ঠিক করে দেয় পাবলিক রিলেশনস বিভাগ।

পাবলিক রিলেশনস নিয়ে পড়লে স্বাধীনভাবে ব্যবসা করা যায়, আবার যে-কোনও সেক্টরে চাকরিও করা যায়। কোন সেক্টরে কাজ করবে, সেটা ঠিক করে নিতে হবে আগে। ফাস্ট মুভিং প্রোডাক্টের আলাদা বাজার, এন্টারটেনমেন্টের অন্য বাজার, কর্পোরেট, এডুকেশন, হসপিটালিটি সব সেক্টরেরই ধরন আলাদা। কিন্তু সব ক্ষেত্রেই পাবলিক রিলেশনস দরকার হয়। চাকরির সন্ধানে লেগে পড়ার আগে পারলে একবছর ইন্টার্নশিপ করে নাও। তাহলে যোগাযোগের সূত্রেই চাকরি পেয়ে যাবে।

পাবলিক রিলেশনস এজেন্সি, মিডিয়া হাউস, কর্পোরেট হাউসের নিজস্ব পাবলিক রিলেশনস টিম, এসব জায়গায় চাকরির ভালো সুযোগ আছে। ভেঙ্কটেশ গ্রুপের নিজেদের পি আর টিম আছে। আবার অনেক চলচ্চিত্র নির্মাতা সংস্থা ছবির প্রোমোশন ইত্যাদির জন্য এজেন্সিকে দায়িত্ব দেয়। সেখানেও চাকরি আছে। যথেষ্ট ভালো কাজের বাজার আছে পশ্চিমবঙ্গে।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ডিজাইনিংয়ের পেশা





**পণ্যকে আকর্ষণীয় করে তুলতে প্রয়োজন পড়ে দক্ষ ডিজাইনারদের। এই পেশায় আসতে চাইলে উচ্চমাধ্যমিকের পরই পড়তে পারেন ডিজাইনের ৪ বছরের স্নাতক কোর্স। ভর্তি নিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব ডিজাইন এবং ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি। প্রার্থী বাছাইয়ের প্রবেশিকা পরীক্ষা জানুয়ারিতে। ভর্তির জন্য আবেদন করতে পারেন এখনই।**

**নিজস্ব প্রতিনিধি:** কথায় বলে 'পহলে দর্শনধারী'। গুণের বিচার পরে। প্রতিযোগিতামূলক বাজারে ক্রেতার কাছেও 'দর্শন'-এর ভূমিকা খুব বড়। পাশাপাশি রাখা একই ধরনের পাঁচটি পণ্যের মধ্যে প্রথমেই ক্রেতার নজর কেড়ে নেবে সেটি, যার মোড়ক বা আকৃতি বা ছাঁদ সবচেয়ে সুন্দর। মোবাইল ফোন, গাড়ি, কম্পিউটার গেমস, জুতো, ব্যাগ, পোশাক, অলংকার, আসবাবপত্র, খাদ্যপণ্য, এমনকী জলের বোতল— কোনওটিই এই ক্রয়-প্রবণতার বাইরে নয়। নতুন কোনও পণ্যকে বা পুরনো পণ্যকেই নতুন করে তুলে ধরতে নির্মাতারা তাই প্রভূত গুরুত্ব দেন পণ্যের নকশা বা ডিজাইনের উপর।

ডিজাইনিংয়ের স্পেশ্যালাইজড কয়েকটি ক্ষেত্র রয়েছে, যেমন— টেক্সটাইল ডিজাইন, ফার্নিচার ডিজাইন, সেরামিক ও গ্লাস ডিজাইন, গ্রাফিক ডিজাইন, লেদার ডিজাইন, অ্যাকসেসরিজ ডিজাইন ইত্যাদি।

পণ্যের নকশা বা ডিজাইন সম্পর্কে আগ্রহ থাকলে উচ্চমাধ্যমিকের পরই পড়া যায় ডিজাইনিংয়ের স্নাতক কোর্স। স্নাতক হওয়ার পর উচ্চশিক্ষার পথও খোলা, পড়া যায় মাস্টার্স কোর্স।

ন্যাশনাল ইনস্টিটিউট অব ডিজাইনের ডিরেক্টর প্রদ্যুম্ন ব্যাসের কথায়, নতুন পণ্যকে আকর্ষণীয় ভাবে পেশ করা বা পুরনো পণ্যের নকশা বদলে ক্রেতার নজরে আনার কাজটি খুবই কঠিন। সৃজনশীলতার সঙ্গেই ক্রেতার চাহিদার কথা বোঝা এবং প্রযুক্তির ব্যবহার জানাটাও খুব গুরুত্বপূর্ণ। বিশেষজ্ঞ ডিজাইনারদের চাহিদা রয়েছে গোটা বিশ্বে। চাকরির ক্ষেত্রও সেই অনুযায়ী সুবিস্তৃত।

ডিজাইনিংয়ের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব ডিজাইন এবং ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি। উভয় প্রতিষ্ঠানেই ভর্তি হওয়ার জন্য দিতে হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা। আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন।

## ন্যাশনাল ইনস্টিটিউট অব ডিজাইন (এন আই ডি)

এখানে পড়া যায় ব্যাচেলর অব ডিজাইন কোর্স। এই শিক্ষা প্রতিষ্ঠানটি কেন্দ্রের বাণিজ্য ও শিল্প মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা এবং 'জাতীয় গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান'।

ডিজাইনিংয়ের ব্যাচেলর্স ডিগ্রি কোর্সটি পড়তে পারেন যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরাই। পড়ানো হয় আমেদাবাদে এন আই ডি-র প্রধান ক্যাম্পাসে।

### কী পড়বেন

কোর্সের মেয়াদ ৪ বছর। প্রথম বছরের দু'টি সেমেস্টারে পড়বেন ডিজাইনিংয়ের সাধারণ নীতি এবং বিশ্ব জুড়ে আধুনিক ডিজাইনিংয়ের ধাঁচ। পরের বছর থেকেই প্রার্থীর প্রবণতা ও স্বকীয়তা অনুসারে স্পেশ্যালাইজেশনের বিষয় নির্দিষ্ট হয়ে যাবে। পরবর্তী ৩ বছর স্পেশ্যালাইজেশনের বিষয় নিয়েই গভীরভাবে পড়াশোনা করতে হবে। রয়েছে অত্যাধুনিক স্টুডিও, ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিংয়ের ব্যবস্থা।

**স্পেশ্যালাইজেশন করা যায় এইসব বিষয়ে:** সেরামিক অ্যান্ড গ্লাস ডিজাইন (আসনসংখ্যা: ১০টি), ফার্নিচার অ্যান্ড ইন্টিরিয়র ডিজাইন (আসনসংখ্যা: ১০টি), প্রোডাক্ট ডিজাইন (আসনসংখ্যা: ১৫টি), অ্যানিমেশন ফিল্ম ডিজাইন (আসনসংখ্যা: ১৫টি), এগজিবিশন ডিজাইন (আসনসংখ্যা: ১০টি), ফিল্ম অ্যান্ড ভিডিও কমিউনিকেশন (আসনসংখ্যা: ১০টি), গ্রাফিক ডিজাইন (আসনসংখ্যা: ১৫টি) এবং টেক্সটাইল ডিজাইন (আসনসংখ্যা: ১৫টি)।

### কারা পড়বেন

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। **বয়স:** ৩০-৬-২০১৯ তারিখে ২০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

**খরচ:** পড়ার খরচ প্রতি বছরে ৩,০৭,৩০০ টাকা। এই কোর্সের জন্য

*এরপর পনেরোর পাতায়*


স্বর্ণাক্ষরে ছোটদের বই

অমরেন্দ্র চক্রবর্তীর
গরিলার চোখ
মধ্য আফ্রিকার রোয়ান্ডার আদিম অরণ্যে গরিলাদের মুখোমুখি। কিশোর উপন্যাস। ₹৮০
সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত

মহাশ্বেতা দেবীর
তুতুল ৩য় মুদ্রণ ₹৬০

কানাইলাল চক্রবর্তীর
কুমির হয়ে জলে গেল ₹৩০
চলো দেখে আসি ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫

মৈত্রেয়ী নাগের
আষাঢ়ে গল্প ₹৬০
নেকড়ের চোখ ₹৬০
বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
প্রখ্যাত ফরাসি লেখক দানিয়েল পেনাক-এর L'OEIL DU LOUP বইয়ের অনুবাদ

সুভাষ মুখোপাধ্যায়ের বকবকম ₹১৫
পূর্ণেন্দু পত্রীর আমার ছেলেবেলা ₹১৮
পবিত্র সরকারের
কথামালা: ছড়ায় ঢালা ₹১৫

অমরেন্দ্র চক্রবর্তীর ছোটদের বই

নতুন ছড়ার বই
জল-বাতাসা
প্রত্যেক পাতায় দেবব্রত ঘোষের প্রাণঢালা চিত্রাঙ্কন।
মূল্য ৮০ টাকা

সঙ্গে বিনামূল্যে
লেখকের কালোত্তীর্ণ কিশোর উপন্যাস
ঋষিকুমার

হীরু ডাকাত
পাগলকরা ছন্দে দম বন্ধ করা ডাকাতের গল্প। ১০ম মুদ্রণ ₹১২০
সঙ্গে বিনামূল্যে দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি

চোখে দেখা গল্প
মোঙ্গোলিয়ায় যাযাবরদের তাঁবুতে, সিরিয়ায় মরুভূমিতে বেদুইনদের সঙ্গে, আফ্রিকার জঙ্গলে গরিলাদের মুখোমুখি, শ্রীলংকায় ভেলায় চড়ে ভারত মহাসাগর। চোখে দেখা সব সত্যি গল্প। যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫০

বরফের বাগান
পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ
দুঃসাহসিক সমুদ্র-অভিযানের রুদ্ধশ্বাস কাহিনি।
পাতায় পাতায় ছবি
₹১২০

শাদা ঘোড়া
ছোটদের স্বপ্ন আর যুদ্ধের রূপকথা। পাতায় পাতায় দেবব্রত ঘোষের ছবি। নানা ভাষায় অনূদিত। ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০

আমাজনের জঙ্গলে
আমাজনের গভীরে রহস্যে ঢাকা অরণ্যবাসীদের নিয়ে বিস্ময়কর কিশোর উপন্যাস
৭ম মুদ্রণ ₹৭০

লেখকের অন্যান্য বই: লিচুবাগানের চৌকিদার ₹৮০ ছেঁড়াকাঁথার গল্প ₹৭৫ ঋষিকুমার ₹২০ ভূতের বাঁশি ₹৪০ পাখির খাতা ₹৪০ তালগাছের ডোঙা ₹২০ মাতলাগাঙের ভূত ₹৭৫ গৌর যাযাবর ₹১২০

স্বর্ণাক্ষরের বই সারা বছর পাবেন
অভিযান বুক স্টোর, ১০/২এ, রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা-৯ ☎৮০১৭০ ৯০৬৫৫ দে বুক স্টোর (আদি), দে বুক স্টোর (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি। বাংলাদেশে চট্টগ্রাম ও ঢাকায় 'বাতিঘর' (☎+৮৮০-১৯১১৫০৯৬৯৬/০১৭১৩৩০৪৩৪৪)-এ

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Phone: +91 98363 09170 (11 AM-6 PM)
E-mail: swarnakshar.books@gmail.com


# পর্যটন বাণিজ্যে কেরিয়ার

**দেশি-বিদেশি পর্যটকদের কাছে দেশের ঐতিহ্য ও ভূ-বৈচিত্র্যকে আরও আকর্ষণীয়ভাবে তুলে ধরতে উদ্যোগী হয়েছে কেন্দ্রীয় ও রাজ্য সরকার। পর্যটকদের আরও ভাল পরিষেবা দেওয়ার জন্য গুরুত্ব ও চাহিদা বাড়ছে এই বিষয়ের পেশাদারদের। পর্যটনের পেশায় আগ্রহ থাকলে পড়তে পারেন ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম-সংক্রান্ত কোর্স। আবেদন করা যাচ্ছে এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** ভারত এখন দেশি-বিদেশি পর্যটকদের কাছে আকর্ষণীয় গন্তব্য। বিশ্বায়নের যুগে ভারতকে আরও বেশি করে জানার ও চেনার আগ্রহ তৈরি হচ্ছে বিশ্বের নানা দেশের মানুষের মনে। বাড়ছে পর্যটকের সংখ্যা। ওয়ার্ল্ড ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম কাউন্সিলের একটি রিপোর্টে জানানো হয়েছে, পর্যটন শিল্পে আয়ের দিক থেকে বিশ্বের ১৮৪টি দেশের মধ্যে ভারতের স্থান সপ্তম। স্বাভাবিকভাবেই দেশের অর্থনীতিতে গুরুত্ব বেড়েছে পর্যটনের। কেন্দ্র এবং বিভিন্ন রাজ্য সরকারগুলিও তাই বাণিজ্যের স্বার্থে বিশেষ প্রাধান্য দিচ্ছে পর্যটন শিল্পকে।

এই পরিস্থিতিতে দেশে পর্যটন শিল্পের সঙ্গে জড়িত নানা ক্ষেত্রে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে তৈরি হচ্ছে অসংখ্য কাজের সুযোগ। একেবারে প্রাথমিক পর্যায়ে ট্রেন-প্লেনের টিকিট বুকিং থেকে শুরু করে, পর্যটকদের থাকার সুব্যবস্থা করা, নিরাপত্তার ব্যবস্থা করা, সংশ্লিষ্ট স্থানের দ্রষ্টব্যগুলি পরিদর্শনের ব্যবস্থা করা ইত্যাদি সব কাজের জন্যই প্রশিক্ষিত দক্ষ কর্মীর চাহিদা বাড়ছে। পর্যটন বিষয়ে আগ্রহ থাকলে এ-সংক্রান্ত কোর্স করে আসতেই পারেন এই সম্ভাবনাময় পেশায়। দেশের একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম-সংক্রান্ত কোর্স পড়ানো হয়।

### কী পড়বেন

ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম-সংক্রান্ত স্নাতক ও স্নাতকোত্তর কোর্স পড়ানো হয় রাজ্য ও রাজ্যের বাইরের বেশ কয়েকটি প্রতিষ্ঠানে। দেশের ইতিহাস, পরিবেশ, ধর্মীয় এবং সাংস্কৃতিক উৎসব-অনুষ্ঠান ছাড়াও ট্যুরিজম-সংক্রান্ত কোর্সে শেখানো হয় ট্যুর অপারেশন, অ্যাকাউন্টিং, ট্যুর প্ল্যানিং অ্যান্ড অর্গানাইজিং, অ্যাকাউন্টিংয়ের খুঁটিনাটি বিষয়। জানতে হয় সড়ক, জলপথ ও আকাশপথে পরিবহণ ব্যবস্থা বিষয়েও। তবে এইসব বিষয়ের পাশাপাশি ইংরেজি ভাষায় সড়গড় হওয়াটাও এ পেশায় এক গুরুত্বপূর্ণ শর্ত।

### কোথায় পড়বেন

**সেন্টার ফর কন্টিনিউয়িং অ্যান্ড অ্যাডাল্ট এডুকেশন, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়**

পড়া যায় ট্যুরিজম ম্যানেজমেন্টের

*এরপর পনেরোর পাতায়*

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# সামাজিক কাজের পাঠ

**আন্তরিক আগ্রহ থাকলে প্রশিক্ষণ নিয়ে সমাজসেবার কাজকে পেশা হিসেবে বেছে নিতে পারেন। সোশ্যাল ওয়ার্ক ও কমিউনিটি সার্ভিসের ৬ মাসের ডিপ্লোমা কোর্স পড়া যাচ্ছে স্কুল অব সোশ্যাল ওয়ার্ক অ্যান্ড কমিউনিটি সার্ভিসে।**




**নিজস্ব প্রতিনিধি:** সমাজসেবার কাজে যাঁদের আগ্রহ, তাঁদের একটা সদিচ্ছা তো থাকেই। কিন্তু একটু বড় পরিসরে কাজ করতে চাইলে কেবল সদিচ্ছা থাকলেই চলে না। দরকার হয় পেশাদারি দক্ষতার। পড়াশোনা, প্রশিক্ষণ এবং হাতেকলমে কাজের মধ্য দিয়েই সেই দক্ষতা অর্জন করা যায়। সোশ্যাল ওয়ার্ক বিষয়ে উচ্চতর পড়াশোনা যাঁরা করতে পারেননি, তাঁরা অন্তত প্রশিক্ষণটুকু নেওয়া থাকলে কাজ করার ক্ষেত্রে সুবিধা পাবেন।

ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশনের (বেঙ্গল) প্রতিষ্ঠান স্কুল অব সোশ্যাল ওয়ার্ক অ্যান্ড কমিউনিটি সার্ভিস, সোশ্যাল ওয়ার্ক ও কমিউনিটি সার্ভিসের ৬ মাসের ডিপ্লোমা কোর্স করায়। অন্তত মাধ্যমিক পাশ হলেই ভর্তির জন্য আবেদন করা যায়। শনি ও রবিবার বেলা আড়াইটে থেকে সাড়ে ৫টা পর্যন্ত ক্লাস। সঙ্গে থাকে ১৫ দিনের ফিল্ড ওয়ার্ক। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, ফিল্ড ওয়ার্কের সময় বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থায় গিয়ে কাজ করতে হয়।

থিওরির ক্লাসগুলিতে পড়ানো হয় সমাজতত্ত্ব, অর্থনীতি, মনস্তত্ত্ব, মানবাধিকার-সংক্রান্ত প্রাথমিক স্তরের আইনকানুন, স্বাস্থ্য ও পুষ্টি, জনসংযোগের খুঁটিনাটি। সঙ্গে থাকে কম্পিউটার শিক্ষা।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, প্রশিক্ষিতরা বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থায় চাকরি পেতে পারেন। কয়েক বছর চাকরি করে অভিজ্ঞতা সঞ্চয়ের পর চাইলে নিজেই গড়ে তোলা যায় স্বেচ্ছাসেবী সংস্থা।

পরবর্তী কোর্সে ভর্তির জন্য নীচের ঠিকানা থেকে ১০ টাকার বিনিময়ে ব্রোশিওর-সহ আবেদনের ফর্ম সংগ্রহ করা যাবে ৫ নভেম্বর থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত। পূরণ করা আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ১৫ ডিসেম্বর। সোম থেকে শনি বেলা ১২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ফর্ম সংগ্রহ করা যাবে।

যোগাযোগের ঠিকানা: ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশন (বেঙ্গল), যাদবপুর ইউনিভার্সিটি ক্যাম্পাস (বেঙ্গল ল্যাম্প বাস স্টপ), যাদবপুর, কলকাতা-৭০০ ০৩২। ফোন: ২৪১৪-৬২৮২।

# গ্রামীণ উন্নয়নের পেশাদার

নয়ের পাতার পর

আবেদন করা যাবে। স্নাতকস্তরে ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। সঙ্গে ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) বা ম্যাট (ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট) বা সি-ম্যাট (কমন ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট) বা জেভিয়ার অ্যাপ্টিটিউড টেস্টে স্কোর করে থাকতে হবে।

পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন রুর‍্যাল ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট-এ ভর্তির জন্য অবশ্য উপরোক্ত পরীক্ষাগুলি না দিয়ে থাকলেও আবেদন করা যাবে। সে ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত সর্বভারতীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পরীক্ষা ২৮ এপ্রিল। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংলিশ কম্প্রিহেনশন, এসে রাইটিং, ভার্বাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবং অ্যানালিটিক্যাল স্কিল বিষয়ে। পরীক্ষার সময়সীমা আড়াই ঘণ্টা।

উভয় ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ২০১৯-এর ১৫ জুনের মধ্যে ফাইনাল মার্কশিট দাখিল করতে হবে।

## প্রার্থী বাছাই

প্রার্থী বাছাই করা হবে ক্যাট বা ম্যাট বা সি-ম্যাট বা জেভিয়ার অ্যাপ্টিটিউড টেস্ট বা প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত সর্বভারতীয় লিখিত পরীক্ষায় (পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন রুর‍্যাল ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট-এ ভর্তির জন্য) প্রাপ্ত স্কোর এবং গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

## কী পড়বেন

উভয় কোর্সের ক্ষেত্রেই কোনও একটি গ্রামাঞ্চলের বাসিন্দাদের যথোপযুক্ত প্রশিক্ষণ দিয়ে এবং সচেতনতা বৃদ্ধি করে তাঁদের জীবনযাত্রার মানোন্নয়ন ঘটানোর পদ্ধতি শেখানো হয়। গ্রামাঞ্চলে পাওয়া যায় এমন প্রাকৃতিক সম্পদকে কাজে লাগিয়ে কীভাবে তাঁদের স্বনির্ভর করে তোলা যায়, গ্রামীণ মানুষের তৈরি পণ্য বিপণনের ব্যবস্থা কীভাবে করা যায়, কীভাবে আরও বেশি গ্রামীণ মানুষকে সরকারের বিভিন্ন জনকল্যাণকামী প্রকল্পগুলির আওতায় আনা যায়, এই বিষয়গুলি বিশেষ প্রাধান্য পায় এই কোর্সে। স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালনার পদ্ধতি বিষয়েও বিশদে শেখেন প্রশিক্ষার্থীরা।

রুর‍্যাল ম্যানেজমেন্টের কোর্সে পাঠ্যক্রমের দ্বিতীয় বছরে স্পেশ্যালাইজেশন করার সুযোগ রয়েছে এই বিষয়গুলির যে-কোনও একটিতে: রুর‍্যাল ডেভেলপমেন্ট গভর্ন্যান্স, এন্ট্রিপ্রেনারশিপ অ্যান্ড মার্কেটিং এবং লাইভলিহুড অ্যান্ড ওয়েল-বিইং।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, কোর্স চলাকালীন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থা এবং স্বেচ্ছাসেবী সংস্থায় ৬ থেকে ৮ সপ্তাহের ইন্টার্নশিপে পাঠানো হয় ছাত্রছাত্রীদের। এছাড়াও স্থানীয় মানুষদের সঙ্গে হাতেকলমে কাজ করতে স্বল্প মেয়াদি ফিল্ড ভিজিটে পাঠানো হয়ে থাকে তাঁদের।

উভয় কোর্সের ক্ষেত্রেই মেধাবী ছাত্রছাত্রীদের জন্য রয়েছে স্কলারশিপের সুযোগ।

## কীভাবে ভর্তি

রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট এবং রুর‍্যাল ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nird.org.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৮ এপ্রিল। আবেদনের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো, সই, কনডাক্ট সার্টিফিকেট এবং শিক্ষাগত যোগ্যতার নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

উভয় কোর্সের ক্ষেত্রেই ফি বাবদ অনলাইনে দিতে হবে ৪০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.nird.org.in

## কাজের সুযোগ

গ্রামীণ উন্নয়ন বিষয়ের পেশাদারদের কাজের সুযোগ রয়েছে সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই।

চাকরি হতে পারে কেন্দ্রীয় সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক দ্বারা পরিচালিত দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনা, মহাত্মা গান্ধী ন্যাশনাল রুর‍্যাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিম, ন্যাশনাল রার্বান মিশন, ন্যাশনাল রুর‍্যাল লাইভলিহুড মিশন এবং স্টেট রুর‍্যাল লাইভলিহুড মিশনের মত উন্নয়নমূলক প্রকল্পে। এছাড়াও বিভিন্ন গ্রামীণ ব্যাঙ্ক, ন্যাবার্ড (ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট)-এর মতো সংস্থায় অগ্রাধিকার পান গ্রামীণ উন্নয়নের খুঁটিনাটি বিষয়ে অভিজ্ঞ পেশাদারেরা।

গ্রামীণ উন্নয়নের পেশাদারদের নিয়োগ করে কর্পোরেট সংস্থাগুলি কর্তৃক প্রতিষ্ঠিত বিভিন্ন ফাউন্ডেশন এবং বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, সরকারি প্রকল্প ছাড়াও এই প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা চাকরি পেয়েছেন এইচ সি এল ফাউন্ডেশন, দিশা ফাউন্ডেশন, অ্যাপোলো মেড স্কিলস, হেল্প এজ ইন্ডিয়া, সুভাষ চন্দ্র ফাউন্ডেশন-সহ বিভিন্ন সংস্থায়।

# ভিডিওগ্রাফি ও ওয়েব ডিজাইনিংয়ের কোর্স

বারোর পাতার পর

ডিজাইনিং ও সফটওয়্যার ডেভেলপমেন্ট, নেটওয়ার্ক টেকনোলজি, কোডিং প্র্যাক্টিস প্রভৃতি এই কোর্সের পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত।

দু'টি কোর্সের ক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতা অন্তত উচ্চমাধ্যমিক। বয়সের বিধিনিষেধ নেই।

প্রতি কোর্সে আসনসংখ্যা ১০০টি। কোর্স শেষে পরীক্ষা নেবে পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়।

উভয় কোর্সের ক্ষেত্রেই ১ বছরের মোট ফি ৮,৫০০ টাকা। এর মধ্যে ভর্তির সময় দিতে হবে ২,৫০০ টাকা। তিন মাস পর ৩,০০০ টাকা এবং ৬ মাস পর বাকি ৩,০০০ টাকা পরিশোধ করতে হবে। সেইসঙ্গে ইউনিফর্ম বাবদ ভর্তির সময়ই জমা দিতে হবে ৫০০ টাকা।

স্কলারশিপ পাওয়ার সুযোগ আছে। প্রতি কোর্সের প্রথম ৫০ জন (পরীক্ষার নম্বরের নিরিখে) ৮,৫০০ টাকা করে স্কলারশিপ পাবেন। অর্থাৎ যাঁরা স্কলারশিপ পাবেন, তাঁরা কার্যত নিখরচায় কোর্সটি সম্পূর্ণ করবেন। এটা সরকারি স্কলারশিপ। বৃত্তি পাওয়ার জন্য পরীক্ষায় ভালো ফলের পাশাপাশি ক্লাসে অন্তত ৭০ শতাংশ উপস্থিতি আবশ্যিক শর্ত।

উভয় কোর্সেই ভর্তির জন্য এখনই আবেদন করা যাচ্ছে। অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: bup:// dmccs.in/

যোগাযোগের ঠিকানা: সাংবাদিকতা বিভাগ, ডিরোজিও মেমোরিয়াল কলেজ (কমিউনিটি কলেজ স্কিম), রাজারহাট রোড, পোঃ রাজারহাট-গোপালপুর, কলকাতা-৭০০ ১৩৬।

তথ্যের জন্য নোডাল অফিসার অনির্বাণ বসু রায়চৌধুরীর সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৩০৫-৫১৭৭৪।

# কেন্দ্রীয় সরকারে স্টেনোগ্রাফার পরীক্ষার ধরনধারণ ও সিলেবাস

দশের পাতার পর

গতিতে এবং গ্রুপ 'ডি' ক্যাটেগরির প্রার্থীদের মিনিটে ৮০টি শব্দের গতিতে ইংরেজি অথবা হিন্দিতে ডিক্টেশন দেওয়া হবে। শর্টহ্যান্ডে নেওয়া সেই ডিক্টেশন গ্রুপ 'সি'-র প্রার্থীদের ইংরেজিতে ৪০ মিনিটে অথবা হিন্দিতে ৫৫ মিনিটে টাইপ করতে হবে।

দৃষ্টি-সংক্রান্ত প্রতিবন্ধীরা ইংরেজি টাইপিংয়ে ১৫ মিনিট এবং হিন্দি টাইপিংয়ের জন্য ২০ মিনিট অতিরিক্ত সময় পাবেন।

গ্রুপ 'ডি' প্রার্থীদের ইংরেজিতে নেওয়া ১০ মিনিটের ডিক্টেশন ৫০ মিনিটে (দৃষ্টি-সংক্রান্ত প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ মিনিটে) অথবা হিন্দিতে নেওয়া ডিক্টেশন ৬৫ মিনিটে (দৃষ্টি-সংক্রান্ত প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৯০ মিনিটে) টাইপ করতে হবে। টাইপ করতে হবে কম্পিউটারে।

# পাবলিক রিলেশনসের ভোকেশনাল ডিগ্রি কোর্স

বারোর পাতার পর

দুই ওয়েবসাইটের যে-কোনওটির মাধ্যমে— https://dmc.ac.in/, https://www.dmcbvoccs.in/

আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ২৫০ টাকার (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। ডিমান্ড ড্রাফটটি ডিরোজিও মেমোরিয়াল কলেজ, কলকাতার অনুকূলে যে-কোনও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র, ডিমান্ড ড্রাফট-সহ দরখাস্তের প্রিন্ট আউট সরাসরি জমা দিতে হবে প্রতিষ্ঠানের অফিসে এই ঠিকানায়: ডিরোজিও মেমোরিয়াল কলেজ, রাজারহাট রোড, পোঃ- আর গোপালপুর, কলকাতা-৭০০১৩৬। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: ৯৬৭৪৬-৭০৪০৭ অথবা ৯৭৪৮৮-১৭৩০৯। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কাজের সুযোগ

ডিরোজিও মেমোরিয়াল কলেজের নোডাল অফিসার, প্রফেসর অনির্বাণ বসু রায় চৌধুরী কর্মক্ষেত্রকে জানালেন, ক্যালকাটা জার্নালিস্টস ক্লাব এবং পাবলিক রিলেশনস সোসাইটি অব ইন্ডিয়ার সঙ্গে সংযোগ রেখে এবং একই সঙ্গে সরাসরি শিল্পমহলের সঙ্গে যোগাযোগ বজায় রেখে এই কোর্স পরিচালিত হবে। কোর্স শেষে ইন্টার্নশিপের ব্যবস্থা আছে। ই টিভি, ক্যান্ডিড কমিউনিকেশনস, বিমান সংস্থা ইন্ডিগো, স্পাইস জেটের সঙ্গে যৌথভাবে ক্যাম্পাসিংয়ের ব্যবস্থাও করা হয়।

# পাট থেকে কাগজ তৈরি শিখে ব্যবসার সুযোগ

নয়ের পাতার পর

## কাজের সুযোগ

নিরজাফট-এ পাটতন্তু থেকে কাগজ তৈরির প্রশিক্ষণ যাঁরা নেবেন, তাঁদের সামনে চাকরি বা ব্যবসার সুযোগ কতটা? তরুণবাবু জানালেন, পাট থেকে কাগজ তৈরির বড় মাপের প্রকল্প তৈরি হবে আগামী দিনে। যাঁরা প্রশিক্ষণ নেবেন তাঁরা বড় প্রকল্পে কাজ করতে পারবেন।

রয়েছে ব্যবসার সুযোগও। সংস্থার সিনিয়র সায়েন্টিস্ট ডঃ বিদ্যাভূষণ শম্ভু জানান, ছোট আকারের একটা ইউনিট তৈরির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, সরঞ্জামের দরদাম জানিয়ে দেওয়া হবে প্রশিক্ষিতদের। একা বা কয়েকজন মিলে ব্যবসা করতে পারেন।

প্রশিক্ষিতরা কেন্দ্রীয় সরকারের সার্টিফিকেট পাবেন। ফলে ব্যবসার জন্য ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার সুযোগ থাকছে। প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্পের মতো সরকারি ঋণ প্রকল্প থেকেও আর্থিক সহায়তা পাওয়া যায়।

পশ্চিমবঙ্গে উৎপাদিত পাট অত্যন্ত উন্নত মানের। কাঁচামালের সরবরাহ নিয়েও কোনও সমস্যা নেই।— যোগ করলেন তরুণবাবু। তাঁর কথায়, আগামী দিনে পাট থেকে তৈরি কাগজের চাহিদা হবে বাজারে।

## প্রশিক্ষণের ব্যবস্থা

নিরজাফট ক্যাম্পাসে পাট থেকে কাগজ তৈরির প্রশিক্ষণ আয়োজিত হবে ১৩ থেকে ১৭ নভেম্বর পর্যন্ত। বয়স, শিক্ষাগত যোগ্যতার কড়াকড়ি নেই। ক্লাস হবে সকাল ১০টা থেকে বিকেল ৪টে পর্যন্ত। ফি ৮০০ টাকা। আগে-এলে-আগে-সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

যোগাযোগের ঠিকানা: ন্যাশনাল ইনস্টিটিউট অব রিসার্চ অন জুট অ্যান্ড অ্যালায়েড ফাইবার্স, ১২, রিজেন্ট পার্ক (রানিকুঠি বাসস্টপের কাছে), কলকাতা-৭০০ ০৪০। ফোন: ৯০৬২১-৩২৫২০।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# পর্যটন বাণিজ্যে কেরিয়ার

*তেরোর পাতার পর*

স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, এই বছর থেকেই শুরু হতে চলেছে কোর্সটি। ট্যুরিজম ম্যানেজমেন্ট-সংক্রান্ত বিষয়গুলি পড়ানো ছাড়াও দেওয়া হবে হাতেকলমে প্রশিক্ষণ। এর জন্য ছাত্রছাত্রীদের পাঠানো হবে লোকাল ট্যুরে। কোর্সের মেয়াদ ১ বছর। সান্ধ্যকালীন কোর্স। আসনসংখ্যা ২০টি। ক্লাস হবে সপ্তাহে ৩ দিন, বিকেল ৪টে থেকে সন্ধ্যা ৬টা। এখনই আবেদন করা যাচ্ছে। কোর্স ফি: ১০,০০০ টাকা।

**কারা পড়বেন**— যে-কোনও শাখায় স্নাতক।

**কীভাবে ভর্তি**— আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

**কীভাবে আবেদন**— আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.vidyasagar.ac.in এছাড়া সরাসরি প্রতিষ্ঠান থেকেও আবেদনের ফর্ম সংগ্রহ করা যাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকার ডিমান্ড ড্রাফ্ট। ড্রাফটটি 'CCAE, Vidyasagar University'-র অনুকূলে, মেদিনীপুরে প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৫ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Office of the Centre for Continuing and Adult Education, DDE Building, Vidyasagar University, Pin-721 102. সকাল ১১টা থেকে দুপুর ২টোর মধ্যে (শনিবার ও ছুটির দিন বাদে) আবেদনপত্র উপরোক্ত ঠিকানায় সরাসরি গিয়ে জমা দিয়েও আসতে পারেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৩৭৩০-৬৩৯০৮।

### এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, কলকাতা

পড়া যায় ট্রাভেল অ্যান্ড ট্যুরিজমের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। কোর্সটি নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতিপ্রাপ্ত। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স ফি প্রায় ১২,০০০ টাকা।

**কারা পড়বেন**— যে-কোনও শাখার স্নাতকরাই আবেদন করতে পারেন।

**কীভাবে ভর্তি**— প্রার্থী বাছাই করা হয় শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.edikolkata.com

### বর্ধমান বিশ্ববিদ্যালয়, ট্যুরিজম ম্যানেজমেন্ট বিভাগ

পড়ানো হয় ট্যুরিজমের এম বি এ কোর্স। কোর্সটি এ আই সি টি ই-র স্বীকৃতিপ্রাপ্ত। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স ফি প্রায় ১৫,০০০ টাকা।

**কারা পড়বেন**— যে-কোনও শাখার স্নাতকরাই আবেদন করতে পারেন।

**কীভাবে ভর্তি**— শিক্ষাগত যোগ্যতা এবং ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্টে প্রাপ্ত স্কোরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হয়ে থাকে।

**কীভাবে আবেদন**—অনলাইন দরখাস্ত গ্রহণ প্রক্রিয়া শুরু হয় জানুয়ারিতে।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.buruniv.ac.in

### বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়

পড়া যায় হসপিটালিটি অ্যান্ড ট্যুরিজম ম্যানেজমেন্টের ব্যাচেলর অব ভোকেশন (বি ভোক) কোর্স। আসনসংখ্যা ৫০টি। কোর্সের মেয়াদ ৩ বছর। কোর্স ফি প্রায় ৭২,০০০ টাকা।

**কারা পড়বেন**— ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করতে পারেন।



*তাজমহলের সামনে কানাডার প্রধানমন্ত্রী সপরিবারে*

**কীভাবে ভর্তি**— প্রার্থী বাছাই করা হয় একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় ১৫০টি মাল্টিপল চয়েস প্রশ্ন হয় মেন্টাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স এবং ভাষা বিষয়ে। পরীক্ষা হয় সাধারণত মে মাসে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র থাকে।

**কীভাবে আবেদন**—অনলাইন দরখাস্ত গ্রহণ প্রক্রিয়া শুরু হয় জানুয়ারিতে।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.bhuonline.in

### ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম ম্যানেজমেন্ট

পড়া যায় ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম-এর বি বি এ এবং এম বি এ কোর্স। প্রতিষ্ঠানটি কেন্দ্রীয় সরকারের পর্যটন মন্ত্রকের অধীনস্থ এবং স্বয়ংশাসিত।

**কী পড়বেন, কারা পড়বেন—**

- কোর্সের নাম: ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বি বি এ) ইন ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম ম্যানেজমেন্ট। মোট আসনসংখ্যা ২৪০টি। কোর্সের মেয়াদ তিন বছর। কোর্স ফি ২,৫৪,০০০ টাকা।

যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থীর বয়স হতে হয় ২২ বছরের মধ্যে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা বয়সে ৫ বছরের ছাড় পান।

- কোর্সের নাম: মাস্টার অব বিজনেস ম্যানেজমেন্ট (এম বি এ) ইন ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম ম্যানেজমেন্ট। মোট আসনসংখ্যা ৬০০টি। কোর্সের মেয়াদ ২ বছর।

যে-কোনও শাখার স্নাতক হলেই ভর্তির জন্য আবেদন করা যাবে। তবে স্নাতকস্তরে ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট), সি-ম্যাট (কমন ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট), জেভিয়ার অ্যাপ্টিটিউড টেস্ট, জি-ম্যাট (গ্র্যাজুয়েট ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট), এ টি এম এ (এইমস টেস্ট ফর ম্যানেজমেন্ট অ্যাডমিশনস)-এর মতো সর্বভারতীয় কোনও পরীক্ষার বৈধ স্কোর কার্ড থাকতে হবে। অথবা, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম ম্যানেজমেন্ট দ্বারা পরিচালিত অ্যাডমিশন টেস্টে উত্তীর্ণ হতে হবে।

প্রার্থীর বয়স হতে হয় ২৫ বছরের মধ্যে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ৫ বছরের ছাড় পান।

উপরোক্ত দু'টি কোর্সই পড়ানো হয় ইন্দিরা গান্ধী ন্যাশনাল ট্রাইবাল ইউনিভার্সিটির সঙ্গে যৌথ উদ্যোগে, প্রতিষ্ঠানের চারটি ক্যাম্পাসে— গোয়ালিয়র, ভুবনেশ্বর, নয়ডা এবং নেল্লোর।

**কীভাবে ভর্তি**— প্রার্থী বাছাই করা হয় ক্যাট, সি-ম্যাট, জেভিয়ার অ্যাপ্টিটিউড টেস্ট, জি-ম্যাট, এ টি এম এ-র মতো সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে। ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম ম্যানেজমেন্ট যে- প্রবেশিকা পরীক্ষা নিয়ে থাকে তা সাধারণত আয়োজিত হয় জুনে। প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউ-এর জন্য ডাকা হয়।

আগ্রহীরা দেখুন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: www.iittm.ac.in

### সিকিম বিশ্ববিদ্যালয়

পড়ানো হয় পর্যটন-সংক্রান্ত স্নাতকোত্তর কোর্স। কোর্সের নাম: মাস্টার ইন ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম ম্যানেজমেন্ট। আসনসংখ্যা ৩০টি। কোর্সের মেয়াদ ২ বছর।

**কারা পড়বেন**—আবেদন করতে পারেন যে-কোনও শাখার স্নাতকরা। অনার্স গ্র্যাজুয়েটদের অন্তত ৪০ শতাংশ এবং পাস গ্র্যাজুয়েটদের অন্তত ৫৬ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**কীভাবে ভর্তি**—প্রার্থী বাছাই করা হয় একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হয় সাধারণত মে মাসে। আগ্রহীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.cus.ac.in

### মহারাণী কাশীশ্বরী কলেজ

ব্যাচেলর অব আর্টস ইন ট্যুরিজম অ্যান্ড ট্র্যাভেল কোর্সটি পড়ানো হয়। কোর্সটি কলকাতা বিশ্ববিদ্যালয় দ্বারা স্বীকৃত।

বিশদ জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.mkc.ac.in ফোন: ০৩৩-২৫৪৩ ৫৬৮৭।

## কাজের সুযোগ

পর্যটন শিল্পের বিকাশ ঘটছে খুব দ্রুত। কেবল ভ্রমণের উদ্দেশ্যেই নয়, কাজের সূত্রেও ভারতে পা রাখছেন অন্য দেশের মানুষজন। আগ্রহ বাড়ছে অ্যাডভেঞ্চার স্পোর্টস, ভারতীয় কলা-সঙ্গীত-সহ বিভিন্ন বিষয়ে। চিকিৎসার জন্যও আসছেন বহু মানুষ। নতুন ও অচেনা দেশে সংস্কৃতি বা ভাষাগত পার্থক্যের জন্য যাতে কোনওরকম সমস্যার সম্মুখীন তাঁরা না হন, সেজন্য ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজমের পাঠ নেওয়া পেশাদার কর্মীদেরই নিয়োগ করে ট্র্যাভেল এজেন্সিগুলি। চাকরি হয় ট্র্যাভেল এজেন্ট, ট্র্যাভেল কাউন্সেলর হিসেবে। বিভিন্ন হোটেল এবং রিসর্টের ফ্রন্ট অফিস বা সেলস অ্যান্ড মার্কেটিং এবং পাবলিক রিলেশনস বিভাগেও চাকরি হয় ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম বিষয়ে দক্ষ কর্মীদের।

# ডিজাইনিংয়ের পেশা

*তেরোর পাতার পর*

ব্যাঙ্ক থেকে শিক্ষাঋণ পাওয়ার সুযোগ আছে।

এন আই ডি-র তরফে জানানো হয়েছে, প্রতিষ্ঠানেই ক্যাম্পাসিং হয়। ক্যাম্পাসিংয়ের মাধ্যমেই অধিকাংশ ছাত্রছাত্রীর চাকরি হয়ে যায়।

### প্রার্থী বাছাই পদ্ধতি

ভর্তির জন্য দুই ধাপের লিখিত পরীক্ষা নেওয়া হয়। পরীক্ষার নাম 'ডিজাইন অ্যাপ্টিটিউড টেস্ট'। ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তির জন্য প্রিলিমিনারি পরীক্ষা ৬ জানুয়ারি। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। পরীক্ষার পূর্ণ মান ১০০। প্রার্থীর ডিজাইন সম্পর্কিত ধ্যানধারণা যাচাই করা হবে। প্রিলিমিনারি পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১৭ ডিসেম্বর থেকে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nid.edu

মেন পরীক্ষা ১২ মে ও ১৯ মে, প্রতিষ্ঠানের আমেদাবাদ কেন্দ্রে।

### আবেদনের পদ্ধতি

ন্যাশনাল ইনস্টিটিউট অব ডিজাইন-এ ২০১৮-১৯ বর্ষে ডিজাইনিংয়ের ব্যাচেলর্স ডিগ্রি কোর্সে ভর্তির জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://admissions.nid.edu ৯ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। লেট ফি দিয়ে আবেদন করা যাবে ১৯ নভেম্বর পর্যন্ত।

অনলাইন আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও সই (উভয়ই ১০০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি সার্টিফিকেট এবং দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (সবকটিই ১৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)।

এছাড়া ডিমান্ড ড্রাফটের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। ডিমান্ড ড্রাফটটি 'All India Management Association'-এর অনুকূলে 'New Delhi'-তে প্রদেয় হতে হবে। এক্ষেত্রে ডিমান্ড ড্রাফট-সহ পূরণ করা অনলাইন আবেদনপত্রের প্রিন্ট আউট স্পিড পোস্ট বা কুরিয়ারের মাধ্যমে ১৯ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে প্রতিষ্ঠানের এই ঠিকানায়: The Project Manager-CMS, All India Management Association, Management House, 14, Institutional Area, Lodhi Road, New Delhi-110 003.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.nid.edu

### ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি

এই প্রতিষ্ঠানে পড়া যায় ব্যাচেলর অব ডিজাইন এবং ব্যাচেলর অব ফ্যাশন টেকনোলজি কোর্স। উভয় ক্ষেত্রেই কোর্সের মেয়াদ ৪ বছর। পড়ানো হয় কলকাতা, ভুবনেশ্বর, বেঙ্গালুরু, ভোপাল, গান্ধিনগর, হায়দরাবাদ, চেন্নাই, যোধপুর, কানপুর, মুম্বই, নিউ দিল্লি, পাটনা, রায়বেরিলি, শিলং, কাঙ্গরা এবং কান্নুর ক্যাম্পাসে।

### কী পড়বেন

**ব্যাচেলর অব ডিজাইন**— স্পেশ্যালাইজেশন করা যায় এইসব বিষয়ে: ফ্যাশন ডিজাইন, লেদার ডিজাইন, অ্যাকসেসরিজ ডিজাইন, টেক্সটাইল ডিজাইন, নিটওয়্যার ডিজাইন এবং ফ্যাশন কমিউনিকেশন।

**ব্যাচেলর অব ফ্যাশন টেকনোলজি**— স্পেশ্যালাইজেশন করা যায় অ্যাপারেল প্রোডাকশনে।

### কারা পড়বেন

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। **বয়স:** ১-১০-২০১৮ তারিখে ২৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন। উচ্চমাধ্যমিক পাঠরতরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ২০১৯ সালের ৩০ সেপ্টেম্বরের মধ্যে মার্কশিট দাখিল করতে হবে।

**খরচ:** পড়ার খরচ প্রতি বছরে ২,৮৩,৯০০ টাকা। এই কোর্সের জন্য ব্যাঙ্ক থেকে শিক্ষাঋণ পাওয়ার সুযোগ আছে।

### প্রার্থী বাছাই পদ্ধতি

ব্যাচেলর অব ডিজাইন কোর্সে ভর্তি নেওয়া হবে ক্রিয়েটিভ এবিলিটি টেস্ট এবং জেনারেল এবিলিটি টেস্টের মাধ্যমে। ব্যাচেলর অব ফ্যাশন টেকনোলজির ক্ষেত্রে নেওয়া হবে শুধু জেনারেল এবিলিটি টেস্ট। পরীক্ষা ২০ জানুয়ারি। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ১০ জানুয়ারি থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.nift.ac.in

জেনারেল এবিলিটি টেস্টে প্রশ্ন হবে কোয়ান্টিটেটিভ এবিলিটি, কমিউনিকেশন এবিলিটি, ইংলিশ কম্প্রিহেনশন, অ্যানালিটিক্যাল এবিলিটি এবং জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ে। ক্রিয়েটিভ এবিলিটি টেস্টে প্রশ্ন হবে সৃজনশীল এবং উদ্ভাবনী দক্ষতা বিষয়ে। প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্বাচিত করা হবে সিচুয়েশন টেস্ট ও গ্রুপ ডিসকাশন টেস্টের মাধ্যমে।

### আবেদনের পদ্ধতি

২০১৮-১৯ বর্ষে ভর্তির জন্য এখনই আবেদন করা যাবে।

২৮ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://applyadmission.net/NIFT2019 অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো ও সই (উভয়ই ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। অনলাইনে ফি দিতে পারবেন ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দেওয়া যাবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমেও। ডিমান্ড ড্রাফটটি 'NIFT, HO'-এর অনুকূলে 'New Delhi'-তে প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফটের মাধ্যমে ফি দিলে ডিমান্ড ড্রাফট-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট স্পিড পোস্ট বা কুরিয়ারের মাধ্যমে ৩ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে প্রতিষ্ঠানের এই ঠিকানায়: Project Manager-CMS, All India Management Association, Management House, 14, Institutional Area, Lodhi Road, New Delhi-110 003.

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.nift.ac.in

### কাজের সুযোগ

ডিজাইনারদের জন্য চাকরির বাজার সুবিস্তৃত। গাড়ি, আসবাবপত্র, পোশাক, জুতো, ল্যাপটপ-কম্পিউটার-মোবাইলের মত ইলেক্ট্রনিক্স সামগ্রী, খেলনা, ব্যাগ, অ্যাকসেসসরিজ বা অলঙ্কার-জুতো প্রস্তুতকারী সংস্থায় চাকরির সুযোগ রয়েছে দক্ষ ডিজাইনারদের। এঁদের চাহিদা রয়েছে তথ্যপ্রযুক্তি শিল্প এবং টেলিভিশন ও চলচ্চিত্র জগতে। শুধু চাকরিই নয়, কনসালটেশনের মাধ্যমে স্বাধীনভাবে কাজও করা যায়।

ন্যাশনাল ইনস্টিটিউট অব ডিজাইনের প্লেসমেন্ট বিভাগের তরফে জানানো হয়েছে, প্রতি বছরই ক্যাম্পাস ইন্টারভিউয়ের ব্যবস্থা করা হয়। সেখানে যোগ দেয় উইপ্রো টেকনোলজিস, ট্রাইডেন্ট গ্রুপ, ইনফোসিস, ফিলিপস, অ্যাডোব, তানিষ্ক, টাটা কনসালটেন্সি, মিন্ত্রা, বাটা ইন্ডিয়ার মতো সংস্থা। ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজিতেও ব্যবস্থা করা হয় ক্যাম্পাসিংয়ের। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, প্রতি বছরই ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে চাকরি হয়ে যায় বেশিরভাগ ছাত্রছাত্রীর।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জ্ঞান বিজ্ঞান

## জানার জানালা

### কৃত্রিম প্রজননের সাহায্যে সিংহশিশুর জন্ম দক্ষিণ আফ্রিকায়



বিশ্বে এই প্রথম কৃত্রিম প্রজননের সাহায্যে দুই সিংহশাবক ভিক্টর ও ইসাবেলের জন্ম হল দক্ষিণ আফ্রিকায়। রাজধানী প্রিটোরিয়া থেকে কয়েক কিলোমিটার দূরে এক সংরক্ষণ কেন্দ্রে কৃত্রিম প্রজননের সাহায্যে শাবকদের জন্ম দিয়েছে সংরক্ষণ কেন্দ্রেরই এক সিংহী। পদ্ধতির নাম 'আর্টিফিশিয়াল ইনসেমিনেশন'। কীভাবে আফ্রিকা মহাদেশের সিংহীদের কৃত্রিম উপায়ে প্রজনন করানো সম্ভব তা নিয়ে দীর্ঘদিন ধরে প্রিটোরিয়া বিশ্ববিদ্যালয়ের গবেষকরা কাজ করে গিয়েছেন। ২৫ অগস্ট জন্ম নিয়েছে এই দুই শাবক। বিজ্ঞানীরা আশাপ্রকাশ করেছেন, এ ভাবে শুধু সিংহেরই নয়, অন্যান্য বিলুপ্তপ্রায় পশুদেরও অস্তিত্ব বাঁচিয়ে রাখা সম্ভব হবে।

### বক্সায় হরিণের গলায়ও রেডিও কলার



বক্সার জঙ্গলে ভিন রাজ্য থেকে বাঘ আনার আগে সেখানে বাঘের খাদ্য উপযুক্ত পরিমাণে আছে কি না তা নিশ্চিত হতে চাইল জাতীয় বাঘ সংরক্ষণ কর্তৃপক্ষ (এনটিসিএ)। সে কারণেই কেন্দ্রীয় এই সংস্থার পক্ষ থেকে বক্সায় হরিণের মতো তৃণভোজী প্রাণীর সংখ্যা জানতে বনদপ্তরকে নির্দেশ দেওয়া হয়েছে। তার ফলেই ৭৬০ বর্গকিলোমিটারের এই জঙ্গলে প্রাথমিক ভাবে চিতল হরিণদের গলায় রেডিও কলার পরাতে উদ্যোগী হয়েছে বনদপ্তর। বনকর্তাদের মতে, হরিণদের রেডিও কলার পরানোর ফলে বাঘেদের খাবার জোগানের ব্যাপারে নিঃসংশয় হওয়া যাবে। বাঘের খাদ্যতালিকায় চিতল হরিণদের থাকা বাধ্যতামূলক বলে মনে করা হয়। বাঘের কথা ভেবেই দফায় দফায় অন্য জঙ্গল থেকে চিতল হরিণ এনে ছাড়া হয়েছে বক্সায়। পরে ধাপে ধাপে সম্বর হরিণ ও গাউর ছাড়ার বিষয়ে নির্দেশিকা দিয়ে রেখেছে এনটিসিএ।

### বিশ্বের দীর্ঘতম সমুদ্র-সেতু বানাল চিন



৫৫ কিলোমিটার দীর্ঘ সমুদ্র-সেতু বানিয়ে বিশ্বকে চমক দিল চিন। ২৩ অক্টোবর তার উদ্বোধন করলেন চিনা প্রেসিডেন্ট শি চিনফিং। এই সি-ব্রিজ চিনের মূল ভূখণ্ডের সঙ্গে জুড়বে হংকং ও ম্যাকাওকে। চিনের গুয়ানডং প্রদেশের ঝুহাই শহরে এই ব্রিজের উদ্বোধনে ম্যাকাও ও হংকং শহরের কর্তাব্যক্তিরাও উপস্থিত ছিলেন। হংকংয়ের অনেক মানুষই অবশ্য এই ব্রিজকে নিয়ে চিনের বৈষম্যমূলক নীতির জন্য ক্ষোভ প্রকাশ করেছেন। কারণ, হংকংয়ের সকলেই এই ব্রিজ ব্যবহারের সুযোগ পাবেন না। হংকংয়ের সেই সব বাসিন্দাই এই সেতু পেরিয়ে চিনের ঝুহাই শহরে আসতে পারবেন যাঁরা চিনের মূল ভূখণ্ডে কোনও গুরুত্বপূর্ণ সরকারি পদে কাজ করেছেন কিংবা গুয়ানডং প্রদেশের জন্য উল্লেখযোগ্য দাতব্য করেছেন।



- স্পর্শ করলে লজ্জাবতী গাছের পাতাগুলি মুড়ে যাওয়া কোন ধরনের চলনের উদাহরণ?
**উত্তর:** সিসমোন্যাস্টিক

- নারকেল গাছ কোন ফ্যামিলি বা গোত্রের অন্তর্ভুক্ত ?
**উত্তর:** পামি (Palmae)
- হ্যালির ধূমকেতু কত বছর অন্তর দেখা যায়?
**উত্তর:** ৭৬ বছর
- সন্ধ্যাকর নন্দী কোন রাজবংশের সভাকবি ছিলেন?
**উত্তর:** সেন বংশ
- গ্লুকোজ থেকে গ্লাইকোজেন উৎপাদনকে কী বলে?
**উত্তর:** গ্লাইকোজেনেসিস
- একটি দেশের বনাঞ্চল সাধারণত কত শতাংশে হওয়া উচিত?
**উত্তর:** ৩৩ শতাংশ
- হীরের বিশুদ্ধতা কোন রশ্মি দ্বারা পরীক্ষা করা হয়?
**উত্তর:** এক্স রশ্মি
- রবীন্দ্রনাথ ঠাকুর কোন স্বাধীনতা সংগ্রামীকে 'দেশনায়ক' অভিধায় ভূষিত করেছিলেন?
**উত্তর:** সুভাষচন্দ্র বসু
- কার্বলিক অ্যাসিডের রাসায়নিক নাম কী?
**উত্তর:** ফেনল



- 'জ্যামিতির জনক' কাকে বলা হয় ?
**উত্তর:** ইউক্লিড

- ভিটামিন-ই'র রাসায়নিক নাম কী?
**উত্তর:** টোকোফেরল
- আত্মঘাতী থলি নামে পরিচিত কোন কোষ অঙ্গাণু?
**উত্তর:** লাইসোজোম
- পশ্চিমবঙ্গের মোট ভূ-ভাগের কত অংশ বনভূমি?
**উত্তর:** প্রায় ১৪ শতাংশে (১৩.৩৮% বা ১১,৮৭৯ বর্গকিমি)
- কোন অংশকে কোষের মস্তিষ্ক বলা হয়?
**উত্তর:** নিউক্লিয়াসকে
- নখে যে প্রোটিন থাকে তার নাম কী?
**উত্তর:** কেরাটিন
- আর্যরা ভারতে প্রবেশ করে কোথায় প্রথম বসতি স্থাপন করেছিল?
**উত্তর:** পাঞ্জাব
- নীলগিরি কোন পর্বতমালার অংশবিশেষ?
**উত্তর:** পশ্চিমঘাট
- কোন মুঘল সম্রাট জীবনের শেষ সময়ে তাঁর পুত্রের দ্বারা কারারুদ্ধ হন?
**উত্তর:** শাহজাহান
- টায়ালিন উৎসেচকটি কোথায় পাওয়া যায়?
**উত্তর:** লালারসে



- কোন প্রাণিটির ছবি 'ওয়ার্ল্ড ওয়াইল্ডলাইফ ফান্ড'- এর মাসকট হিসেবে দেখা যায়?
**উত্তর:** জায়ান্ট পান্ডা

- কোন ইউরোপীয় দেশ ভারতের সঙ্গে প্রথম বাণিজ্যিক সম্পর্ক স্থাপন করে?
**উত্তর:** পর্তুগিজ
- তাপ ও বিদ্যুতের সুপরিবাহী একটি অধাতু হল
**উত্তর:** গ্রাফাইট
- ফুসফুসীয় শিরা কী রক্ত পরিবহণ করে?
**উত্তর:** বিশুদ্ধ
- পোলিও কী ঘটিত অসুখ ?
**উত্তর:** ভাইরাস
- হর্ষবর্ধনের রাজসভায় কোন চিনা পরিব্রাজক এসেছিলেন?
**উত্তর:** হিউয়েন সাং
- কোন যন্ত্রের সাহায্যে তরলের আপেক্ষিক গুরুত্ব পরিমাপ করা হয়?
**উত্তর:** হাইড্রোমিটার
- কোনও তরলের পৃষ্ঠটান পরিমাপের এস আই একক কী?
**উত্তর:** নিউটন/মিটার
- প্রাণীজগতে ক্যাট ফ্যামিলি বলতে যে গোত্র বা ফ্যামিলিকে বোঝায় তার নাম কী?
**উত্তর:** ফেলিডি (Felidae)



- কোন স্তন্যপায়ী প্রাণী ডিম পাড়ে?
**উত্তর:** হংসচঞ্চু প্ল্যাটিপাস

## হীরের টুকরো

### শ্রীকান্তর স্বচ্ছতা গাড়ি



মথুরার জয় গুরুদেব স্কুলটি মূলত দিন-আনি-দিন-খাই পরিবারের ছেলেমেয়েদের জন্য। সকালে স্কুল বসার আগে স্কুল চত্বরটা পরিষ্কার করতে হয় ছাত্রছাত্রীদেরই। বর্জ্যপদার্থগুলি হাতে করে তুলে বাইরে ফেলে আসে ছাত্ররা। কারওই কাজটা করতে ভালো লাগে না। নবম শ্রেণির ছাত্র শ্রীকান্ত মণ্ডলেরও খারাপ লাগে। সে লেগে পড়ল এমন একটি যন্ত্রের নকশা আঁকতে, যেটি আপনিই ময়লা জড়ো করে তুলে আনবে। চালাতে ব্যাটারি বা ইলেকট্রিকের দরকার পড়বে না। নকশা এঁকে শিক্ষকদের দেখালে তাঁরা শ্রীকান্তকে উৎসাহ দিলেন। যন্ত্রটি তৈরির জন্য কেন্দ্রীয় সরকারের তরফে ৫ হাজার টাকা অনুদানও মিলল। সাইকেলের চেন, ব্রেক, কাঠ দিয়ে ১৫ বছরের শ্রীকান্ত বানিয়ে ফেলল যন্ত্রটি। যন্ত্রটির সাফল্য দেখে সম্প্রতি একটি সংস্থা বাণিজ্যিকভাবে সেটি বানানোর সিদ্ধান্ত নিয়েছে। নাম দিয়েছে স্বচ্ছতা কার্ট। দাম সাড়ে ১০ হাজার টাকা। শ্রীকান্তকে লভ্যাংশের একাংশও দেবে তারা। শ্রীকান্তর বাড়ি আদতে পশ্চিমবঙ্গে। ১৫ বছর আগে শ্রমিক হিসেবে তার বাবা চলে এসেছিলেন মথুরায়। শ্রীকান্তর আশা, একদিন কিছু টাকা জমিয়ে পশ্চিমবঙ্গে তাদের এক কামরার চালহীন ঘরটির জায়গায় সে একটি পাকা বাড়ি তুলবে।

### বারোতেই মাধ্যমিক



*মায়ের কাছে পড়া বুঝে নিচ্ছে সইফা (বাঁদিকে)*

মাত্র ১২ বছর বয়সে আগামী মাধ্যমিক পরীক্ষায় বসতে চলেছে আমতার সইফা খাতুন। কাঠসাঙ্গড়া গ্রামের মেধাবী এই কিশোরীকে নির্দিষ্ট বয়সের আগেই মাধ্যমিকে বসার অনুমতি দিয়েছে মাধ্যমিক শিক্ষা পর্ষদ। ইতিমধ্যে হাওড়ার সালকিয়ার এ এস হাইস্কুলে টেস্ট পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হয়েছে সইফা। যদিও কোনও নির্দিষ্ট স্কুলে ভর্তি হয়ে নয়, এ পর্যন্ত বাড়িতে বাবা-মায়ের কাছেই পড়েছে সে। পাঁচ বছর বয়সেই পঞ্চম শ্রেণির পাঠ্য বিষয় কণ্ঠস্থ হয়ে যায় তার। সইফার বাবা আইনুল হাতুড়ে ডাক্তার, মা সাহানারা বেগম গৃহবধূ। টিনের চাল দেওয়া, ছিটেবেড়ার এক কামরার ঘরে বসে সইফা বলে, আমার পড়তে খুব ভালো লাগে। রোজ অন্তত চার ঘণ্টা পড়ি। পর্ষদের অনুমতি পাওয়ার পর সইফার গ্রামেও এখন খুশি আর গর্বের আবহ।

### ছেলে এস পি, বাবা কনস্টেবল



*অনুপকুমার সিং (বাঁদিকে) ও জনার্দন সিং*

থানায় বাবা স্যালুট করছেন ছেলেকে। ছেলে পুলিশের বড়কর্তা, বাবা কনস্টেবল। এমনই ঘটনা সম্প্রতি ঘটেছে লখনউয়ে। লখনউ (উত্তর)-এর পুলিশ সুপার (এস পি) হিসেবে চলতি মাসেই কার্যভার গ্রহণ করেছেন অনুপকুমার সিং। ঘটনাচক্রে তাঁর বাবা জনার্দন সিং এস পি-র প্রশাসনিক আওতার অধীন বিভূতি খণ্ড থানার কনস্টেবল। জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় থেকে ভূগোলের স্নাতকোত্তর অনুপকুমার ২০১৪ ব্যাচের আই পি এস। বিবাহিত ও এক কন্যাসন্তানের পিতা অনুপ থাকেন লখনউয়ে বাবা-মায়ের সঙ্গে একই বাড়িতে। সাংবাদিকদের তিনি জানান, সংসারে অর্থাভাব থাকা সত্ত্বেও তাঁর পড়াশোনায় কোনওদিন সে অভাবের এতটুকু আঁচ পড়তে দেননি তাঁর বাবা। কেবল বলেছেন, যা করবে তা মন দিয়ে করবে। বাবাই তাঁর জীবনের অনুপ্রেরণা। অন্যদিকে ছেলের কথা বলতে গিয়ে আবেগে ভেসেছেন জনার্দন। বলেন, ও প্রথমে একজন অফিসার, তার পরে আমার ছেলে। যে-কোনও অফিসারের মতোই ওকে স্যালুট করব, নির্দেশ মেনে চলব।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## নম্বর কম মানেই যোগ্যতা কম, এই ধারণা নিয়ে চলে না ইন্টারভিউ বোর্ড



**দীপন মিত্র**
ম্যানেজার
ট্রেনিং অ্যান্ড প্লেসমেন্ট
টেকনো ইন্ডিয়া গ্রুপ



বেশিরভাগ ছেলেমেয়েই চাকরির প্রস্তুতি নিতে শুরু করে প্রথাগত পড়াশোনা শেষ করার পর। ফলে হঠাৎ কঠিন একটা বাস্তবের সামনে এসে দাঁড়াতে হয় তাদের। সেই সময় তারা উপলব্ধি করে যে, এই পরিস্থিতির জন্য তারা একেবারেই তৈরি নয়। শুরু হয় নিজেকে না বুঝেই সব সেক্টরে কাজ খোঁজা। স্বাভাবিক ভাবেই পছন্দের কাজটিকে চিনে নিতে যথেষ্ট সময় লেগে যায়। তারপর অধিকাংশ ক্ষেত্রেই ভালো-লাগার সেই চাকরিটির জন্য নতুন করে প্রস্তুতি নেওয়ার পর্ব শুরু হয়।

### ছাত্রাবস্থা থেকেই প্রস্তুতি শুরু কর

নিজের সীমা এবং প্রয়োজন আগে থেকে বুঝে নিয়ে রূপরেখা তৈরি করতে পারলে সাফল্য তাড়াতাড়ি আসে। যদি পছন্দের বিষয়টি জানা থাকে, তাহলে সেই বিষয়টি নিয়েই পড়ো। তবে, উচ্চশিক্ষার পর কী হবে বা চাকরির জন্য ততদিন অপেক্ষা করতে পারবে কিনা, তার ইতিবাচক এবং নেতিবাচক দিক আগেই যাচাই করে নিতে হবে। যদি অন্য কোনও পেশাদার কোর্স করবে বলে ভাবো, তার খরচ সামলানো সম্ভব হবে কি না সেটাও আগাম ভেবে রাখতে হবে। নানা বৃত্তিমূলক কোর্সও রয়েছে। সেগুলির কোনটি নিয়ে এগিয়ে পরবর্তীকালে চাকরি বা ব্যবসার সম্ভাবনা কতটা আগেই তা খতিয়ে দেখে নাও।

এখন বাজারে অনেকরকম চাকরি। ফলে উচ্চশিক্ষা বা দামি পেশাদার কোর্স ছাড়া গতি নেই, এরকম ভাবা ভুল। মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকের পরই বৃত্তিমূলক কোর্স করে অনেক ছেলেমেয়ে চাকরি করছে। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের উদ্যোগে বিভিন্ন কোর্স হয়। এই ধরনের কোর্স করেও নামি বেসরকারি সংস্থায় কাজ করছে প্রচুর ছেলেমেয়ে।

### সাধারণ বিষয় নিয়ে পড়েও নানা সুযোগ

উচ্চমাধ্যমিকে বিজ্ঞান নিয়ে পড়লে কাজের সুযোগ বেশি থাকে। যেমন, ধরা যাক ফার্মা ইন্ডাস্ট্রি। এই সেক্টরটির কলেবর ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। বাইরের ওষুধ সংস্থা এখানে এসে ব্যবসা করছে। দেশীয় ওষুধ সংস্থা নতুন নতুন শাখা খুলছে। ফলে প্রচুর কাজের সুযোগ তৈরি হচ্ছে।

কলা বা বাণিজ্য বিভাগের ছেলে-মেয়েদের জন্যও চাকরির পরিসরটা কিন্তু কম বড় নয়। কলা বিভাগের ছেলেমেয়েরা নানাধরনের এডিটিং-এর কাজ, কনটেন্ট রাইটিং, সংস্থার টুইটার-ব্লগ লেখার কাজ পাচ্ছে, বিভিন্ন বিজ্ঞাপন সংস্থায় ভালো মাইনেতে চাকরি করছে। কমার্স নিয়ে যারা পড়েছে তাদেরও সি এ, ট্যাক্স কম্পিউটেশন-এর কাজের সুযোগ রয়েছে। এসব ক্ষেত্রে স্বাধীনভাবে ফ্রিলান্সিং ও কনসালটেন্সি করেও প্রচুর রোজগার করা যায়। এছাড়া ২০১২-১৩ সালের পর থেকে ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রিতেও বড় মাত্রায় নিয়োগ হচ্ছে। নতুন নতুন ব্যাঙ্ক তৈরি হচ্ছে, বিশেষ করে বেসরকারি ব্যাঙ্কে অনেক ছেলে-মেয়ে কাজ পাচ্ছে বিভিন্ন পদে। নতুন নতুন কাজের বাজার তৈরি হচ্ছে। ফলে একটু ভেবেচিন্তে নির্দিষ্ট পথে প্রস্তুতি নিলে চাকরি পাওয়া দুষ্কর মোটেই নয়।

### ইন্টারভিউয়ের খুঁটিনাটি

নতুনদের ক্ষেত্রে সাধারণত সিভির বাইরে ইন্টারভিউয়ার খুব একটা প্রশ্ন করেন না। এই কাজ বেছে নেওয়ার কারণ, কেন এই সংস্থা বেছে নিয়েছ, কতদিন এই সংস্থায় থাকবে, সংস্থায় কী ভ্যালু যোগ করবে— এর বাইরে নতুনদের কাছে আর খুব বেশি কিছু জানতে চাওয়া হয় না।

কিন্তু এ ধরনের সহজ প্রশ্নের উত্তরের মধ্য থেকেই বিচার করার যাবতীয় উপাদান খুঁজে নেন ইন্টার-ভিউয়ার। সেজন্য সতর্ক থাকতে হবে। পরীক্ষার নম্বর নিশ্চয় দেখা হয়। কিন্তু নম্বর কম মানেই যোগ্যতা কম, এমনটা কখনও মনে করা হয় না। তবে কেন নম্বর কম পেয়েছ, তা জানতে চাওয়া হতে পারে। আগে থেকে উত্তর ভেবে রাখতে হবে। সত্যি কথাটাই বলবে।

যে-কোনও ধরনের ইন্টার-ভিউয়েই অ্যাপটিটিউড টেস্ট থাকে। নিজের দীর্ঘ অভিজ্ঞতায় দেখেছি, পশ্চিমবঙ্গের ছেলেমেয়েরা এই অংশটির প্রস্তুতি একেবারেই নেয় না। ফলে বাইরের রাজ্য থেকে এসে ছেলে-মেয়েরা সেই জায়গা নিয়ে নিচ্ছে। এর কারণ, নিজের সময়ও দেখেছি, এখনও দেখি, পড়াশোনা শেষ করার পরে চাকরি খোঁজা শুরু করে ছেলে-মেয়েরা, স্কুলে পড়াকালীন কেউ বোঝায় না এর প্রয়োজন। ফলে পিছিয়ে পড়াটাই স্বাভাবিক। তাই চেষ্টা করো যতটা সম্ভব আগে থেকে নিজেকে তৈরি করার।

---

## কর্মক্ষেত্র পড়ে চাকরি

# ভিডিওগ্রাফার হয়েছি



আমি সৌম্যদীপ কুণ্ডু। আমি ব্রডকাস্ট জার্নালিজমের তৃতীয় বর্ষের ছাত্র। সেইসঙ্গেই বর্তমানে আমি হাই নিউজ প্রাইভেট লিমিটেডের একজন কর্মরত ভিডিওগ্রাফার। আজ আমার সাফল্যের জন্য অবশ্যই ধন্যবাদ জানাব 'কর্মক্ষেত্র'-কে। কারণ, উচ্চমাধ্যমিকের পর আমি যখন দিশা ঠিক করতে পারছিলাম না, তখন আমি 'কর্মক্ষেত্র' পড়া শুরু করি। 'কর্মক্ষেত্র'-য় ইউ জি সি অনুমোদিত বি ভোক ডিগ্রি প্রোগ্রামের সম্পর্কে পড়েই ভিরেজিও মেমোরিয়াল কলেজে ভর্তির জন্য এলাম। তার আগে ব্রডকাস্ট জার্নালিজম সম্পর্কে আমার কোনও ধারণা ছিল না। আমার সঙ্গে যে সব বন্ধুরা ছিল, তাদেরও যে বিশেষ ধারণা ছিল তা নয়। কিন্তু, আমরা বিভিন্ন পেশাদারি শিক্ষক-শিক্ষিকাদের পেয়েছি, তাঁরা আমাদের হাতে-কলমে প্রশিক্ষণ দেন এবং কলেজে আধুনিক স্টুডিও, ক্যামেরা, আধুনিক প্রযুক্তি, তদুপরি, অ্যানিমেশন, ভি এফ এক্স, ভিডিও এডিটিং প্রভৃতি বিষয়ে হাতে-কলমে শিক্ষার মাধ্যমে আমাদের ধারণা অনেক পরিষ্কার হয়েছে। ফলে আমরা যে কোনও টি ভি চ্যানেলে বা মিডিয়া হাউসে কাজের উপযোগী হয়েছি। আমি একটাই কথা বলতে চাই, ভবিষ্যতের জন্য সঠিক পথ নির্বাচন করতে অবশ্যই 'কর্মক্ষেত্র' পড়া দরকার।

*সৌম্যদীপ কুণ্ডু*
*বড় কালীতলা বাই লেন,*
*চন্দননগর, হুগলি,*
*পিন—৭১২ ১৩৬*

'কর্মক্ষেত্র' পড়ে চাকরি পেয়েছেন? আমাদের লিখে পাঠান আপনার চাকরি পাওয়ার সুখবর। লিখুন আপনার নিজেকে গড়ে তোলার অভিজ্ঞতা। বাছাই চিঠি 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত হবে। 'কর্মক্ষেত্র'-র লক্ষ লক্ষ পাঠক-পাঠিকাদের নিজেদের তৈরি করে তোলার পথে পাথেয় হয়ে থাকুক সহপাঠীদের কাজ পাওয়ার সুখবরও। নিজের ছবি-সহ চিঠি লিখুন এই ঠিকানায়: 'চাকরি পেয়েছি', কর্মক্ষেত্র, কলকাতা-৭০০ ০১৯
যে সংস্থায় চাকরি করছেন, তার নাম, পদের নাম এবং নিজের নাম-ঠিকানা ও ফোন নম্বর লিখতে ভুলবেন না।


কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

Company
**PS AVIATION ACADEMY PVT LTD**
Position Title
**Ground staff and Cabin crew**
Experience, Location
**Fresher, Kolkata, Delhi, Vizag**
Profile
Hiring Fresher Candidates for International and domestic Airlines. Qualification minimum 12th Passed.Starting salary for cabin crew-30000 to 35000 pm, Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26.Age limit for Ground staff -18 to 28.Male female both can apply. Contact no-8240117926/ 9007421048 mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using **9246724** as keyword

Company
**Smart Call Center Solutions Pvt Ltd**
Position Title
**CCE / Sr. Customer Care Executive**
Experience, Location
**Fresher & Experienced, Kolkata**
Profile
Hiring Freshers & Experienced Candidates for Outbound BPO (Night shift) Candidate should possess GOOD English Communication Skills. 5 Days working. Fixed Salary (upto 20K) with attractive Incentives. Walk-in at 16A, Shakespeare Sarani, B.K Market, 6th Floor, Kol - 71 between 9 am to 6 pm with an updated resume & photograph. Call 9748939464 / 9748939491 / 9748939501 / 9748215952 or mail hr@sccpl.net
To apply for this job, log on to www.shine.com and search using **9346604** as keyword.

Company
**Shopizio E-Commerce Ltd.**
Position Title
**BPO EXECUTIVE**
Experience, Location
**1- 2+ years , Kolkata**
Profile
Hiring Telecaller for International BPO and Digital Marketing Executive. Should have Excellent Communication Skills and Convincing Power, and also Good at Computers.Should be able to work with a Team. Contact :6291319411 , 6291335178. Email-suvoipolisting@gmail.com
To apply for this job, log on to www.shine.com

**Lecan Solutions Private Limited**
Company
**Lecan Solutions Private Limited**
Position Title
**Storage Area Network**
Experience, Location
**2 - 5 Years, Kolkata**
Profile
Responsible for the administration, maintenance, and support of a highly available 24x7 Data Storage environment. This environment consists of storage devices like, EMC DD880, DMX, Centera, Clariion XIV, NetApp, Brocade, Mcdata, Storage Tek. The qualified candidate will be responsible for the investigation, resolution, and explanation of Data Storage related issues
To apply for this job, log on to www.shine.com and search using **9253393** as keyword

**Metro HR Consultancy**
Company
**Metro HR Consultancy**
Position Title
**Admin Executive**
Experience, Location
**1 - 5 Years, Kolkata**
Profile
Vendor Management, Quotation Comparison, Work Order, Co-ordination with Distributors , Finance & Sales Dept. Marketing Team Reporting. Data Management & Analysis. Activity Wise MIS, Budget Tracking & Highlight. Maintain stock report of Promotional Item. Marketing activity Wise Activation Plan. Good Knowledge of Microsoft Word, Excel & Power point. Knowledge of social media platforms.
To apply for this job, log on to www.shine.com and search using **9256897** as keyword.

**Hyper Supermarkets India**
Company
**Hyper Supermarkets India**
Position Title
**Channel Sales Manager**
Experience, Location
**2- 5 Years, Kolkata**
Profile
Channel Sales Manager responsible for business expansion & channel partners. The candidate requires excellent skills to communicate & present effectively to a potential Business Partner. The candidate will be responsible for brand building & marketing impacting enrollments targets.
To apply for this job, log on to www.shine.com and search using **9262738** as keyword

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203***
*Not for Candidates

shine.com
Great careers start here

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'ইউনাইটেড প্রভিন্স'-এর বর্তমান নাম কী?
(a) অরুণাচল প্রদেশ (b) উত্তরপ্রদেশ (c) অন্ধ্রপ্রদেশ (d) মধ্যপ্রদেশ
2. 'ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি'-এর প্রতিষ্ঠাতা কে?
(a) মোহন সিং (b) সুভাষচন্দ্র বসু (c) রাসবিহারী বসু (d) ভগৎ সিং
3. 'পিংপং ডিপ্লোম্যাসি' কাদের মধ্যে হয়েছিল?
(a) মার্কিন যুক্তরাষ্ট্র ও চিন (b) চিন ও জাপান (c) চিন ও কোরিয়া (d) চিন ও রাশিয়া
4. ভাস্কর বর্মণ আধুনিক ভারতের কোন রাজ্যের রাজা ছিলেন?
(a) বাংলা (b) বিহার (c) অসম (d) ত্রিপুরা
5. 'ম্যাগিনট লাইন' কোন দু'টি দেশের মধ্যবর্তী সীমারেখা?
(a) উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া (b) জার্মানি ও পোল্যান্ড (c) ফ্রান্স ও জার্মানি (d) কানাডা ও আমেরিকা
6. লোকসভার ডেপুটি স্পিকার হলেন:
(a) পি জে কুরিয়েন (b) এম থাম্বিদুরাই (c) চন্দ্রকান্ত খারে (d) পি করুণাকরণ
7. ভারতবর্ষে পঞ্চায়েতি রাজ ব্যবস্থা কোন সাল থেকে চালু হয়?
(a) 1950 সালে (b) 1955 সালে (c) 1956 সালে (d) 1959 সালে
8. হাউস অব দি পিপল বা লোকসভা ভেঙে দিতে পারেন:
(a) ভারতের রাষ্ট্রপতি (b) ভারতের সুপ্রিমকোর্ট (c) ভারতের নির্বাচন কমিশন (d) কেন্দ্রীয় মন্ত্রিসভা
9. ইলেকট্রনিক ভোটিং মেশিন ভারতের কোন রাজ্যে প্রথম ব্যবহার করা হয়?
(a) ঝাড়খণ্ড (b) কেরল (c) তামিলনাড়ু (d) পশ্চিমবঙ্গ
10. 'ভগবদ্গীতা'-এর ইংরাজি অনুবাদ করেন:
(a) রামমোহন রায় (b) উইলিয়াম কেরি (c) চার্লস উইলকিন্স (d) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
11. পাথরের মধ্যে উৎপন্ন উদ্ভিদকে বলা হয়:
(a) লিথোফাইট (b) চ্যাসমোফাইট (c) হ্যালোফাইট (d) অক্সিলোফাইট
12. ট্রপিক্যাল ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট কোথায় অবস্থিত?
(a) জব্বলপুর (b) পুনে (c) কোচি (d) বেরিলি
13. মাইথন বাঁধ কোন নদীর ওপরে অবস্থিত?
(a) বরাকর (b) কোপাই (c) দামোদর (d) সুবর্ণরেখা
14. ভারতের সবচেয়ে বড় মিষ্টি জলের হ্রদ কোনটি?
(a) উলার (b) চিলিকা (c) পুষ্কর (d) লোকটাক
15. তুঙ্গভদ্রা নদী উৎপন্ন হয়েছে কোন পর্বত থেকে?
(a) বহ্মগিরি (b) নান্দি (c) কাইমুর (d) গংগমোল
16. টম্যাটো-এর বিজ্ঞানসম্মত নাম হল:
(a) সোলানাম টিউবোরোসাম (b) সোলানাম লাইকোপারসিকাম (c) অ্যালিউম সেপা (d) সোলানাম মেলঙ্গনা
17. থাইরক্সিন হরমোনের একটি প্রধান উপাদান হল:
(a) সোডিয়াম (b) আয়োডিন (c) ক্যালশিয়াম (d) পটাশিয়াম
18. 'ল্যারিঙ্গোস্কোপ' যন্ত্রটি ব্যবহার করা হয়:
(a) স্বরযন্ত্রের ভিতরের পরীক্ষার জন্য (b) কানের ভিতরের পরীক্ষার জন্য (c) চোখের ফোকাস পরিমাপের জন্য (d) নাকের পরীক্ষার জন্য
19. পেলেগ্রা কোন ভিটামিনের অভাবে হয়?
(a) ভিটামিন-$B_3$ (b) ভিটামিন-$B_{12}$ (c) ভিটামিন-$B_6$ (d) ভিটামিন-$B_2$
20. দাড়ি দেখে ভয় পাওয়ার মানসিক অবস্থাকে কী বলে?
(a) সাইনোফোবিয়া (b) পোগনোফোবিয়া (c) অ্যাস্ট্রোফোবিয়া (d) শিমাইফোবিয়া
21. 'টাইফয়েড ভ্যাকসিন' আবিষ্কার করেন:
(a) অ্যালম্রথ এডওয়ার্ড রাইট (b) আলেকজান্ডার উড (c) রবার্ট কচ (d) কলিন মার্ডক
22. অগ্নিনির্বাপক যন্ত্রে কোন গ্যাস ব্যবহার করা হয়?
(a) অক্সিজেন (b) কার্বন ডাইঅক্সাইড (c) মিথেন (d) হিলিয়াম
23. 'ইউরেকা ইউরেকা' বিখ্যাত উক্তিটি কে করেন?
(a) আর্কিমিডিস (b) গ্যালিলিও (c) আইনস্টাইন (d) অ্যারিস্টটল
24. কোন ধাতুর প্রভাবে 'মিনামাটা' রোগের সৃষ্টি হয়?
(a) আর্সেনিক (b) সীসা (c) পারদ (d) ক্যাডমিয়াম
25. ভিল্লিকাইনিন হরমোনের উৎস হল:
(a) অগ্ন্যাশয় (b) পাকস্থলী (c) ক্ষুদ্রান্ত্র (d) যকৃত
26. 'পিপিপি'-এর পুরো কথা হল:
(a) পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (b) পাবলিক প্রাইভেট প্রোপারটিস (c) পাবলিক প্রাইভেট প্রোগ্রাম (d) পাবলিক প্রাইভেট প্রোজেক্ট
27. রোগের শ্রেণি বিভক্তিকরণের সঙ্গে যুক্ত বিদ্যাকে বলা হয়:
(a) ইথোলজি (b) ফাইকোলজি (c) সাইটোফোবিয়া (d) নোসোলজি
28. নীচের কোন বিষয়ে নোবেল পুরস্কার প্রদান করা হয় না?
(a) রসায়ন (b) গণিত (c) চিকিৎসা (d) অর্থনীতি
29. বিশ্বের প্রথম 'স্পেস এলিভেটর'-এর পরীক্ষামূলক উৎক্ষেপণ করল কোন দেশ?
(a) ইরাক (b) চিন (c) রাশিয়া (d) জাপান
30. 'বিশ্ব নারকেল দিবস' উদযাপিত হল:
(a) 20 সেপ্টেম্বর (b) 25 সেপ্টেম্বর (c) 20 অক্টোবর (d) 2 সেপ্টেম্বর
31. 'নোমাডিক এলিফ্যান্ট-2018' যৌথ সামরিক মহড়ায় কোন দু'টি দেশ অংশগ্রহণ করে?
(a) কাজাকস্তান ও থাইল্যান্ড (b) ভারত ও মঙ্গোলিয়া (c) রাশিয়া ও চিন (d) রাশিয়া ও জাপান
32. ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হলেন:
(a) রঘুবর দাস (b) নবীন পট্টনায়েক (c) বীরেন সিং (d) মনোহর লাল
33. নীচের কোন প্রতিযোগিতা গলফ খেলার সঙ্গে যুক্ত?
(a) বেটন কাপ (b) রাইডার কাপ (c) বাল্টিক কাপ (d) রজার কাপ
34. ফিফার বর্ষসেরা ফুটবলার সম্মান পেলেন:
(a) আতোঁয়া গ্রিজম্যান (b) লুকা মদ্রিচ (c) কিলিয়ান এমবাপে (d) ক্রিশ্চিয়ানো রোনাল্ডো
35. 100MB-অ্যাপটি থেকে কোন ক্রিকেটারের যাবতীয় তথ্য জানা যাবে?
(a) সৌরভ গাঙ্গুলি (b) শচীন তেন্ডুলকর (c) মহেন্দ্র সিং ধোনি (d) বিরাট কোহলি
36. মনিকা বাত্রা কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) বক্সিং (b) শুটিং (c) ব্যাডমিন্টন (d) টেবিল টেনিস
37. এশিয়ান গেমস-2018-এর নীতিবাক্য কী ছিল?
(a) পাওয়ার অব স্পোর্টস (b) এনার্জি অব এশিয়া (c) এনার্জি অব স্পোর্টস (d) পাওয়ার অব গেমস
38. AIBA-এর পুরো কথা হল:
(a) All India Boxing Association (b) All India Badminton Association (c) All India Basketball Association (d) All India Baseball Association
39. ভারতের প্রথম মহিলা ট্যাক্সি ড্রাইভার কে?
(a) সুরেখা যাদব (b) সেলভি গৌড়া (c) বাক্কাদরথ সরিথ (d) শীলা দ্বারি
40. 'The Rule Breakers' বইটি কার লেখা?
(a) অভিরূপ ভট্টাচার্য (b) প্রীতি শেনয় (c) বিনীত বাজপেয়ী (d) চেতন ভগত
41. নীচের কোন চরিত্রটি সত্যজিৎ রায়ের সৃষ্টি নয়?
(a) ফেলুদা (b) তপসে (c) গুপি গাইন (d) জটায়ু
42. পশ্চিমবঙ্গের বিজ্ঞান ও প্রযুক্তি ও জৈবপ্রযুক্তি বিষয়ক মন্ত্রী হলেন:
(a) অরূপ বিশ্বাস (b) গৌতম দেব (c) ব্রাত্য বসু (d) পার্থ চট্টোপাধ্যায়
43. 'কচরা মহোৎসব' কোন রাজ্যে অনুষ্ঠিত হল?
(a) ছত্তিশগড় (b) উত্তরপ্রদেশ (c) রাজস্থান (d) গুজরাট
44. পশ্চিমবঙ্গের ভূমি সংস্কার আইন পাশ হয় কত সালে?
(a) 1952 (b) 1955 (c) 1959 (d) 1960
45. ভোলা ময়রা কোন ধরনের গানে বিখ্যাত ছিলেন?
(a) তরজা গান (b) ভাটিয়ালি গান (c) বাউলগান (d) কবিগান
46. 'সুবর্ণলতা' বইটি কার লেখা?
(a) আশাপূর্ণা দেবী (b) মহাশ্বেতা দেবী (c) লীলা মজুমদার (d) বাণী বসু
47. জমি জরিপের প্রথা প্রথম কে চালু করেন?
(a) শেরশাহ (b) হর্ষবর্ধন (c) মহম্মদ বিন তুঘলক (d) আকবর
48. 'ফতেহ মবিন' নামে ব্যালিস্টিক মিসাইল তৈরি করল কোন দেশ?
(a) সৌদি আরব (b) ইরান (c) ইরাক (d) পাকিস্তান
49. রুদ্রপ্রসাদ সেনগুপ্ত কোন নাট্যদলের সঙ্গে যুক্ত?
(a) বহুরূপী (b) নান্দীকার (c) সায়ক (d) অন্য থিয়েটার
50. রবীন্দ্রনাথকে 'গুরুদেব' বলে কে সর্বপ্রথম সম্মানিত করেন?
(a) মহাত্মা গান্ধী (b) ব্রহ্মবান্ধব উপাধ্যায় (c) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (d) নজরুল ইসলাম
51. এক ব্যবসায়ী ক্রয়মূল্যের ওপর 44% বাড়িয়ে ধার্যমূল্য নির্ধারণ করেন এবং ক্রেতাকে 16% ছাড় দেন। শতকরা লাভের হার:
(a) $20\frac{2}{3}$ % (b) $10\frac{2}{3}$ % (c) 20% (d) 23%
52. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 6, 8 ও 10 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 5 অবশিষ্ট থাকবে কিন্তু 7 দ্বারা ভাগ করলে মিলে যাবে?
(a) 245 (b) 125 (c) 260 (d) 280
53. 1995 সালের 1 জানুয়ারি রবিবার। তাহলে 1995 সালে ক'টি রবিবার ছিল?
(a) 53 (b) 52 (c) 51 (d) 50
54. 6, 0, 0, 3 দ্বারা গঠিত চার অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য:
(a) 6264 (b) 6237 (c) 3794 (d) 3294
55. 792 টাকা 3 জন পুরুষ, 4 জন স্ত্রীলোক ও 7 জন বালকের মধ্যে এমনভাবে ভাগ হল যে একজন পুরুষ, একজন স্ত্রীলোক ও একজন বালকের প্রাপ্য অর্থের অনুপাত 3 : 2 : 1, প্রতিটি স্ত্রীলোক ভাগ পান:
(a) 76 টাকা (b) 46 টাকা (c) 66 টাকা (d) 62 টাকা
56. যদি $2^x + 2^{x+1} + 2^{x+2} + 2^{x+3} = 30$ হয়, তখন $x$ = কত?
(a) 0 (b) –1 (c) 1 (d) 2
57. এক ব্যবসায়ী দু'টি দ্রব্যের একটি 30% লাভে এবং অপরটি 10% লাভে বিক্রয় করায় মোট বিক্রয়মূল্য হয় 48 টাকা। আবার উভয় দ্রব্য 20% লাভে বিক্রয় করলে মোট মূল্য পূর্বের সমান হয়। দ্বিতীয় দ্রব্যটি কত টাকায় বিক্রয় হয়েছিল?
(a) 18 টাকা (b) 20 টাকা (c) 24 টাকা (d) 22 টাকা
58. চার বছর পূর্বে পিতা, পুত্রের বয়সের গড় ছিল 27.5 বছর। বর্তমানে পুত্র ও পিতার বয়সের অনুপাত 5 : 16, এখন পুত্রের বয়স কত?
(a) 16 (b) 15 (c) 18 (d) 21
59. দু'টি সংখ্যার গুণফল 1815 এবং তাদের ভাগফল $\frac{3}{5}$। সংখ্যাদু'টির পার্থক্য কত?
(a) 11 (b) 12 (c) 4 (d) 22

এরপর উনিশের পাতায়

# কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩

## কনস্টেবল ও রাইফেলম্যান

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 10):** *Find out the related word/letter/number from the given alternatives.*
1. Cattle : Herd : : Sheep : ?
(a) Flock (b) Swarm (c) Crowd (d) Shoal
2. Rocket : Fuel : : Man : ?
(a) Food (b) Energy (c) Immunity (d) Water
3. Doctor : Patient : : Lawyer : ?
(a) Customer (b) Accused (c) Magistrate (d) Client
4. Bread : Bakery : : Brick : ?
(a) Mint (b) Kiln (c) Furnace (d) Mine
5. Man : Shout : : Crow : ?
(a) Caw (b) Chirp (c) Mutter (d) Mob
6. BCDE : FGHI : : MNOP : ?
(a) PRQS (b) QRST (c) TUVW (d) UVWX
7. Bag : Luggage : : Ship : ?
(a) Coal (b) Stock (c) Cargo (d) Weight
8. PQR : NRP : : ABC : ?
(a) ECB (b) DEF (c) ZBC (d) YCA
9. QDXM : SFYN : : UIOZ : ?
(a) PAQM (b) WKPA (c) LPWA (d) VWYA
10. MKQO : LNPR : : ? : XVTZ
(a) SVWY (b) VTWY (c) YSUW (d) WYTS
11. In a certain language HUNTER is coded as UHNTRE, how is MANAGE coded in the code?
(a) MAANGE (b) MNAAGE (c) AMNAEG (d) NMAAGE
12. If in a certain code, SWITCH is written as TVJSDG, which word would be written as CQFZE?
(a) BARED (b) BRADE (c) BREAD (d) BRAED
13. If HEFNRQ is the code for BECKON, which word has the code QDFWXULQ ?
(a) NCAUTIRN (b) NACUTIRN (c) NATCRIUN (d) NACTURIN
14. If in a certain language A is coded as 1, B is coded as 2 and so on, how is BIDDIC coded in that code?
(a) 294493 (b) 284563 (c) 375582 (d) 394492
15. If in a certain language, ENTRY is coded as 12345 and STEADY is coded as 931785, then which is the correct code for ARREST?
(a) 744589 (b) 744193 (c) 166479 (d) 188924
16. Amit said, 'This girl is the wife of the grandson of my mother.' Who is Amit to the girl?
(a) Father (b) Grandfather (c) Father-in-law (d) Husband
17. Vimal ranks seventh from the top and 28th from the bottom in a class. How many students are there in the class?
(a) 34 (b) 35 (c) 36 (d) 37
18. A number is greater than 3 but less than 8. Also it is greater than 6 but less than 10. What is the number?
(a) 5 (b) 6 (c) 7 (d) 8
19. What should be the missing number?

| | | |
|---|---|---|
| | 3 | |
| 3 | 39 | 9 |
| | 27 | |

(a) 33 (b) 243 (c) 42 (d) 81
20. If + means ÷, ÷ means –, – means × and × means +, then 48 + 16 ÷ 4 – 2 × 8 = ?
(a) 3 (b) 6 (c) – 28 (d) – 36

**Direction (21 to 25):** *Find out the odd word/letters/number from the given alternatives.*
21. (a) Wise (b) Gentle (c) Honest (d) Rude
22. (a) Gangtok (b) Hyderabad (c) Chennai (d) Singhbhum
23. (a) Flute (b) Guitar (c) Violin (d) Sitar
24. (a) Keats (b) Wordsworth (c) Tolstoy (d) Tagore
25. (a) Calf (b) Cub (c) Piglet (d) Hireling
26. Functional unit of kidney is:
(a) Nephron (b) Axon (c) Artery (d) Neutron
27. Who among the following was not a physician?
(a) Charak (b) Sushruta (c) Charvaka (d) Dhanvantari
28. There is no life on moon because it has no:
(a) Oxygen (b) Sulphur (c) Nirtogen (d) Atmosphere

এরপর কুড়ির পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আঠারোর পাতার পর*

60. দু'টি সংখ্যার যোগফলের 40% তাদের বিয়োগফলের 50%-র সমান। সংখ্যাদু'টির অনুপাত:
(a) 4 : 5 (b) 3 : 1 (c) 5 : 4 (d) 9 : 1

61. ত্রুটিযুক্ত একটি মাপার স্কেলে 1 মিটার হলে, প্রকৃত মাপ হয় 99 সেমি। প্রকৃত মাপ 50 মিটার হলে তা ওই ত্রুটিযুক্ত স্কেলে মাপলে হবে:
(a) $50\frac{50}{99}$ মিটার (b) $47\frac{1}{300}$ মিটার (c) $50\frac{49}{99}$ মিটার (d) $49\frac{49}{99}$ মিটার

62. 15 টাকায় 5টি কলম বিক্রয় করায় 20% লাভ হয়। 18.40 টাকায় 8টি অনুরূপ কলম বিক্রয় করলে শতকরা লাভ/ক্ষতি হবে:
(a) 8% লাভ (b) 8% ক্ষতি (c) 5% লাভ (d) 5% ক্ষতি

63. তিনটি সংখ্যার অনুপাত 3 : 4 : 6 এবং তাদের ল.সা.গু. 180, ছোট সংখ্যাটি কত?
(a) 45 (b) 35 (c) 25 (d) 20

64. এক ব্যক্তি বাড়ি থেকে 1 কিলোমিটার দূরে রেলস্টেশন থেকে 10 মিনিট পরে ছাড়বে এমন ট্রেনকে ধরার জন্য প্রথমে কিছুটা পথ 4 কিলোমিটার গতিতে হাঁটেন এবং অবশিষ্ট পথ 8 কিলোমিটার গতিতে রিকশায় গিয়ে যথাসময়ে স্টেশনে পৌঁছান। ওই ব্যক্তি কতটা পথ রিকশায় গিয়েছিলেন?
(a) $\frac{1}{3}$ কিমি (b) $\frac{4}{5}$ কিমি (c) $\frac{1}{5}$ কিমি (d) $\frac{2}{3}$ কিমি

65. আকাশ পরিচ্ছন্ন থাকলে একটি ঘড়ি প্রতি ঘণ্টায় 8.5 সেকেন্ড পিছিয়ে যায় এবং আকাশ মেঘাচ্ছন্ন থাকলে ঘড়িটি প্রতি ঘণ্টায় 5.1 সেকেন্ড এগিয়ে যায়। ঘড়িটি সকালে ঠিক করে চালিয়ে দেওয়ার 12 ঘন্টা পরে দেখা যায় ঘড়িটি সঠিক সময় নির্দেশ করছে। দিনের কত অংশ আকাশ পরিচ্ছন্ন ছিল?
(a) $\frac{2}{3}$ (b) $\frac{3}{7}$ (c) $\frac{5}{8}$ (d) $\frac{3}{8}$

66. তলদেশের একটি ছিদ্র দিয়ে একটি চৌবাচ্চা খালি হয় 6 ঘণ্টায় এবং জল ভর্তি করার নল দিয়ে প্রতি মিনিটে 4 লিটার জল ভরে। তলদেশের ছিদ্রটি খুলে রেখে জল ভর্তি করার নলটি চালু করলে চৌবাচ্চাটি খালি হয় 8 ঘন্টায়। চৌবাচ্চাটিতে কত লিটার জল ধরে?
(a) 5,846 লিটার (b) 5,760 লিটার (c) 5,670 লিটার (d) 6,750 লিটার

67. A একটি কাজের $\frac{7}{10}$ অংশ করে 15 দিনে। বাকি কাজ B-র সহযোগিতায় 4 দিনে শেষ করে। A ও B ওই কাজটি কতদিনে শেষ করবে?
(a) $10\frac{1}{3}$ দিনে (b) $11\frac{1}{3}$ দিনে (c) $12\frac{1}{3}$ দিনে (d) $13\frac{1}{3}$ দিনে

68. দু'প্রকার সংকর ধাতুতে তামা ও দস্তার অনুপাত যথাক্রমে 2 : 3 এবং 5 : 4। দু'প্রকার সংকর ধাতু সমপরিমাণে মিশ্রিত করে তৃতীয় প্রকার সংকর ধাতু তৈরি করা হলে, তৃতীয় মিশ্রণে দস্তা ও তামার অনুপাত হবে:
(a) 47 : 43 (b) 43 : 46 (c) 34 : 48 (d) 43 : 47

69. সরল করুন: $\frac{0.9\bar{3} \div 8.4}{3.4\overline{02} - 0.0\overline{68}}$
(a) $\frac{1}{33}$ (b) $\frac{1}{30}$ (c) $\frac{1}{20}$ (d) $\frac{1}{25}$

70. সমগ্র পৃথিবীর স্থল ও জলভাগের অনুপাত 1 : 2 কিন্তু শুধুমাত্র উত্তর গোলার্ধে এর অনুপাত 2 : 3। তবে দক্ষিণ গোলার্ধে স্থল ও জলভাগের অনুপাত কত?
(a) 4 : 11 (b) 3 : 2 (c) 4 : 3 (d) 2 : 1

71. এক ব্যক্তি প্রতি সপ্তাহে 69.30 টাকা আয় করেন এবং প্রতি চতুর্থ সপ্তাহে 18.90 টাকা স্থানীয় সমাজসেবী সংগঠনকে দান করেন। বছরের শেষে ওই ব্যক্তির কাছে কত টাকা অবশিষ্ট থাকবে?
(a) 3,753.90 টাকা (b) 3,573.90 টাকা (c) 3,375.90 টাকা (d) 3,357.90 টাকা

72. আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য 7% হ্রাস এবং প্রস্থ 10% বৃদ্ধি করা হল। ক্ষেত্রফলের পরিবর্তন:
(a) 2.3% বৃদ্ধি (b) 2.3% হ্রাস (c) 3.2% বৃদ্ধি (d) 3.2% হ্রাস

73. 3, 5 ও 7 দ্বারা গঠিত তিন অঙ্কের সংখ্যার যোগফল:
(a) 3,370 (b) 3,307 (c) 3,330 (d) 3,303

74. একটি নৌকার নির্দিষ্ট দূরত্ব যেতে অনুকূলে 10 ঘণ্টা এবং প্রতিকূলে 20 ঘণ্টা করে সময় লাগে। স্থির জলে নৌকার গতিবেগ ঘণ্টায় 9 কিলোমিটার হলে, স্থানটির দূরত্ব কত ছিল?
(a) 80 কিমি (b) 240 কিমি (c) 120 কিমি (d) 60 কিমি

75. $\dfrac{1}{2+\dfrac{1}{2+\dfrac{1}{2-\dfrac{1}{2}}}}$ -এর সরল মান:
(a) $\frac{8}{19}$ (b) $\frac{7}{19}$ (c) $\frac{6}{17}$ (d) $\frac{9}{17}$

76. বার্ষিক পরীক্ষায় 70% নম্বর পেয়ে A প্রথম স্থান অধিকার করে এবং B পায় A-র প্রাপ্ত নম্বর অপেক্ষা 10% কম, দ্বিতীয় স্থানাধিকারী B-র প্রাপ্ত নম্বর 630 হলে, মোট কত নম্বরের পরীক্ষা হয়েছিল?
(a) 850 (b) 900 (c) 950 (d) 1,000

77. $999\frac{95}{99} \times 99$-র সরল মান কত?
(a) 99,986 (b) 98,996 (c) 99,896 (d) 99,698

78. 3টে থেকে 4টের মধ্যে কোন সময় ঘড়ির ঘণ্টা ও মিনিটের কাঁটা একে অন্যের বিপরীতে থাকে?
(a) 3-39$\frac{1}{11}$ মিনিটে (b) 3-49$\frac{1}{11}$ মিনিটে (c) 3-37$\frac{1}{11}$ মিনিটে (d) 3-38$\frac{1}{11}$ মিনিটে

79. একটি প্রশ্নপত্রের প্রশ্নসংখ্যা 50। প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরের জন্যে নম্বর 2 কিন্তু একটি ভুল উত্তরের জন্য $\frac{1}{2}$ নম্বর কেটে নেওয়া হয়। একটি ছাত্র সবক'টি প্রশ্নের উত্তর করার পর তার প্রাপ্ত নম্বর 65, সে ক'টি ভুল উত্তর করেছিল?
(a) 18 (b) 24 (c) 36 (d) 14

80. $(6)^{12} \times (5)^{13} \times (7)^{23}$-এই গুণফলের কতগুলি মৌলিক উৎপাদক আছে?
(a) 50 (b) 48 (c) 60 (d) 42

81. 16 সেমি বাহুবিশিষ্ট বর্গাকার টিন থেকে সবচেয়ে বড় মাপের বৃত্তাকার অংশ কাটা হলে বর্গাকার ও বৃত্তাকার টিনের ক্ষেত্রফলের অনুপাত নীচের কোন অনুপাতের সমান হবে?
(a) 15 : 14 (b) 13 : 15 (c) 14 : 11 (d) 15 : 17

82. একটি কাচের দণ্ড পড়ে 2 : 3 অনুপাতে খণ্ডিত হয়ে যায়। পরে পুনরায় ছোট দণ্ডটি পড়ে 4 : 5 অনুপাতে খণ্ডিত হয়। তিনটি খণ্ডের অনুপাত:
(a) 8 : 10 : 12 (b) 8 : 10 : 27 (c) 8 : 12 : 27 (d) 10 : 12 : 27

83. 5 বছরে কোনও টাকার সুদ ওই টাকার $\frac{1}{4}$ অংশ হয়, তাহলে সুদের হার কত?
(a) 5% (b) 6% (c) 4% (d) 8%

84. একটি বাসস্ট্যান্ড থেকে A, B ও C তিন রুটের বাস যথাক্রমে 4, 15 ও 16 মিনিট অন্তর ছাড়ে। সকাল 5টায় একসঙ্গে ছাড়ার পর পুনরায় কোন সময় তিন রুটের বাস একসঙ্গে ছাড়বে?
(a) সকাল 10টা (b) সকাল 11টা (c) সকাল 4টা (d) সকাল 9টা

85. সমপরিমাণ অর্থ 14% ও 16% সরল সুদে জামা রাখার 5 বছর পর মোট সুদ হয় 45,000 টাকা। জমা রাখা মোট অর্থের পরিমাণ:
(a) 45,000 টাকা (b) 50,000 টাকা (c) 60,000 টাকা (d) 80,000 টাকা

86. একটি ত্রিভুজের বাহুগুলির অনুপাত 2 : 3 : 4 ও পরিসীমা 81 মিটার। বৃহত্তম বাহুটির দৈর্ঘ্য:
(a) 64 মিটার (b) 50 মিটার (c) 40 মিটার (d) 36 মিটার

87. 359 × 722 = ?
(a) 268198 (b) 205958 (c) 269128 (d) 259198

88. ক্ষুদ্রতম কোন সংখ্যাকে 20, 42 ও 63 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 1 ভাগশেষ থাকে?
(a) 1241 (b) 1261 (c) 1259 (d) 1239

89. এক ব্যক্তি 7 দিনে গড়ে 1,500টি জিনিস বিক্রয় করে। শেষ 6 দিনে গড়ে 1,506টি জিনিস বিক্রয় করে। প্রথম দিন কত জিনিস বিক্রয় হয়েছিল?
(a) 1,506 (b) 1,536 (c) 1,464 (d) 1,476

90. একটি পরীক্ষায় এক-তৃতীয়াংশ বালিকা ও অবশিষ্ট বালক। বালকদের 10% ও বালিকাদের 30% ফেল করে। মোটের ওপর কত % ফেল করে?
(a) $16\frac{2}{3}$ % (b) 15% (c) 18% (d) $17\frac{1}{2}$ %

91. কোনও শহরের 40,000 লোকের মধ্যে 50% 'ডেকান হেরাল্ড', 45% 'টাইমস অব ইন্ডিয়া' পড়েন ও 25% কোনওটাই পড়েন না। উভয় সংবাদপত্র পড়েন এমন লোকসংখ্যা:
(a) 2000 (b) 4000 (c) 10000 (d) 8000

92. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফল যথাক্রমে 28 ও 16 হলে, তাদের গুণফল হবে:
(a) 132 (b) 144 (c) 56 (d) 112

93. একটি দোকানের বিক্রয় প্রতি মাসে 20% বৃদ্ধি পায়। মার্চ মাসে তা 5,000 টাকা হলে 3 মাস পর বিক্রয় হয়:
(a) 8,650 টাকা (b) 8,640 টাকা (c) 8,630 টাকা (d) 8,620 টাকা

94. 900 টাকার 90%-এর 40% হয়:
(a) 300 টাকা (b) 324 টাকা (c) 350 টাকা (d) 325 টাকা

95. স্রোতের অনুকূলে কোনও দূরত্ব যেতে যে সময় লাগে, স্রোতের প্রতিকূলে সেই একই দূরত্ব যেতে দ্বিগুণ সময় লাগে। স্রোতের বেগ ও নৌকার বেগের (স্থির জলে) অনুপাত হল:
(a) 2 : 3 (b) 1 : 2 (c) 1 : 3 (d) 1 : 4

96. 1993 সালের 1 মার্চ সোমবার হলে, 1993 সালের 1 মে হবে:
(a) রবিবার (b) শনিবার (c) সোমবার (d) মঙ্গলবার

97. দু'জন কর্মচারীর সাপ্তাহিক মজুরির অনুপাত 4 : 7, তাদের মজুরির পার্থক্য 363 টাকা হলে, তাদের মোট মজুরি কত?
(a) 6,250 টাকা (b) 3,113 টাকা (c) 1,331 টাকা (d) 3,131 টাকা

98. কোনও শেয়ারের 25% বাড়ানো হল ও পরে 15% কমানো হল। বর্তমান মূল্য 4,250 টাকা হলে প্রথমে মূল্য কত ছিল?
(a) 4,000 টাকা (b) 5,000 টাকা (c) 3,825 টাকা (d) 4,100 টাকা

99. 300 টাকা 3 বছরে সুদ-আসলে 345 টাকা হলে বার্ষিক সরল সুদের হার:
(a) 5% (b) 6% (c) 2% (d) 3%

100. 4 সেমি বাহুবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল হল:
(a) $4\sqrt{3}$ বর্গসেমি (b) 6.43 বর্গসেমি (c) $2\sqrt{3}$ বর্গসেমি (d) 4 বর্গসেমি

### উত্তর

1(b), 2(a), 3(a), 4(c), 5(c), 6(b), 7(d), 8(a), 9(b), 10(c), 11(b), 12(a), 13(a), 14(a), 15(d), 16(b), 17(b), 18(a), 19(a), 20(b), 21(a), 22(b), 23(a), 24(c), 25(c), 26(a), 27(d), 28(b), 29(d), 30(d), 31(b), 32(a), 33(b), 34(b), 35(b), 36(d), 37(b), 38(a), 39(b), 40(b), 41(c), 42(c), 43(a), 44(b), 45(d), 46(a), 47(a), 48(b), 49(b), 50(a), 51(c), 52(a), 53(a), 54(d), 55(c), 56(c), 57(d), 58(b), 59(d), 60(d), 61(a), 62(b), 63(a), 64(d), 65(d), 66(b), 67(d), 68(a), 69(b) 70(a), 71(d), 72(a), 73(c), 74(c), 75(a), 76(d), 77(b), 78(b), 79(d), 80(c), 81(c), 82(b), 83(a), 84(d), 85(c), 86(d), 87(d), 88(b), 89(c), 90(a), 91(d), 92(a), 93(b), 94(b), 95(c), 96(b), 97(c), 98(a), 99(a), 100(a).

### সমাধান

51(c): শতকরা লাভের হার = $\left\{\left(44-\frac{50}{3}\right)-\frac{44\times50}{100\times3}\right\}$ %
$\left\{\because 16\frac{2}{3} = \frac{50}{3}\right\} = \left(\frac{82}{3}-\frac{22}{3}\right)\% = 20\%$.

52(a): 6, 8 ও 10-এর ল.সা.গু. = 120
120 = (7 × 17) + 1 {আবার, 7 = (1 × 2) + 5}
∴ নির্ণেয় সংখ্যা = (120 × 2 + 5) = 245.

53(a): (i) সাধারণ বছরে 1st জানুয়ারি যে বার থাকে সেই বার 53টি এবং অন্যান্য বারগুলি 52টি করে থাকে। (ii) লিপ ইয়ার বছরে 1st এবং 2nd, জানুয়ারি যে বার থাকে সেই বার দু'টি 53টি এবং অন্যান্য বার 52টি করে থাকে। 1995 সালটি সাধারণ বছর। 1 জানুয়ারি রবিবার হলে, ওই বছরে রবিবার ছিল 53টি।

54(d): বৃহত্তম সংখ্যা = 6,300 এবং ক্ষুদ্রতম সংখ্যা = 3,006
∴ দু'টি সংখ্যার পার্থক্য = (6,300 – 3,006) = 3294.

55(c): 3 জন পুরুষ, 4 জন স্ত্রীলোক ও 7 জন বালকের প্রাপ্য অর্থের অনুপাত = (3 × 3) : (4 × 2) : (7 × 1) = 9 : 8 : 7
∴ প্রতিটি স্ত্রীলোক পান = $\left(792\times\frac{8}{9+8+7}\right)\div4 = \left(792\times\frac{8}{24}\right)\div4 = 66$ টাকা।

56(c): $2^x + 2^{x+1} + 2^{x+2} + 2^{x+3} = 30$
or, $2^x(1 + 2^1 + 2^2 + 2^3) = 30$
or, $2^x(15) = 30$ or, $2^x = 2$ ∴ x = 1.

57(d): প্রথম দ্রব্যের (30 – 20)% = দ্বিতীয় দ্রব্যের (20 – 10)%
অর্থাৎ দু'টি দ্রব্যের ক্রয়মূল্য সমান। তাহলে (130% + 110%) = 48 টাকা
240% = 48 টাকা ∴ 110% = $\left(\frac{48}{240}\times110\right)$ = 22 টাকা।

58(b): বর্তমানে মোট বয়স = (27.5 × 2 + 4 × 2) বছর = 63 বছর
∴ বর্তমান পুত্রের বয়স = 63 × $\frac{5}{5+16}$ = 15 বছর।

59(d): ভাগফল = $\frac{3}{5}$ ∴ সংখ্যাদু'টির অনুপাত = 3 : 5
∴ 3a × 5a = 1,815 or, $a^2$ = (1,815 ÷ 15) or, a = $\sqrt{121}$ = 11
∴ সংখ্যাদু'টির পার্থক্য = (5a – 3a) = 2 × 11 = 22.

60(d): যোগফলের 40% = বিয়োগফলের 50%
∴ যোগফল : বিয়োগফল = 50 : 40 = 5 : 4
∴ বড়সংখ্যা : ছোটসংখ্যা = (যোগফল + বিয়োগফল) : (যোগফল – বিয়োগফল) = (5 + 4) : (5 – 4) = 9 : 1.

61(a): ত্রুটিযুক্ত স্কেলে মাপলে হবে = $\frac{100\times50}{99} = 50\frac{50}{99}$ মিটার।

62(b): প্রথমে প্রতিটি কলমের বিক্রয়মূল্য = (15 ÷ 5) = 3 টাকা
পরে প্রতিটি কলমের বিক্রয়মূল্য = (18.40 ÷ 8) = 2.30 টাকা
3 টাকা = 120% হলে, 2.30 টাকা = $\frac{120}{3}$ × 2.30 = 92%
∴ নির্ণেয় ক্ষতির হার = (100 – 92) = 8%.

63(a): 3, 4 ও 6-এর ল.সা.গু. = 12
সংখ্যাতিনটির গ.সা.গু. = (180 ÷ 12) = 15
∴ ক্ষুদ্রতম সংখ্যা = 3 × 15 = 45.

64(d): 10 মিনিটে 1 কিমি অর্থাৎ ঘণ্টায় গড় গতি = 60 ÷ 10 = 6 কিমি
তাহলে, দু'টি পথের সময়ের অনুপাত = (8 – 6) : (6 – 4) = 2 : 2 = 1 : 1
∴ রিকশায় 5 মিনিটে যায় = 8 × $\frac{5}{60} = \frac{2}{3}$ কিমি।

65(d): পরিচ্ছন্ন ও মেঘাচ্ছন্ন আকাশের সময়ের অনুপাত = 5.1 : 8.5 = 3 : 5
∴ আকাশ পরিচ্ছন্ন ছিল = $\frac{3}{3+5} = \frac{3}{8}$ অংশ সময়।

66(b): পূর্ণ করার নল দিয়ে চৌবাচ্চাটি পূর্ণ হয় = $\frac{6\times8}{8-6}$ = 24 ঘণ্টায়
সুতরাং চৌবাচ্চাটির জলধারণ ক্ষমতা = (24 × 60 × 4) = 5,760 লিটার।

67(d): A ও B একত্রে $\left(1-\frac{7}{10}\right) = \frac{3}{10}$ অংশ কাজ করে 4 দিনে
∴ A ও B একত্রে পুরো কাজ করে = $\left(\frac{4\times10}{3}\right) = \frac{40}{3} = 13\frac{1}{3}$ দিনে।

68(a): তৃতীয় মিশ্রণে দস্তা ও তামার অনুপাত = $\left(\frac{3}{5}+\frac{4}{9}\right):\left(\frac{2}{5}+\frac{5}{9}\right)$ = 47 : 43.

69(b): $\frac{0.9\bar{3}\div8.4}{3.4\overline{02}-0.0\overline{68}} = \frac{\frac{93-9}{90}\div\frac{84}{10}}{3\frac{402-4-68}{990}} = \frac{\frac{1}{9}}{3\frac{1}{3}} = \frac{1}{9}\times\frac{3}{10} = \frac{1}{30}$.

70(a): সমগ্র গোলাকার স্থল ও জলভাগের অনুপাত = 1 : 2 (× 10)
or 10 : 20 ∴ অনুপাতের সমষ্টি = 30
উত্তর গোলার্ধের অনুপাত = 2 : 3 (× 3) = 6 : 9
∴ অনুপাতের সমষ্টি = 15
∴ দক্ষিণ গোলার্ধের স্থল ও জলভাগের অনুপাত = (10 – 6) : (20 – 9) = 4 : 11.

71(d): বছরের মোট আয় = (69.30 × 52) = 3,603.60 টাকা
মোট ব্যয় = (18.90 × 13) = 245.70 টাকা

*এরপর কুড়ির পাতায়*

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*উনিশের পাতার পর*

সুতরাং, অবশিষ্ট থাকে = (3603.60 – 245.70) = 3,357.90 টাকা।

72(a): ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $= \left\{(10-7)-\frac{10\times7}{100}\right\} = (3-0.7) = 2.3\%.$

73(c): শূন্য ছাড়া তিন অঙ্কের সংখ্যার যোগফল = অঙ্কসমষ্টি × 222
যোগফল = (3 + 5 + 7) × 222 = (15 × 222) = 3,330.

74(c): অনুকূল: প্রতিকূলের সময় = 1 : 2 হলে,
স্থির জলে নৌকার গতি : স্রোতের গতি = 3 : 1

∴ স্রোতের গতিবেগ $= 9 \times \frac{1}{3}$ কিমি = 3 কিমি

∴ দূরত্ব = (9 + 3) × 10 = 120 কিমি।

75(a): $\dfrac{1}{2+\dfrac{1}{2+\dfrac{1}{2-\frac{1}{2}}}} = \dfrac{1}{2+\dfrac{1}{2+\dfrac{1}{\frac{3}{2}}}} = \dfrac{1}{2+\dfrac{1}{2+\frac{2}{3}}} = \dfrac{1}{2+\frac{3}{8}}$

$= \dfrac{1}{\frac{19}{8}} = \dfrac{8}{19}.$

76(d): মোট নম্বর $= \left(630\times\frac{100}{90}\times\frac{100}{70}\right) = 1,000.$

77(b): $999\left(\frac{99-4}{99}\right)\times 99 = \left(1000-\frac{4}{99}\right)\times 99$

$= 99,000 - 4 = 98,996.$

78(b): দু'টি কাঁটা বিপরীতে থাকবে 3টে বেজে $(30 + 3 \times 5) \times \frac{12}{11}$ মিনিটে

= 3টে বেজে $\frac{540}{11}$ মিনিটে = 3টে বেজে $49\frac{1}{11}$ মিনিটে।

79(d): ভুল ও সঠিক উত্তর নম্বরের পার্থক্য $= 2-\left(-\frac{1}{2}\right) = 2\frac{1}{2}$

∴ ভুল উত্তর করেছিল এমন প্রশ্নসংখ্যা $= \dfrac{(50\times2-65)}{2\frac{1}{2}} = \left(35\times\frac{2}{5}\right) = 14.$

80(c): $(3\times2)^{12}\times(5)^{13}\times(7)^{23}$

∴ মোট মৌলিক উৎপাদক = (12 + 12 + 13 + 23) = 60.

81(c): বর্গাকার ও বৃত্তাকার টিনের ক্ষেত্রফলের অনুপাত $= (16)^2 : \pi 8^2$
(∵ 8 বৃত্তের ব্যাসার্ধ)

$= 16^2 : \frac{22}{7}\times 8^2 = 14 : 11.$

82(b): প্রথম দু'টি খণ্ডের অনুপাত 2x : 3x ধরা হলে,

তিনটি খণ্ডের অনুপাত $= \left(2x\times\frac{4}{9}\right) : \left(2x\times\frac{5}{9}\right) : 3x = 8 : 10 : 27.$

83(a): ধরি, আসল = 100 টাকা, 5 বছরের সুদ $= 100 \times \frac{1}{4} = 25$ টাকা

∴ সুদের হার $= \frac{25}{5}\% = 5\%.$

84(d): 4, 15 ও 16 মিনিটের ল.সা.গু. = (16 × 15) মিনিট = 240 মিনিট = 4 ঘণ্টা

∴ সকাল = (5টা + 4টা) = 9টার সময় আবার একসঙ্গে ছাড়বে।

85(c): ধরি, প্রতিক্ষেত্রে আসল = 100 টাকা

∴ মোট আসল = (100 + 100) = 200 টাকা

5(14 + 16)% = 45,000 টাকা

or, 150% = 45,000 টাকা

∴ 200% $= \left(\frac{45,000}{150}\times 200\right)$ = 60,000 টাকা।

86(d): বৃহত্তম বাক্সটির দৈর্ঘ্য $= 81 \times \frac{4}{(2+3+4)}$ = 36 মিটার।

87(d): 359 × 722 = 359 × 361 × 2 = (360 – 1) (360 + 1) × 2
$= (360)^2 - (1)^2 \times 2$ = (1,29,600 – 1) × 2 = 1,29,599 × 2 = 2,59,198.

88(b): 20, 42 ও 63-র ল.সা.গু. = 1260

∴ নির্ণেয় সংখ্যা = 1,260 + 1 = 1,261.

89(c): প্রথমদিন জিনিস বিক্রয় হয়েছিল = {(1,500 – (1,506 – 1,500) × 6)}
= (1,500 – 36) = 1,464.

90(a): ধরি মোট বালক-বালিকা = 300 জন
বালিকা = 100, বালক = 200

∴ বালিকা ফেল করে = 30 জন এবং বালক ফেল করে = 20 জন

∴ ফেলের হার $= \frac{30+20}{300}\times 100 = \frac{50}{3} = 16\frac{2}{3}\%.$

91(d): যে-কোনও একটি পত্রিকা পড়েন = (100 – 25)% = 75%
উভয় পত্রিকা পড়েন = (50 + 45 – 75) = 20%

∴ উভয় পত্রিকা পড়েন $= 40000 \times \frac{20}{100}$ = 8000 জন।

92(a): একটি সংখ্যা $= \frac{28+16}{2} = 22$ এবং অপর সংখ্যা $= \frac{28-16}{2} = 6$

∴ গুণফল 22 × 6 = 132.

93(b): 3 মাস পরে বিক্রয়মূল্য $= \left(5,000\times\frac{120}{100}\times\frac{120}{100}\times\frac{120}{100}\right)$ টাকা

= (5 × 12 × 12 × 12) টাকা = 8,640 টাকা।

94(b): 900 টাকার 90%-এর 40% $= \left(900\times\frac{90}{100}\times\frac{40}{100}\right)$ = 324 টাকা।

95(c): অনুকূল সময় : প্রতিকূল সময় = 1 : 2 হলে,
স্রোতের বেগ : স্থির জলে নৌকার বেগ = 1 : 3 হবে।

96(b): 1993 সালের 1 মার্চ থেকে 1 মে = (30 + 30 + 1) = 61 দিনের পার্থক্য
61-কে 7 দ্বারা ভাগ করলে 5 ভাগশেষ থাকে
∴ সোমবার + 5 দিন ⇒ শনিবার।

97(c): মোট মজুরি $= 363 \times \frac{4+7}{7-4} = 121 \times 11$ টাকা = 1,331 টাকা।

98(a): প্রথমে মূল্য ছিল $= \left(4,250\times\frac{100}{125}\times\frac{100}{85}\right)$ টাকা = 4,000 টাকা।

99(a): 300 টাকার 3 বছরের সুদ = (345 – 300) = 45 টাকা

∴ সুদের হার $= \frac{45\times100}{300\times3} = 5\%.$

100(a): ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}\times 4^2 = 4\sqrt{3}$ বর্গসেন্টিমিটার।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ ও পলাশ কান্তি মণ্ডল*

# কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩

## কনস্টেবল ও রাইফেলম্যান

*আঠারোর পাতার পর*

29. The least populated state of India is:
(a) Sikim (b) Manipur (c) Arunachal Pradesh (d) Goa
30. Ilium is a part of:
(a) stomach (b) pelvic girdle (c) pectoral girdle (d) small intestine
31. Madhya Pradesh is the largest producer of:
(a) oil-seeds (b) pulses (c) cotton (d) maize
32. Milk is:
(a) emulsion (b) gel (c) foam (d) suspension
33. The Muslim League was founded in 1906 at:
(a) Aligarh (b) Karachi (c) Meerut (d) Dhaka
34. 'Gita Govinda' was written by:
(a) Namdev (b) Jayadeva (c) Sankara (d) Manikka Vasagar
35. Brass is made of:
(a) tin and lead (b) copper and tin (c) copper, tin and zinc (d) copper and zinc
36. Who introduced the Indian University Act?
(a) Lord Minto (b) Lord Curzon (c) Lord Morelay (d) Lord Rippon
37. Beak is formed by:
(a) Teeth (b) Jaws (c) Cheeks (d) None
38. One Byte is equal to:
(a) 16 bits (b) 20 bits (c) 12 bits (d) 8 bits
39. Land dependent on rain are:
(a) arid (b) rain-fed (c) irrigated (d) dry
40. The First Law of Newton is also called as:
(a) Law of Inertia (b) Law of energy (c) Law of moments (d) Law of momentum
41. Opium is a plant product obtained from:
(a) stem bark (b) roots (c) dried leaves (d) dried latex
42. Root pressure is measured by:
(a) Atmometer (b) Manometer (c) Barometer (d) Auxanometer
43. Where are the Todas found?
(a) Rajasthan (b) Tamil Nadu (c) Madhya Pradesh (d) Arunachal Pradesh
44. The wire of flash bulbs is made up of:
(a) Ba (b) Ag (c) Mg (d) Cu
45. The percentage of nitrogen present in ammonium sulphate is:
(a) 35% (b) 18% (c) 30.5% (d) 25%
46. The pancreas secretes:
(a) Insulin (b) Bile Juice (c) Peptic Juice (d) None of these
47. In Onion, the edible part is:
(a) Leaf (b) Root (c) Flower (d) Stem
48. The Nobel Prize was instituted by the country:
(a) UK (b) USA (c) Russia (d) Sweden
49. Which of the following was the second capital of Akbar:
(a) Agra (b) Fatehpur-Sikri (c) Patna (d) Delhi
50. A body which is a good absorber of heat is also a:
(a) good radiator (b) bad radiator (c) good reflector (d) bad reflector

**Direction (51 to 60):** *In the following questions, the sentences are divided into four parts. Find out which part contains error. If there is no error, your answer should be (d), i.e. No error.*

51. The cartman (a)/drove the cart (b)/in a slowly manner (c)/ No error (d)
52. I always (a)/enjoy reading (b)/childrens' books (c)/No error (d)
53. The bird (a)/on the cage (b)/has flew away (c)/No error (d)
54. Take out (a)/that book (b) from the shelf (c)/No error (d)
55. If you wanted (a)/to perform well (b)/you shall work hard (c)/ No error (d)
56. Would you (a)/liked to have (b)/a cup of coffee? (c)/No error (d)
57. The trust plans to sen on (a)/a special school for (b)/dumb and deaf children (c)/No error (d)
58. The scientist must follow (a)/his hunches and his data (b)/ wherever it may lead (c)/No error (d)
59. He is the most corrupt politician (a)/than anybody (b)/in the country (c)/No error (d)
60. Though she was sick (a)/but (b)/she went to work (c)/No error (d)

**Direction (61 to 65):** *Find out the suitable synonyms of the given words.*

61. Makeshift
(a) Fickle (b) Permanent (c) Fixed (d) Temporary
62. Trail
(a) Road (b) Way (c) Path (d) All of these
63. Grumble
(a) Repair (b) Complain (c) Protest (d) Ramble
64. Species
(a) Class (b) Genre (c) Both (a) and (b) (d) Spry
65. Convinced
(a) Enchanted (b) Assured (c) Pried (d) Implored

**Direction (66 to 70):** *Find out the antonyms from the given alternatives.*

66. Abandon
(a) Wildness (b) Desolate (c) Forsake (d) Accompany
67. Harmony
(a) Disagreement (b) Concord (c) Music (d) Symphony
68. Fickle
(a) Changeable (b) Constant (c) Volatile (d) Changeful
69. Wise
(a) Sage (b) Judicious (c) Foolish (d) Prudent
70. Weary
(a) Fatigued (b) Refreshed (c) Tired (d) All of these

**Direction (71 to 75):** *Find out the misspelt word from the given alternatives.*

71. (a) Species (b) Corrider (c) Reserve (d) Estimate
72. (a) Population (b) Provide (c) Predetor (d) Publish
73. (a) Orchard (b) Possesion (c) Identify (d) Granite
74. (a) Practice (b) Success (c) Migratory (d) Distrebute
75. (a) Promote (b) Excellense (c) Loyalty (d) Organic
76. If $x = \frac{\sqrt{3}+1}{\sqrt{3}-1}$ and $y = \frac{\sqrt{3}-1}{\sqrt{3}+1}$, then the value of $(x^2 + y^2)$ is:
(a) 10 (b) 13 (c) 14 (d) 15
77. The square-root of $(7 + 3\sqrt{5})(7 - 3\sqrt{5})$ is:
(a) $\sqrt{5}$ (b) 2 (c) 4 (d) $3\sqrt{5}$
78. If $\sqrt{5} = 2.236$, then the value of $\frac{\sqrt{5}}{2} - \frac{\sqrt{10}}{\sqrt{5}} + \sqrt{125}$ is equal to:
(a) 5.59 (b) 7.826 (c) 8.944 (d) 10.062
79. $\left(\frac{\sqrt{625}}{11} 25 \times \frac{14}{\sqrt{25}} \times \frac{11}{\sqrt{196}}\right)$ is equal to:
(a) 5 (b) 6 (c) 13 (d) 11
80. $\left(\sqrt{3} - \frac{1}{\sqrt{3}}\right)$ simplifies to:
(a) $\frac{3}{4}$ (b) $\frac{4}{\sqrt{3}}$ (c) $\frac{4}{3}$ (d) None of these
81 Which one of the following is not a prime number?
(a) 31 (b) 61 (c) 71 (d) 91
82. $(112 \times 5^4) = ?$
(a) 67000 (b) 70000 (c) 76500 (d) 77200
83. 1397 × 1397 = ?
(a) 1951609 (b) 1981709 (c) 18362619 (d) 2031719
84. Which of the following is a prime number?
(a) 33 (b) 81 (c) 93 (d) 97
85. A sum of money at simple interest amounts to Rs. 815 in 3 years and to Rs. 854 in 4 years. The sum is:
(a) Rs. 650 (b) Rs. 690 (c) Rs. 698 (d) Rs. 700
86. How much time will it take for an amount of Rs. 450 to yield Rs. 81 as interest at 4.5% per annum of simple interest?
(a) 3.5 years (b) 4 years (c) 4.5 years (d) 5 years
87. The average weight of 8 persons increases by 2.5 kg when a new person comes in place of one of them weighting 65 kg. What might be the weight of the new person?
(a) 76 kg (b) 76.5 kg (c) 85 kg (d) Data inadequate
88. If 3(x – y) = 27, 3 (x + y) = 243 then x is equal to:

*এরপর একুশের পাতায়*

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩ কনস্টেবল ও রাইফেলম্যান

কুড়ির পাতার পর

(a) 0 (b) 2 (c) 4 (d) 6

89. $(17)^{3.5} \times (17)^{x} = 17^{8}$

(a) 2.29 (b) 2.75 (c) 4.25 (d) 4.5

90. Two bus tickets from city A to B and three tickets from city A to C cost Rs. 77 but three tickets from city A to B and two tickets from city A to C cost Rs. 73. What are the fares for cities B and C from A?

(a) Rs. 4, Rs. 23 (b) Rs. 13, Rs. 17 (c) Rs. 15, Rs. 14 (d) Rs. 17, Rs. 13

91. The HCF of $\frac{9}{10}, \frac{12}{25}, \frac{18}{35}$ and $\frac{21}{40}$ is:

(a) $\frac{3}{5}$ (b) $\frac{252}{5}$ (c) $\frac{3}{1400}$ (d) $\frac{63}{700}$

92. Which of the following has the most number of divisors?

(a) 99 (b) 101 (c) 176 (d) 182

93. Three numbers are in the ratio of 3 : 4 : 5 and their LCM is 2400. Their HCF is:

(a) 40 (b) 80 (c) 120 (d) 200

94. The least perfect square, which is divisible by each of 21, 36 and 66 is:

(a) 213444 (b) 214344 (c) 214434 (d) 231444

95. Today is Monday. After 61 days, it will be:

(a) Wednesday (b) Saturday (c) Tuesday (d) Thursday

96. The sum of first prime number is:

(a) 11 (b) 18 (c) 26 (d) 28

97. $(12)^3 \times 6^4 \div 432 = ?$

(a) 5184 (b) 5060 (c) 5148 (d) 5084

98. The smallest 3 digit prime number is

(a) 101 (b) 103 (c) 109 (d) 113

99. $\frac{753 \times 753 + 247 \times 247 - 753 \times 247}{753 \times 753 \times 753 + 247 \times 247 \times 247} = ?$

(a) $\frac{1}{1000}$ (b) $\frac{1}{506}$ (c) $\frac{253}{500}$ (d) None of these

100. $107 \times 107 + 93 \times 93 = ?$

(a) 19578 (b) 19418 (c) 20098 (d) 21908

### Answers

1(a), 2(b), 3(d), 4(b), 5(a), 6(b), 7(c), 8(d), 9(b), 10(c), 11(c), 12(c), 13(d), 14(a), 15(b), 16(c), 17(a), 18(c), 19(d), 20(a), 21(d), 22(d), 23(a), 24(c), 25(d), 26(a), 27(c), 28(d), 29(a), 30(b), 31(b), 32(a), 33(d), 34(b), 35(d), 36(b), 37(b), 38(d), 39(b), 40(a), 41(d), 42(d), 43(b), 44(c), 45(a), 46(a), 47(d), 48(d), 49(b), 50(a), 51(c), 52(c), 53(c), 54(d), 55(a), 56(b), 57(a), 58(c), 59(b), 60(b), 61(d), 62(d), 63(b), 64(c), 65(b), 66(d), 67(a), 68(b), 69(c), 70(b), 71(b), 72(c), 73(b), 74(d), 75(b), 76(c), 77(b), 78(b), 79(a), 80(c), 81(d), 82(b), 83(a), 84(d), 85(c), 86(b), 87(c), 88(c), 89(d), 90(b), 91(c), 92(c), 93(a), 94(a), 95(b), 96(d), 97(a), 98(a), 99(a), 100(c).

### Solution

6(b): B C D E
↓+4 ↓+4 ↓+4 ↓+4
F G H I

Similarly, M N O P
↓+4 ↓+4 ↓+4 ↓+4
Q R S T

8(d): P Q R
↓−2 ↓+1 ↓−2
N R P

Similarly, A B C
↓−2 ↓+1 ↓−2
Y C A

9(b): Q D X M
↓+2 ↓+2 ↓+1 ↓+1
S F Y N

Similarly, U I O Z
↓+2 ↓+2 ↓+1 ↓+1
W K P A

10(c): M K Q O
↓−1 ↓+3 ↓−1 ↓+3
L N P R

Similarly, Y S U W
↓−1 ↓+3 ↓−1 ↓+3
X V T Z

11(c): ① ② ③ ④ ⑤ ⑥
H U N T E R
↓ ↓ ↓ ↓ ↓ ↓
② ① ③ ④ ⑥ ⑤
U H N T R E

Similarly, ① ② ③ ④ ⑤ ⑥
M A N A G E
↓ ↓ ↓ ↓ ↓ ↓
② ① ③ ④ ⑥ ⑤
A M N A E G

12(c): S W I T C H
↓+1 ↓−1 ↓+1 ↓−1 ↓+1 ↓−1
T V J S D G

Similarly, B R E A D
↓+1 ↓−1 ↓+1 ↓−1 ↓+1
C Q F Z E

13(d): B E C K O N
↓+3 ↓+3 ↓+3 ↓+3 ↓+3 ↓+3
E H F N R Q

Similarly, N A C T U R I N
↓+3 ↓+3 ↓+3 ↓+3 ↓+3 ↓+3 ↓+3 ↓+3
Q D F W X U L Q

14(a): As given the letters are coded as

| A | B | C | D | E | F | G | H | I |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |

So, in B I D D I C
↓ ↓ ↓ ↓ ↓ ↓
2 9 4 4 8 3

15(b): E N T R Y
↓ ↓ ↓ ↓ ↓
1 2 3 4 5

S T E A D Y
↓ ↓ ↓ ↓ ↓ ↓
9 3 1 7 8 5

So, A R R E S T
↓ ↓ ↓ ↓ ↓ ↓
7 4 4 1 9 3

17(a): Clearly, number of students in the class = (6 + 1 + 27) = 34.

18(c): Numbers greater than 3 but less than 8 are: 4, 5, 6, 7

Numbers greater than 6 but less than 10 are: 7, 8, 9

So, clearly, the required number is 7.

19(d): Clearly, the missing number is 3 × 27 = 81.

20(a): $48 + 16 \div 4 - 2 \times 8 \Rightarrow 48 \div 16 - 4 \times 2 + 8 \Rightarrow 3 - 4 \times 2 + 8$
$\Rightarrow 3 - 8 + 8 \Rightarrow 3 + 8 - 8 \Rightarrow 11 - 8 \Rightarrow 3.$

21(d): Only Rude is a negative attribute.

22(d): Only Singhbhum is not outside Bengal.

23(a): All except Flute are string instrument.

24(c): All except Tolstoy are poets.

25(d): All except Hireling are young ones of animals.

76(c): $x = \frac{(\sqrt{3}+1)}{(\sqrt{3}-1)} \times \frac{(\sqrt{3}+1)}{(\sqrt{3}+1)} = \frac{(\sqrt{3}+1)^2}{3-1} = \frac{3+1+2\sqrt{3}}{2} = 2+\sqrt{3}$

$y = \frac{(\sqrt{3}-1)}{(\sqrt{3}+1)} \times \frac{(\sqrt{3}-1)}{(\sqrt{3}-1)} = \frac{(\sqrt{3}-1)^2}{(3-1)} = \frac{3+1-2\sqrt{3}}{2} = 2-\sqrt{3}$

$x^2 + y^2 = (2+\sqrt{3})^2 + (2-\sqrt{3})^2 = 2\,(4+3) = 14.$

77(b): $= \sqrt{(7+3\sqrt{5})(7-3\sqrt{5})} = \sqrt{(7)^2 - (3\sqrt{5})^2} = \sqrt{49-45} = \sqrt{4} = 2.$

78(b): $\frac{\sqrt{5}}{2} - \frac{\sqrt{10}}{\sqrt{5}} + \sqrt{125}$

$= \frac{(\sqrt{5})^2 - 20 + 2\sqrt{5} \times 5\sqrt{5}}{2\sqrt{5}} = \frac{5-20+50}{2\sqrt{5}} = \frac{35}{2\sqrt{5}} \times \frac{\sqrt{5}}{\sqrt{5}} = \frac{35\sqrt{5}}{10}$

$= \frac{7 \times 2.236}{2} = 7 \times 1.118 = 7.826.$

79(a): Given expression $= \frac{25}{11} \times \frac{14}{5} \times \frac{11}{14} = 5.$

80(c): $\left(\sqrt{3} - \frac{1}{\sqrt{3}}\right) = (\sqrt{3})^2 + \left(\frac{1}{\sqrt{3}}\right)^2 - 2 \times \sqrt{3} \times \frac{1}{\sqrt{3}}$

$= 3 + \frac{1}{3} - 2 = 1 + \frac{1}{3} = \frac{4}{3}.$

81(d): 91 is divisible by 7

So, it is not a prime number.

82(b): $(112 \times 5^4) = 112 \times \left(\frac{10}{2}\right)^4 = \frac{112 \times 10^4}{16} = \frac{1120000}{16} = 70000.$

83(a): $1397 \times 1397 = (1397)^2 = (1400 - 3)^2$
$= (1400)^2 + (3)^2 - (2 \times 1400 \times 3)$
$= 1960000 + 9 - 8400 = 1960009 - 8400 = 1951609.$

84(d): Clearly, 97 is a prime number.

85(c): SI for 1 year = Rs. (854 − 815) = Rs. 39

SI for 3 years = Rs. (39 × 3) = Rs. 117.

Therefore Principal = Rs. (815 − 117) = Rs. 698.

86(b): Time $= \left(\frac{100 \times 81}{450 \times 4.5}\right)$ years = 4 years.

87(c): Total weight increased = (8 × 2.5) kg = 20 kg

Weight of new person = (65 + 20) kg = 85 kg.

88(c): $3^{x-y} = 27 = 3^3$

or, $x - y = 3$ ... (1)

$3^{x+y} = 243 = 3^5$

or, $x + y = 5$ ... (2)

On solving (1) and (2), we get x = 4.

89(d): Let, $(17)^{3.5} \times (17)^{x} = 17^{8}$

Then, $(17)^{3.5+x} = 17^{8}$

∴ 3.5 + x = 8 or, x = (8 − 3.5) or, x = 4.5.

90(b): Let Rs. x be fare of city B from city A and Rs. y be the fare of city C from city A.

Then, 2x + 3y = 77 ... (i)

and 3x + 2y = 73 ... (ii)

Multiplying (i) and by 3 and (ii) and subtracting, we get:

5y = 85 or y = 17

Putting y = 17 in (i),

we get i x = 13.

91(c): Required HCF $= \frac{\text{HCF of 9, 12, 18, 21}}{\text{HCF of 10, 25, 35, 40}} = \frac{3}{1400}.$

92(c): 99 = 1 × 3 × 3 × 11

101 = 1 × 101

176 = 1 × 2 × 2 × 2 × 2 × 11

182 = 1 × 2 × 7 × 13

So, divisors of 99 are 1, 3, 9, 11, 33, 99.

Divisors of 101 are 1 and 101.

Divisors of 176 are 1, 2, 4, 8, 11, 16, 22, 44, 88 and 176

Divisors of 182 are 1, 2, 7, 13, 14, 26, 91 and 182

Hence, 176 has the most number of divisors.

93(a): Let the numbers be 3x, 4x and 5x

Then, their LCM = 60x

So, 60x = 2400, or, x = 40

∴ The numbers are (3 × 40), (4 × 40) and (5 × 40)

Hence, required HCF = 40.

94(a): LCM of 21, 36, 66 = 2772

Now, 2772 = 2 × 2 × 3 × 3 × 7 × 11

To make it a perfect square, it must be multiplied by 7 × 11

So, required number $= 2^2 \times 3^2 \times 7^2 \times 11^2 = 213444.$

95(b): Each day of the week is repeated after 7 days.

So, after 63 days, it will be Monday

∴ After 61 days, it will be Saturday.

96(d): Required sum = (2 + 3 + 5 + 7 + 11) = 28

1 is not a prime number.

Definition: A prime number (or a prime) is a natural number that has exactly two distinct natural divisors : 1 and itself.

97(a): Given Exp. $= \frac{(12)^3 \times (6)^4}{432} = \frac{(12)^3 \times 6^4}{12 \times 6^2} = (12)^2 \times 6^2$

$= (72)^2 = 5184.$

98(a): The smallest 3-digit number is 100, which is divisible by 2.

∴ 100 is not a prime number.

$\sqrt{101} < 11$ and 101 is not divisible by any of the prime numbers 2, 3, 5, 7, 11

∴ 101 is a prime number

Hence 101 is the smallest 3-digit prime number.

99(a): Given Exp. $= \frac{(a^2 + b^2 - ab)}{(a^3 + b^3)} = \frac{1}{(a+b)} = \frac{1}{(753+247)} = \frac{1}{1000}.$

100(c): 107 × 107 + 93 × 93

$= (107)^2 + (93)^2 = (100 + 7)^2 + (100 - 7)^2$

$= 2 \times [(100)^2 + 7^2] = 20098.$

[Ref: $(a + b)^2 + (a - b)^2 = 2\,(a^2 + b^2)$].

পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী
প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:
- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।
ফুরোবার আগেই সংগ্রহ করুন।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# একনজরে বিজ্ঞানের প্রশ্নোত্তর

- DPT ভ্যাকসিন যে রোগের জন্য— ডিপথেরিয়া, হুপিং কাশি, এবং টিটেনাস।

** $P^H$ – 0 to 6.9-Acidic, 7.1 to 14-Basic, 7-Neutral

** Centigrade and Fahrenheit Scale relation $\frac{C}{5} = \frac{F-32}{9}$

** Absolute Temperature-যে তাপমাত্রায় সমস্ত গ্যাসের চাপ শূন্য হয়।

** ইথেন অণুর ($C_2H_6$) বন্ধনের কোণগুলির মান 109° 28′।

- হাড় এবং দাঁতের বৃদ্ধির জন্য ভিটামিন ডি।
- কোনও বর্ণান্ধ ব্যক্তি সাধারণ বাহক মহিলাকে বিয়ে করলে তাদের পুত্ররা হবে সাধারণ এবং কন্যারা হবে বাহক।
- যখন চোখের লেন্স ধোঁয়াশা হয় তখন তাকে বলে— চোখের ছানি।
- ম্যালেরিয়া প্রতিরোধক ওষুধ— ক্লোরোকুইন।
- যে ভিটামিন রান্না করলে নষ্ট হয়— ভিটামিন সি।
- যে অঙ্গের অকার্যকারিতার জন্য ডায়াবেটিস রোগ হয়— অগ্ন্যাশয়
- ক্ষত সারাতে যে ভিটামিন ব্যবহৃত হয়— ভিটামিন কে।
- খাদ্যের খাদ্যগুণ বাড়াতে পারে— সন্ধান ও অঙ্কুরোদগম।
- ডায়ালিসিস প্রয়োজন হয়— কিডনির রোগ সারাতে।
- Green Vitriol ($FeSO_4.7H_2O$) এবং White Vitriol ($ZnSO_4.7H_2O$)।
- যে ধাতু দেহে জমা হলে উইলসনস রোগ হয়— তামা।
- ডাইরিয়া-আক্রান্ত শিশুর সর্বাগ্রে প্রয়োজন তার দেহের জলের ভারসাম্য রক্ষা করা।
- হ্যালোসিনেশন ঘটতে পারে LSD-এর প্রভাবে।
- দুধে কম পরিমাণ থাকে— আয়রন।
- স্কার্ভি রোগের বৈশিষ্ট্যগুলি— মাড়ি দিয়ে রক্ত পড়া ও ফুলে যাওয়া, ঠান্ডা প্রতিরোধ করার ক্ষমতা কমে যাওয়া।
- অন্ধ হওয়ার কারণ যে ভিটামিন-ঘাটতি— ভিটামিন-এ।
- বর্ণান্ধতা, হিমোফিলিয়া এবং সিকিল সেল অ্যানোমিয়া— যৌন/ক্রোমোজমঘটিত রোগ
- মিজেলস, স্মলপক্স, মামস এবং হাইড্রোফোবিয়া— ভাইরাসঘটিত রোগ।
- BCG টিকাকরণ করা হয় যে রোগের প্রতিরোধে— টিউবারকিউলোসিস (টি বি)।
- দুধের মাধ্যমে যে রোগ সংক্রমিত হতে পারে— টিউবারকিউলোসিস (টি বি)।
- ট্রাকোমা একটি চোখের রোগ।
- বেশি পরিমাণ গোল কৃমি অন্ত্রে থাকলে যা হবে— কোষ্ঠবদ্ধতা।
- কার্বোহাইড্রেট অধিক পরিমাণে থাকে এমন খাদ্যগুলি— কলা, আলু, চাল।
- কোষ কলাতে জল জমার কারণ যে ভিটামিনের অভাব— $B_1$ ভিটামিন।
- কুষ্ঠ রোগের ওষুধ সালফোনস ঘটিত যৌগ।
- খাদ্যে লৌহের অভাবে হয়— রক্তাল্পতা।
- গর্ভবতী মহিলার সাধারণত যে-যে মৌলের ঘাটতি থাকে— ক্যালশিয়াম এবং আয়রন।
- মিজেলস রোগের ভাইরাস আক্রমণের কতদিন পর শরীরে Rash বের হয়— একদিন পর।
- রক্ত তঞ্চনে সাহায্য করে ভিটামিন K।
- গলগণ্ড (গয়টার) রোগের কারণ— আয়োডিন ঘাটতি।
- প্রোটোজোয়া ঘটিত রোগ— অ্যামিবিয়েসিস ও ম্যালেরিয়া।
- মদ্যপানে যে অঙ্গ ক্ষতিগ্রস্ত হয়— লিভার— সিরোসিস রোগ।
- একটি আক্রান্ত দেহ থেকে সুস্থ দেহে যা প্রবেশ করলে রোগ হয় তাকে বলে ভেক্টর।
- কতগুলি যৌন রোগ: সিফিলিস, গনরিয়া, এইডস।
- অ্যালার্জির কারণে ঘটে হাঁপানি।

| রোগ | জীবাণু | রোগ | আক্রান্ত অঙ্গ |
|---|---|---|---|
| টাইফয়েড | ব্যাক্টেরিয়া | অ্যাজমা | ফুসফুস |
| ম্যালেরিয়া | প্রোটোজোয়া | ইনফ্লুয়েঞ্জা | শ্বাসনালি |
| এইডস | ভাইরাস | রিকেট | বক্ষ পাঁজর |
| রিং ওয়ার্ম | ছত্রাক | ম্যালেরিয়া | প্লিহা, লোহিত রক্তকণিকা |

- ভিটামিন ই-এর একটি ভালো উৎস— গোরুর দুধ।
- স্যাবিন ভ্যাকসিন যে রোগের প্রতিষেধক— পোলিও মাইলয়েটিস।
- ম্যানিনজাইটিস রোগ— মস্তিষ্কের ম্যানেনজেস পর্দার ফুলে যাওয়া।
- ঘুম রোগ হওয়ার কারণ— সেৎসি মাছির কামড়।
- ম্যালেরিয়া রোগ ছড়ায়— স্ত্রী অ্যানোফিলিস মশা।
- কালাজ্বর রোগের বাহক— স্যান্ডফ্লাই।
- ডায়াবেটিস রোগীদের শর্করা কমাতে ব্যবহৃত হয়— নিউ গ্রিক বীজ।
- টি উবার কিউলোসিস (যক্ষ্মা) রোগের নির্ণায়ক পরীক্ষা— মান্টু টেস্ট।
- অ্যামনেশিয়া রোগে স্মরণশক্তি হারিয়ে যায়।
- ডিপথেরিয়া একটি ছোঁয়াচে রোগ।
- যা শরীরে কোনও শক্তি জোগায় না— স্যাকারিন (স্বাদ মিষ্টি)।
- এইডস হতে পারে রক্ত আদান-প্রদান ও যৌন মিলন থেকে।
- যে অ্যামোইনো অ্যাসিড আমাদের অপ্রয়োজনীয়— কিসটিন।
- ডিমে প্রোটিনের শতকরা হার— 13.3%।
- রেড ইন্ডিয়ানদের মধ্যে যে রোগ বেশি দেখা যায়— সিফিলিস।
- আলু, গাজর, টম্যাটো, বাঁধাকপিতে ভিটামিন সি থাকে এবং এটি ভালো পরিমাণ লোহার উৎস।
- টাইফয়েড যে অঙ্গকে আক্রান্ত করে— ক্ষুদ্রান্ত্রকে।
- মাড়ি থেকে রক্ত পড়া প্রতিরোধ করতে পারে— অ্যাসকরবিক অ্যাসিড (ভিটামিন-সি)।
- গোরুর দুধ অপেক্ষা মহিষের দুধে ফ্যাট বেশি থাকে (সবচেয়ে বেশি থাকে উটের দুধে)।
- প্রোটিনের মধ্যে থাকে— কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন, নাইট্রোজেন।
- কাঁচা সোয়াবিন ও রান্না করা সোয়াবিনের মূল পার্থক্য— রান্নায় প্রোটিনের পরিমাণ কমে যায়।
- ক্যালোরির পরিমাণ ক্রমহ্রাস হবে— চিনি, কলা, আলু।
- লেবুতে বেশি পরিমাণ যে ভিটামিন থাকে— ভিটামিন সি।
- গাউট (গিটে বাত) হলে তাদের রক্তে বেশি পরিমাণ ইউরিক অ্যাসিড থাকে।
- যে গ্যাসের আধিক্যে নিউমোনিয়া রোগ প্রতিরোধ কমে যায়— সালফার ডাইঅক্সাইড।
- নখে কোন প্রোটিন থাকে? —কেরাটিন।
- যেটা অনেক বেশি পুষ্টিকর— সোয়াবিন।
- প্রোটিন কম খাওয়ার জন্য হতে পারে কাওয়াশিওরকর।
- ভিটামিন সি-এর সঙ্গে থাকে এবং ক্রিয়ায় সাহায্য করে— ভিটামিন-পি।

| ভিটামিন | প্রতিরোধক | খাদ্য | প্রাপ্ত জৈব অ্যাসিড |
|---|---|---|---|
| A | রাতকানা | দুধ | ল্যাকটিক |
| $B_1$ | বেরিবেরি | ভিনিগার | অ্যাসেটিক |
| K | রক্ত তঞ্চনে ব্যাহত | লেবু | সাইট্রিক |
| D | রিকেট | উদ্ভিজ্জ ফ্যাট | বউটিরিক |

- যে রোগ হলে গভবতী মহিলাকে গর্ভপাতের পরামর্শ দেওয়া হয়— জার্মান মিজেলস।
- আমাদের দেহে ফুলের রেণু প্রবেশ করলে ঘটে— হে ফিভার।
- আলুতে প্রোটিন এবং ফ্যাট কম থাকে, কার্বোহাইড্রেট বেশি থাকে।
- পালং শাকে বেশি থাকে আয়রন।
- ব্যাক্টেরিয়াঘটিত রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়— সালফার ড্রাগগুলি।
- অ্যালার্জির চিকিৎসা হয় যার দ্বারা— অ্যান্টিহিস্টামিন।
- চালে থাকে— থিয়ামিন (ভিটামিন $B_1$)।
- মরফিন, আফিং প্রভৃতি পাওয়া যায়— পপি (আফিং গাছের সবুজ কুঁড়ি থেকে)।
- লোকাল অ্যানাসথেটিক হিসেবে ব্যবহৃত হয়— কোকেন।
- কুষ্ঠ, হেপাটাইটিস, টি বি, কনজাংটিভাইটিস রোগগুলির মধ্যে কম সংক্রামক— কুষ্ঠ।
- মহিষ, গোরু, ছাগল-এর মধ্যে যার দুধে কম ফ্যাট থাকে — গোরু।
- দুধ থেকে দই হলে তাতে পাওয়া যায়— ল্যাকটিক অ্যাসিড।
- ক্যানসার রোগ নির্ণয়ে বায়োপসি করা হয়।
- মানুষ যা খুব কম পরিমাণেও না খেয়ে বাঁচতে পারে না— প্রোটিন।
- পাইরিয়া হয় ভিটামিন সি-এর অভাবে।
- রক্তে কোলেস্টেরল-এর পরিমাণ কমাতে পারে— গার্লিক (রসুন)।
- কিডনিতে পাথর হলে তাদের উচিত টম্যাটো না খাওয়া।
- ক্লোরোমাইসিটিন ওষুধ যে রোগের চিকিৎসায় প্রয়োজন— টাইফয়েড।
- ছত্রাক থেকে খাদ্যকে মুক্ত রাখার সবচেয়ে ভালো উপায়— সূর্যালোকে শুকিয়ে নেওয়া।
- ডায়াবেটিস রোগীরা নিশ্চিন্তে লেবু খেতে পারে।
- লিউকোমিয়া রোগ হলে রক্তে শ্বেতকণিকার সংখ্যা বেড়ে যায়।
- Objective answer sheets পরীক্ষার জন্য ব্যবহৃত হয় Optical Character পদ্ধতি।
- চায়ে থাকে অ্যালকালাইন এবং ক্যাফিন।
- দেহরক্ষক খাদ্য— ভিটামিন এবং খনিজ পদার্থ।
- টিটেনাস রোগে অ্যান্টি টকসিন ইঞ্জেকশন দেওয়া হয়।
- বীজের অঙ্কুরোদগমে থিয়ামিন ও রাইবোফ্লাভিন বৃদ্ধি পায়।
- মধুতে সবচেয়ে বেশি অনুপাতে থাকে— গ্লুকোজ।
- জল দূষণের ফলে যে রোগগুলি হয়— কলেরা ও টাইফয়েড।
- খেলোয়াড়দের সরাসরি শক্তি জোগাতে পারে— কার্বোহাইড্রেট জাতীয় খাদ্য (কলা)।
- দুধ, চিজ ও ডিম যে-যে ভিটামিনের ভালো উৎস— ভিটামিন A ও D।
- সর্বপ্রথম যে রোগের টিকা আবিষ্কার হয়— স্মল পক্স।
- দাঁত ক্ষয় হতে পারে ব্যাক্টেরিয়ার সংক্রমণে।
- ল্যাথারিজম (পঙ্গুত্ব ) রোগটি হয়— খেসারি ডাল বেশি খেলে।
- পোলিও ভাইরাস— দূষিত খাদ্য ও জল দ্বারা শরীরে প্রবেশ করে।
- লাল পিঁপড়ে ও মাকড়সা থেকে প্রাপ্ত অ্যাসিডটি হল— Formic Acid।
- ফিতাকৃমি সংক্রমণ হয়— শুকরের মাংস খেলে।
- হৃৎপিণ্ডের রোগগুলির কারণ— রক্তে কোলেস্টেরল বৃদ্ধি।
- ডেঙ্গু জ্বর যে কারণে হয়— ভাইরাসের আক্রমণে।
- বাজরা, ভুট্টা, গম এদের মধ্যে ক্যালশিয়াম বেশি থাকে— গমে।
- জন্ডিস যে অঙ্গকে আক্রান্ত করে— লিভার।
- এইডস রোগের ভাইরাস— রক্তে T কোষের বৃদ্ধি কমিয়ে দেয় যা রোগ প্রতিরোধ ক্ষমতা কমিয়ে দেয়।
- টেট্রাসাইক্লিন ওষুধ ব্যবহৃত হয়— প্লেগ রোগ প্রতিরোধে।
- একটি বংশগত রোগ থ্যালাসেমিয়া আক্রান্ত করে রক্তকে।
- ফ্রিজে খাবার রাখলে তা সহজে ডিকম্পোজড হয় না।
- পোলিও, ডিপথেরিয়া, অ্যাঞ্জাইনা রোগগুলির মধ্যে যার প্রতিষেধক পাওয়া সম্ভব নয়— অ্যাঞ্জাইনা।
- মাদক দ্রব্য 'হ্যাসিস' আমাদের চিন্তা ও অনুভূতি ও প্রত্যক্ষণকে ব্যাহত করে।
- খাদ্য জমা রাখার একটি আদর্শ গুদাম হবে— ঠান্ডা, শুষ্ক ও পোকামাকড়-মুক্ত।
- মায়ের দুধে গোরুর দুধ অপেক্ষা কম ফ্যাট ও লিপিড থাকে।
- বিভিন্ন অ্যানস্যাচুরেটেড ফ্যাটি অ্যাসিড বেশি থাকে— সূর্যমুখী তেলে।
- দু'টি ধাতুর মিশ্রণকে বলে— অ্যালয়।
- এইডস = Acquired Immune Deficiency Syndrome।
- ফলের রস সংরক্ষণে ব্যবহৃত হয়— সোডিয়াম বেঞ্জয়েট।
- সরিষা— দানাশস্য নয়।
- উচ্চ ফলনশীল শস্যের বৈশিষ্ট্যগুলি— উচ্চফলন, খরা প্রতিরোধক, রোগাক্রান্ত না হওয়ার প্রবণতা।
- আলুর ধ্বসা (ব্লাইট) রোগ প্রতিরোধে ব্যবহৃত হয়— বোর্ডক্স মিশ্রণ।
- U P 308 ভ্যারাইটি যে শস্যের— গম।
- চাষের জমিতে চুন প্রয়োগ করা হয় — জমির ক্ষারত্ব বৃদ্ধি করতে।
- মরুভূমির উদ্ভিদদের বলা হয়— জাঙ্গল প্রকৃতির (জেরোফাইট)।
- তুলার তন্তুগুলি পাওয়া যায় তার বীজ থেকে।
- উচ্চ শ্রেণির উদ্ভিদরা যে রূপে নাইট্রোজেনকে দেহে গ্রহণ করে— শুধুমাত্র নাইট্রেট রূপে।
- টম্যাটো সসের সংরক্ষক— সোডিয়াম বেঞ্জয়েট।
- মিশ্র চাষের বিভিন্ন ফসল একইসঙ্গে একই জমি থেকে পুষ্টিলাভ করতে পারে।
- খয়রা উদ্ভিদ রোগটি হয়— জমিতে জিঙ্কের ঘাটতির কারণে।
- একই গাছ থেকে অঙ্গজ জনন পদ্ধতিতে প্রাপ্ত গাছগুলিকে বলা হয় ক্লোলন।
- উৎসেচক সবচেয়ে ভালো ক্রিয়া করতে পারে যে তাপমাত্রায়— 30°-40° সেলসিয়াস তাপমাত্রায়।
- শীতকালে গবাদি পশুর খাদ্য হিসেবে চাষ করা হয়— বারসিম এবং লুসার্নে।
- গবাদি পশুর কৃত্রিম প্রজননে ব্যবহৃত হয়— জৈবিক বীজ এবং কৃত্রিম পদ্ধতি।
- ধানের আগাছানাশক হিসেবে ব্যবহৃত হয়— 2-4-D (টু-ফোর-ডি)।
- ইউরিয়াতে নাইট্রোজেন যে রূপে থাকে— নাইট্রেট রূপে।

**কিছু ফলের ভক্ষিত অংশ**

| ফল | যে ধরনের ফল | ভক্ষিত অংশ |
|---|---|---|
| আপেল/ন্যাসপাতি | পোম | মাংসল থ্যালামাস |
| কলা | বেরি | মেসোকার্প |
| কাজুবাদাম | নাট | মাংসল থ্যালামাস, বীজপত্র |
| নারকেল | ড্রুপ | তরল এন্ডোস্পার্ম |
| শসা | পেপো | মেসোকার্প, এন্ডোকার্প |
| খেজুর | বেরি | মাংসল পেরিকার্প |
| ডুমুর | সাইকোনাস | মাংসল থ্যালামাস |
| কাঁঠাল | সিরোসিস | বৃতি, বীজ ও পেরিয়াঙ্থ |
| সরিষা | সিলিকুয়া | বীজ |
| টম্যাটো | বেরি | পেরিকার্প ও অমরা |
| স্ট্রবেরি | ইটারিও অব অ্যাকিন | মাংসল থ্যালামাস |
| আনারস | সিরসির | বৃতি |
| পেঁপে | বেরি | মেসোকার্প |
| কমলালেবু | হেসপিরিডিয়াম | রসাল অমরা |
| ছোলা/মটর | লেগিউম | বীজপত্র |
| ধান/গম/ভুট্টা | ক্যারিওপসিস | শ্বেতসারযুক্ত এন্ডোস্পার্ম |
| পেয়ারা | বেরি | থ্যালামাস ও পেরিকার্প |
| লিচু | সোপবেরি | মাংসল এরিল |
| আম | ড্রুপ | মেসোকার্প |
| আঙুর | বেরি | পেরিকর্প ও অমরা |

- ডালজাতীয় শস্যগুলি বাতাসের নাইট্রোজেনকে মাটিতে আবদ্ধ করে তাদের শিকড়ের অর্বুদ দ্বারা (শিম্বোগোত্রীয়)।
- একটি মিশ্র রাসায়নিক সার— NPK।
- অ্যালুমিনিয়াম ফসফাইট, মিথাইল ব্রোমাইড ব্যবহৃত হয়— ফিউমিগ্যান্ট হিসেবে।
- টিসু কালচার থেকে চারা রোপণ করলে গাছের বৃদ্ধি ও ফলন একইরকম হবে।
- জমিতে বীজ বোনার আগে বীজগুলি যে ছত্রাকনাশক দ্বারা শোধন করা হয়— অ্যাগ্রোসান ও সেরেসান।
- টকজাতীয় ফলগুলি যে ধাতুর পাত্রে রাখা যাবে না— তামা।
- সবুজ সার— ডালজাতীয় শস্যের চাষ ও জমি কর্ষণ।
- একইরকম বৈশিষ্ট্যের চারা একই সঙ্গে অনেকগুলি পাওয়ার জন্য করা হয়— টিস্যুকালচার।
- গুদামে রোগ-পোকা দমনের জন্য যে রাসায়নিক সবচেয়ে ভালো— বি এইচ সি।
- দানাশস্য সংরক্ষণের গুদামে আর্দ্রতা 14%-এর বেশি হবে না।
- কোষের শক্তিঘর বা রান্নাঘর বলা হয় মাইটোকনড্রিয়াকে।
- MR (Magetic Resonance)— দেহের প্রতিচ্ছবি তৈরি হয়।
- যা উদ্ভিদ কোষে থাকে কিন্তু প্রাণী কোষে থাকে না— কোষপ্রাচীর ও প্লাসটিড।
- কোষের ভৌত গঠনের জন্য দায়ী— প্রোটোপ্লাজম।
- প্লাসমিড একটি বহিঃক্রোমোজমীয় বংশগতির পদার্থ।
- অঙ্কজিন হল টিউমার গঠনের জন্য দায়ী একটি জিন।
- কর্ক কোষের মধ্য দিয়ে জল প্রবেশ করতে না পারার কারণ— সুবেরিন।
- স্তন্যপায়ীদের একটি পরিণত নিউক্লিয়াসবিহীন কোষ— এরিথ্রোসাইট (RBC)।
- আলো এবং তাপ রাসায়নিক ক্রিয়া ঘটে কোষের যে অঙ্গাণুতে— ক্লোরোপ্লাস্ট।
- বংশগতির অদ্বিতীয় বাহক DNA অণু কারণ এটি নিজেই নিজের প্রতিরূপ তৈরি করতে পারে।
- কোষের ক্ষুদ্রতম অঙ্গাণু— রাইবোজোম। যাকে কোষের প্রোটিন ফ্যাক্টরি বলে।
- কোষের আত্মঘাতী থলি বলা হয় যে অঙ্গাণুকে— লাইসোজোম।
- নিউক্লিয়াসকে যিনি নামকরণ ও চিহ্নিতকরণ করেন— রবার্ট ব্রাউন।
- ক্রোমোজোম তৈরি হয় ডি এন এ শৃঙ্খলিত হয়ে।
- প্রাণীকোষে থাকে কিন্তু উদ্ভিদ কোষে থাকে না— লাইসোজোম ও সেন্ট্রোজোম।
- ক্রেবস চক্র ঘটে মাইটোকনড্রিয়াতে।
- ব্যাক্টেরিয়া ও প্রক্যারিওটিক কোষগুলিতে থাকে না ভ্যাকুউল, মাইটোকনড্রিয়া, গলগিবডি।
- যে ঘনত্বের দ্রবণে কোষকে ডোবালে তার আয়তনের কোনওই পরিবর্তন হবে না— আইসোটনিক দ্রবণ।
- ক্রসিংওভার ঘটে যে প্রকার কোষ বিভাজনে— মিয়োসিস (প্যাকোটিন উপদশা)।
- রক্তের কণাগুলির ভাগের হার— 45%।
- প্রথম কৃত্রিম পাতা আবিষ্কার করেন— ডঃ জন টারনার।
- মাইটোসিস কোষ বিভাজনের ধাপগুলি যথাক্রমে— প্রফেজ, মেটাফেজ, অ্যানাফেজ এবং টেলোফেজ।
- ক্যারোটিন, ক্লোরোফিল, অ্যানথোসায়ানিন, জ্যান্তফিল রঞ্জকগুলির মধ্যে যেটি জলে দ্রবণীয়— অ্যানথোসায়ানিন।
- এক অণু গ্লুকোজ ভেঙে— 38 অণু ATP উৎপন্ন হয় (Adenosine Tri-phosphate)।
- অবাত শ্বসনে এক অণু গ্লুকোজ থেকে দুই অণু ATP অণু উৎপন্ন হয়।
- জিনের একক DNA।
- কোষ সরাসরি শক্তি পায় যা থেকে— ATP।
- কোষের প্রোটিন সংশ্লেষণের জন্য দায়ী— রাইবোজোম।
- মিয়োসিস কোষ বিভাজনের যে দশায় সাইন্যাপসিস ঘটে— জাইগোটিন।
- অন্তঃকোষের বিপাকের জন্য দায়ী লাইসোজোম।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশনে ১০৭ ট্রেনি

১০৭ জন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ট্রেনি ও আই টি আই ট্রেনি/ল্যাব অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি) ট্রেনি/অ্যাসিস্ট্যান্ট (মেটিরিয়াল/স্টোরকিপার) ট্রেনি নেবে ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন (এন টি পি সি)। নিয়োগ করা হবে ওড়িশায় সংস্থার দারিপল্লি সুপার থার্মাল পাওয়ার প্রোজেক্টে। প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NTPC/ER-II HQ/Bhubaneswar: 01/2018.

**শূন্যপদের বিন্যাস: ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ট্রেনি: মেকানিক্যাল:** শূন্যপদ ২৮টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৩)। **ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ ১৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১)। **কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন:** শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১)। **সিভিল:** শূন্যপদ ২টি (সাধারণ)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এবং সিভিলের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। মোট অন্তত ৭০ শতাংশ নম্বর থাকতে হবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই চলবে।

**আই টি আই ট্রেনি/ল্যাব অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি) ট্রেনি/অ্যাসিস্ট্যান্ট (মেটিরিয়াল/স্টোরকিপার) ট্রেনি: ফিটার:** শূন্যপদ ২২টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ২)। **ইলেক্ট্রিশিয়ান:** শূন্যপদ ১২টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১)। **ইনস্ট্রুমেন্ট মেকানিক:** শূন্যপদ ৮টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। **ল্যাব অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি):** শূন্যপদ ৬টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১)। **অ্যাসিস্ট্যান্ট মেটিরিয়ালস/স্টোরকিপার:** শূন্যপদ ৪টি (সাধারণ)। **শিক্ষাগত যোগ্যতা:** ফিটার, ইলেক্ট্রিশিয়ান ও ইনস্ট্রুমেন্ট মেকানিক ট্রেডের ক্ষেত্রে মাধ্যমিক-সহ সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ করে থাকতে হবে। ল্যাব অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি) ট্রেডের ক্ষেত্রে বি এসসি। অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। অথবা ইন্ডাস্ট্রিয়াল বা অ্যাপ্লায়েড কেমিস্ট্রিতে স্নাতক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। অ্যাসিস্ট্যান্ট মেটিরিয়াল/স্টোরকিপারের ক্ষেত্রে স্টোরকিপিংয়ে এন সি টি ভি টি স্বীকৃত কোর্স পাশ। অথবা মাধ্যমিক পাশ-সহ ফিটার বা ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্ট মেকানিক ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ করে থাকতে হবে। উভয় ক্ষেত্রেই ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দের গতিতে টাইপিংয়ের বা মিনিটে ১৫০টি কি ডিপ্রেশনের দক্ষতা থাকা বাধ্যতামূলক। এম এস অফিস-সহ কম্পিউটার অপারেশনে দক্ষতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ২৪-১১-২০১৮ তারিখে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ট্রেনি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে এবং বাকি পদগুলির ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট মাসিক ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ট্রেনি পদের ক্ষেত্রে মাসিক ১৫,৫০০ টাকা এবং বাকি পদগুলির ক্ষেত্রে মাসিক ১১,৫০০ টাকা। **বেতনক্রম:** ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ট্রেনি পদের ক্ষেত্রে ১৫,৫০০-৩৪,৫০০ টাকা। বাকি পদগুলির ক্ষেত্রে ১১,৫০০-২৬,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র ওড়িশার ভুবনেশ্বর, কটক, রাউরকেল্লা, বেরহামপুর, বালাসোর। ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ট্রেনি পদের ক্ষেত্রে দু'পর্যায়ে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং। মোট ১২০ নম্বর। সময় ২ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশ্ন। মোট ১২০ নম্বর। সময় ২ ঘণ্টা। উভয় ক্ষেত্রেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। আই টি আই ট্রেনি/ল্যাব অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি) ট্রেনি/অ্যাসিস্ট্যান্ট (মেটিরিয়ালস/স্টোরকিপার) ট্রেনি পদের ক্ষেত্রে একটিই মাত্র পরীক্ষা হবে। পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টে থাকবে বিষয়ভিত্তিক প্রশ্ন (৭০ নম্বর) ও দ্বিতীয় পার্টে থাকবে অ্যাপ্টিটিউড টেস্ট (৫০ নম্বর)। সময় ২ ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntpccareers.net প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ নভেম্বর পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। তফসিলি, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে লাগবে না। পে-ইন-স্লিপের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: 30987919993 at CAG branch (Branch Code: 09996), New Delhi. পে-ইন-স্লিপের প্রিন্ট আউট পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকে। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাষ্ট্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক

রাষ্ট্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়গুলিতে লেকচারার/অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষা নেবে ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ। যোগ্যতামান যাচাই করা হবে ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট (নেট-২)-২০১৮-এর মাধ্যমে। পরীক্ষাটি পরিচালনা করবে এগ্রিকালচারাল সায়েন্টিস্টস রিক্রুটমেন্ট বোর্ড। পরীক্ষা চলবে ২৭ থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত। এই পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। পরীক্ষার বিজ্ঞপ্তি নম্বর 3(1)/2018-Exam-II.

**নিয়োগ করা হবে এই সব বিষয়ে:** এগ্রিকালচারাল বায়োটেকনোলজি, এগ্রিকালচারাল এন্টোমোলজি, এগ্রিকালচারাল মাইক্রোবায়োলজি, ইকনমিক বটানি অ্যান্ড প্ল্যান্ট জেনেটিক রিসোর্সেস, জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং, নেমাটোলজি, প্ল্যান্ট বায়োকেমিস্ট্রি, প্ল্যান্ট প্যাথোলজি, প্ল্যান্ট ফিজিওলজি, সিড সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ফ্লোরিকালচার অ্যান্ড ল্যান্ডস্কেপিং, ফ্রুট সায়েন্স, স্পাইসেস, প্লান্টেশন অ্যান্ড মেডিসিনাল অ্যান্ড অ্যারোমাটিক প্ল্যান্টস, ভেজিটেবল সায়েন্স, অ্যানিম্যাল বায়োকেমিস্ট্রি, অ্যানিম্যাল বায়োটেকনোলজি, অ্যানিম্যাল জেনেটিক্স অ্যান্ড ব্রিডিং, অ্যানিম্যাল নিউট্রিশন, অ্যানিম্যাল ফিজিওলজি, অ্যানিম্যাল রিপ্রোডাকশন অ্যান্ড গাইনিকোলজি, ডেয়ারি কেমিস্ট্রি, ডেয়ারি মাইক্রোবায়োলজি, ডেয়ারি টেকনোলজি, লাইভস্টক প্রোডাক্ট টেকনোলজি, লাইভস্টক প্রোডাকশন ম্যানেজমেন্ট, পোল্ট্রি সায়েন্স, ভেটেরিনারি মেডিসিন, ভেটেরিনারি মাইক্রোবায়োলজি, ভেটেরিনারি প্যারাসাইটোলজি, ভেটেরিনারি প্যাথোলজি, ভেটেরিনারি ফার্মাকোলজি, ভেটেরিনারি পাবলিক হেলথ, ভেটেরিনারি সার্জারি, অ্যাকোয়াকালচার, ফিশারিজ রিসোর্স ম্যানেজমেন্ট, ফিশ প্রসেসিং টেকনোলজি, ফিশ নিউট্রিশন, ফিশ হেলথ, ফিশ জেনেটিক্স অ্যান্ড ব্রিডিং, এগ্রিকালচারাল কেমিক্যালস, এগ্রিকালচারাল মেটিওরোলজি, অ্যাগ্রোফরেস্ট্রি, অ্যাগ্রোনমি, এনভায়রনমেন্টাল সায়েন্স, সয়েল সায়েন্সেস, এগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, এগ্রিকালচারাল ইকনমিক্স, এগ্রিকালচারাল এক্সটেনশন, এগ্রিকালচারাল স্ট্যাটিস্টিক্স, হোম সায়েন্স, ফার্ম মেশিনারি অ্যান্ড পাওয়ার, কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড আই টি, ল্যান্ড অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, বায়োইনফর্মেটিক্স, ফুড টেকনোলজি, এগ্রিকালচারাল স্ট্রাকচার অ্যান্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং এবং ভেটেরিনারি অ্যানাটমি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। **বয়স:** ১-৭-২০১৮ তারিখে অন্তত ২১ বছরের হতে হবে। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

১৫০ নম্বরের অনলাইন কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র ব্যারাকপুর (সেন্টার কোড ৫)।

অনলাইন আবেদন করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনওটির মাধ্যমে: www.asrb.org.in অথবা www.icar.org.in অনলাইন আবেদন করা যাবে ৯ নভেম্বর থেকে ২৯ নভেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি ফর্ম্যাটে ১৫০ কেবি সাইজের মধ্যে, অবশ্যই সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ড থাকতে হবে) এবং কালো কালিতে করা সই (জে পি জি ফর্ম্যাটে ৮০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (ও বি সিদের ক্ষেত্রে ৫০০ টাকা এবং তফসিলি, মহিলা ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০১১-২৫৮৪ ৮১৭২/৬১৬৬। ই-মেল: net2018@asrb.org.in

# নেভিতে অফিসার

## বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ তরুণরা আবেদন করবেন

বেশ কিছু টেকনিক্যাল অফিসার নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। ট্রেনিং দিয়ে নিয়োগ করা হবে ১০+২ (বি টেক) ক্যাডেট এন্ট্রি স্কিমের মাধ্যমে, পার্মানেন্ট কমিশনের জন্য। কোর্স শুরু হবে ২০১৯-এর জুলাই মাস থেকে। কেবলমাত্র অবিবাহিত পুরুষরা আবেদন করতে পারবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্কে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। পাশাপাশি, মাধ্যমিক অথবা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। সেই সঙ্গে বি ই বা বি টেক পড়ার জন্য সর্বভারতীয় জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেন), ২০১৮ পরীক্ষায় প্রার্থীকে অবশ্যই উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫২ সেমি)। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। **দৃষ্টিশক্তি:** ন্যূনতম দূরের ক্ষেত্রে ৬/৬, ৬/৯ হওয়া চাই, চশমা-সহ ৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রাতকানা হলে বা বর্ণান্ধতা থাকলে আবেদন করবেন না।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ২-১-২০০০ থেকে ১-৭-২০০২-এর মধ্যে।

প্রার্থী বাছাই করা হবে সার্ভিস সিলেকশন বোর্ডের দু'পর্যায়ের ইন্টারভিউয়ের মাধ্যমে। জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেন), ২০১৮-র অল ইন্ডিয়া র‍্যাঙ্কের ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের জানুয়ারি থেকে এপ্রিল মাসের মধ্যে ইন্টারভিউ হবে কলকাতা বা ভোপাল বা কোয়েম্বাটুর বা বিশাখাপত্তনম বা বেঙ্গালুরুতে। ইন্টারভিউয়ের প্রথম পর্যায়ের পরীক্ষায় ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন টেস্ট এবং গ্রুপ ডিসকাশন হবে। এই পরীক্ষায় ব্যর্থ হলে সেদিনই প্রার্থীকে ফেরত পাঠিয়ে দেওয়া হবে। সফল হলে দ্বিতীয় ধাপের পরীক্ষায় থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্টিং ও ইন্টারভিউ। ইন্টারভিউ চলবে ৪ দিন ধরে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন হবে। গোটা প্রার্থী বাছাই পরীক্ষা চলবে ৩-৫ দিন ধরে। প্রথমবার ইন্টারভিউ দিতে গেলে এসি থ্রি টিয়ারের রেলভাড়া পাবেন।

চূড়ান্ত সফল প্রার্থীদের কেরলের এঝিমালা ন্যাভাল অ্যাকাডেমিতে ৪ বছরের বি টেক কোর্স করতে পাঠানো হবে। বি টেক পড়ানো হবে এই সব বিষয়ে: অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। কোর্সের শেষে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় থেকে বি টেক ডিগ্রি পাবেন। প্রশিক্ষণের সমস্ত ব্যয়ভার বহন করবে নৌবাহিনী। ট্রেনিংয়ে সফলদের সাব-লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ করা হবে। শুরুতে সর্বমোট বেতন: ৮৩,৪৪৮ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। কম্যান্ডার র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। রেজিস্ট্রেশন করা যাবে ৩ নভেম্বর থেকে ২২ নভেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণ করার সময় পি ডি এফ ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো-সহ বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। যথাযথভাবে অনলাইন দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। প্রিন্ট আউট-সহ যাবতীয় নথিপত্রের মূল কপি ইন্টারভিউয়ের সময় সঙ্গে রাখবেন।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ১৫০ ডেন্টাল সার্জেন ও সিনিয়র আয়ুর্বেদিক মেডিক্যাল অফিসার

সিনিয়র আয়ুর্বেদিক মেডিক্যাল অফিসার এবং ডেন্টাল সার্জেন পদে ১৫০ জনকে নিয়োগ করবে রাজ্য সরকার। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এখন অস্থায়ীভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে।

**শূন্যপদের বিবরণ: ডেন্টাল সার্জেন-কাম-ক্লিনিক্যাল টিউটর/ডেমনস্ট্রেটর:** ৫২টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৩, ও বি সি-এ ৬, ও বি সি-বি ৪, দৈহিক প্রতিবন্ধী ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** ব্যাচেলর অব ডেন্টাল সার্জারি (বি ডি এস) কোর্স পাশ, সঙ্গে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ওয়েস্ট বেঙ্গল স্টেট ডেন্টাল কাউন্সিল বা ডেন্টাল কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ২২ থেকে ৩৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/DSTD/54(1)/2018.

**সিনিয়র আয়ুর্বেদিক মেডিক্যাল অফিসার:** ৯৮টি (সাধারণ ৪৬, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ৮, ও বি সি-এ ১০, ও বি সি-বি ৯, দৈহিক প্রতিবন্ধী ৩)।

**শিক্ষাগত যোগ্যতা:** আয়ুর্বেদে স্নাতক, সঙ্গে পশ্চিমবঙ্গ আয়ুর্বেদিক পরিষদ বা সেন্ট্রাল কাউন্সিল অব ইন্ডিয়ান মেডিসিনে চিকিৎসক হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় বলতে ও লিখতে জানতে হবে। আয়ুর্বেদে পোস্ট-গ্র্যাজুয়েশন করে থাকলে ও আয়ুর্বেদিক মেডিক্যাল অফিসার হিসেবে কোনও স্বাস্থ্যপ্রতিষ্ঠানে বা হাসপাতালে ছয় মাসের কাজের অভিজ্ঞতা থাকলে অথবা রেজিস্টার্ড আয়ুর্বেদিক প্র্যাক্টিশনার হিসেবে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকলে নিয়মানুসারে বয়সের ছাড় পাওয়া যেতে পারে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/Sr.Ayur.MO/55(1)/2018.

উভয় ক্ষেত্রেই প্রার্থী বাছাই করা হবে পরীক্ষা বা ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in দরখাস্তের শেষ তারিখ ৫ নভেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট এবং কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট আপলোড করতে হবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এয়ারপোর্টস অথরিটিতে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

৬৪ জন জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (ফায়ার সার্ভিস) নেবে এয়ারপোর্টস অথরিটি অব ইন্ডিয়া। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/2018/ER-Rectt. (Jr.Asstt.(FS).

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৪৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৮। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। সেই সঙ্গে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা অটোমোবাইল বা ফায়ারে ৩ বছরের ডিপ্লোমা। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। প্রার্থীর হেভি বা মিডিয়াম বা লাইট ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকা বাধ্যতামূলক। মিডিয়াম ভেহিক্যাল লাইসেন্স ৩ নভেম্বর ২০১৮ তারিখের অন্তত এক বছরের বেশি এবং লাইট ভেহিক্যাল লাইসেন্স অন্তত ২ বছরের বেশি পুরনো হতে হবে। এন সি সি 'বি' সার্টিফিকেট থাকলে বা বেসিক ফায়ার ফাইটিং ট্রেনিং কোর্স করা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ৩০-৯-২০১৮ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৬৭ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ৮১ সেমি। অন্তত ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকা চাই। ওজন: অন্তত ৫৫ কেজি (মহিলাদের ক্ষেত্রে ৪৫ কেজি)। **দৃষ্টিশক্তি:** দূরের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬। কাছের ক্ষেত্রে উভয় চোখে এন-৫।

**বেতনক্রম:** ১২,৫০০-২৮,৫০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aai.aero অনলাইন দরখাস্ত করা যাবে ৫ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সেইলে ২২৭ ট্রেনি টেকনিশিয়ান, ট্রেনি নার্সিং সিস্টার, সিস্টার টিউটর

*প্রথম পাতার পর*

শাখায় ৩ বছর মেয়াদের ডিপ্লোমা। **বয়স:** ৪-১২-২০১৮ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড: প্রতি মাসে প্রথম বছরে ১০,৭০০ টাকা এবং দ্বিতীয় বছরে ১২,২০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষের পর বেতনক্রম ১৬,৮০০-২৪,১১০ টাকা।

**অপারেটর-কাম-টেকনিশিয়ান (বয়লার অপারেটর):** ২৮টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৩)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও একাধিক প্রতিবন্ধকতা আছে এমন ব্যক্তির জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা কেমিক্যাল বা পাওয়ার প্ল্যান্ট বা প্রোডাকশন বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা। এর পাশাপাশি প্রথম শ্রেণির বয়লার অ্যাটেন্ড্যান্ট কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। **বয়স:** ৪-১২-২০১৮ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৬,৮০০-২৪,১১০ টাকা।

**দৈহিক মাপজোক:** উভয় পদের ক্ষেত্রেই উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৫৫ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে ১৪৩ সেমি হতে হবে। ওজন পুরুষদের ক্ষেত্রে অন্তত ৪৫ কেজি এবং মহিলাদের ক্ষেত্রে অন্তত ৩৫ কেজি হতে হবে। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে পুরুষদের ক্ষেত্রে যথাক্রমে ৭৫ সেমি ও ৭৯ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে যথাক্রমে ৭০ সেমি ও ৭৩ সেমি। **দৃষ্টিশক্তি:** দূরের ক্ষেত্রে চশমা-সহ বা চশমা ছাড়া ৬/১২। কাছের ক্ষেত্রে উভয় চোখে জে ১ বা এন ৬ হতে হবে। চশমার পাওয়ার প্লাস মাইনাস, ৪.০ ডি-র বেশি হওয়া চলবে না। বর্ণান্ধতা ও রাতকানা রোগ থাকা চলবে না।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্ট বা ট্রেড টেস্টের মাধ্যমে। সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষাকেন্দ্র ভুবনেশ্বর, কটক, রৌরকেল্লা এবং সম্বলপুর।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2018.

**নার্সিং সিস্টার ট্রেনি:** ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** নার্সিংয়ে বি এসসি অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর থাকতে হবে। নার্সিং কাউন্সিল অব ইন্ডিয়া বা স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৪-১২-২০১৮ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড: প্রতি মাসে প্রথম বছরে ১০,৭০০ টাকা এবং দ্বিতীয় বছরে ১২,২০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষের পর বেতনক্রম: ১৬,৮০০-২৪,১১০ টাকা।

**সিস্টার টিউটর:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ নার্সিংয়ে এম এসসি অথবা বেসিক বা পোস্ট-বেসিক বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ নার্সিং এডুকেশন অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশনে ডিপ্লোমা। ডিপ্লোমা বা ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছর এবং এম এসসি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। নার্সিং কাউন্সিল অব ইন্ডিয়া বা স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। **বয়স:** ৪-১২-২০১৮ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৬,৮০০-২৪,১১০ টাকা।

**দৈহিক মাপজোক:** উভয় পদের ক্ষেত্রেই উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৫০ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে ১৪৩ সেমি হতে হবে। ওজন পুরুষদের ক্ষেত্রে অন্তত ৪০ কেজি এবং মহিলাদের ক্ষেত্রে অন্তত ৩৫ কেজি হতে হবে। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে পুরুষদের ক্ষেত্রে যথাক্রমে ৭৫ সেমি ও ৭৯ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে যথাক্রমে ৭০ সেমি ও ৭৩ সেমি। **দৃষ্টিশক্তি:** দূরের ক্ষেত্রে চশমা-সহ বা চশমা ছাড়া উভয় চোখে ৬/১৮। কাছের ক্ষেত্রে উভয় চোখে জে ২ বা এন ৮ হতে হবে। চশমার পাওয়ার প্লাস মাইনাস, ৪.০ ডি-র বেশি হওয়া চলবে না। রাতকানা রোগ থাকা চলবে না।

সবক'টি পদের ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল বা ট্রেড টেস্টের মাধ্যমে। সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষাকেন্দ্র রৌরকেল্লা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/2018.

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৫ নভেম্বর থেকে ৪ ডিসেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপিজি বা জে পি ই জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (৫০ কেবি সাইজের মধ্যে), সই (২০ কেবি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। এছাড়া অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।

- অনলাইনে দরখাস্ত পূরণ করে সাবমিটের পর সিস্টেম জেনারেটেড রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে
# ১১৫ প্রফেসর

তেলঙ্গানার ওয়ারাঙ্গলের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে ১১৫ জন প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০২/২০১৮। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nitw.ac.in শেষ তারিখ ৫ ডিসেম্বর। বিস্তারিত জানার জন্য ৩ নভেম্বরের পর চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।







স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in